WE'VE MOVED!
YOUR FAMILY CHEMIST
755 Punchbowl Road
Punchbowl
We have
Your Health Interest At HEART
Telephone: (02) 9790 2377

# সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper সত্যের সাথে সব সময়
# Suprovat Sydney

LTC Lakemba Travel Centre
Amer Yassine
Manager
Lakemba Travel Centre
8/61-67 Haldon Street
Lakemba NSW 2195
Sydney, Australia
P +61 29750 5000
F +61 2950 5500
e info@lakembatravel.com.au
w www.lakembatravel.com.au

## The only Bangladeshi Newspaper in Australia

Suprovat Sydney, January-2024, Volume-16, No-01 ISSN 2202-4573 www.suprovatsydney.com.au

## EXCEPTIONAL LEADERSHIP AND DEDICATION
# A Report on Hon Matt Thistlethwaite MP




**Dr. Faroque Amin, Editor**

Hon Matt Thistlethwaite MP, currently serving as the Assistant Minister for Defence, Assistant Minister for Veterans' Affairs, and Assistant Minister for the Republic, and the Federal Member for Kingsford Smith, has a distinguished political career. Previously an Australian Senator from 2011 to 2013, he transitioned to the House of Representatives for Kingsford Smith, New South Wales in 2013. Hon Matt Thistlethwaite *Continued on page 5*

# সিডনিতে ইজতেমা ও বাংলাদেশে বিশ্ব ইজতেমা



**সুপ্রভাত সিডনি রিপোর্ট**

সিডনিতে মুসলমানদের বাৎসরিক সর্ববৃহৎ দ্বীনি জমায়েত বা ইজতিমা অনুষ্ঠিত হয়েছে গত ২২,২৩,২৪ এবং ২৫ তারিখ ফজরের নামাজের পর হিদায়েতের বয়ান শেষে বিশেষ দু'আর মাধ্যমে। প্রতি বছরের ন্যায় এবছরও মসজিদ আল নূর সাউথ গ্রেনভিলে অনুষ্ঠিত ধর্মপ্রাণ মুসলমানদের প্রাণের ইজতিমা। বাংলাদেশ, পাকিস্তান, ভারত, ক্যানাডা, ইংল্যান্ড থেকে বেশ কিছু দ্বীনের জামাত এসেছে দাওয়াতের কাজ নিয়ে। শুক্রবার আসর নামাজের পর বয়ানের মাধ্যমে শুরু হয় আনুষ্ঠানিক কার্যক্রম। *৩-এর পৃষ্ঠায় দেখুন*

# Bangladesh: Election must be held under constitution BUT.....!?




As per the constitution, Bangladesh gears up for its 12th national parliamentary election on 7 January 2024, the political landscape is rife with complexities and concerns. The rivalry between the ruling Awami League *Continued on page 12*

### সিডনিতে মাহিউদ্দিন স্মরণে দোয়া মাহফিল
বিস্তারিত পৃষ্ঠা-২১

### মজলুম ফিলিস্তিন ও মুসলমানদের পরাজিত মানসিকতা
বিস্তারিত পৃষ্ঠা-১০

RSS LAWYERS
Solicitors & Barristers
Lakemba: Suite 2A, Level 1, 108 Haldon Street, Lakemba NSW 2195
Gregory Hills: 1B Warrigal Street, Gregory Hills NSW 2557
T: 02 8712 7913 M: 0468 683 138
E: info@rsslawyers.com.au W: rsslawyers.com.au
AREAS OF PRACTICE
- Conveyancing of Residential & Commercial Property
- Traffic & Criminal Law
- Family Law
- Wills & Probate
- Business & Commercial Law




Rubel Miah
Principal Solicitor
All posted correspondence to PO Box: 1209, Lakemba NSW 2195
Copyright protected by Suprovat Sydney

Looking for a HALAL FINANCE?
Insaaf
SAVING PEOPLE FROM RIBA
- Fully Shariah Compliant Financial Solution
- Legitimate & Secure Asset-Backed Financing
- Transparent, Responsible & Reliable
FOR MORE INFO
1300 008 786
SEARCH US
www.insaaf.com.au
EMAIL US
info@insaaf.com.au
VISIT US AT
Suite 1 89 Haldon Street
Lakemba NSW 2195
ACN: 614 678 956
ACL: 499 826
VEHICLE FINANCE
PROPERTY FINANCE
BUSINESS ASSET FINANCE*
*Terms & Conditions Apply

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper | সত্যের সাথে সব সময়
Sydney, January-2024
Year-16


# New Pre-Employment Support for Parents



The Albanese Labor Government will introduce a new voluntary pre-employment service for parents from 1 November 2024, to replace the former government's ParentsNext program.

This is a reimagined program, that will support parents to achieve their education, employment and career goals, while keeping their family front and centre.

The design of the new program and its offerings is informed by consultation with parents and their real life experiences, and builds on the recommendations of experts, including the Women's Economic Equality Taskforce.

The service will be available to parents with young children under 6 years who are facing disadvantage and would like to access support to prepare for their future.

This is what single parents – the majority of whom are women – around the country have told the Government they want, and it's what we're delivering.

The previous government's program was punitive, counterproductive and caused harm. The new service will provide, on a voluntary basis:

- Pre-employment activities to assist parents who want to enter or re-enter the labour market.
- Qualified and experienced mentors to support parents while they are in the service.
- Improved and more transparent access to financial support to help parents engage in the new service and build their skills and capability.

The new service has been designed based on feedback from parents about the type of support they want, and will be delivered by providers with close connections to local communities.

The Government will continue consulting with parents on what support works best for them, including through a new Parents' Advisory Group. The current ParentsNext program will be extended until 31 October 2024, and will continue to be voluntary during that period. This will give certainty to parents taking part in the program. For more information, visit www.dewr.gov.au/new-voluntary-parent-service

*From Tony Burke MP website: https://www.tonyburke.com.au/ published as a joint media release - Ministers Gallagher & Burke.*



## Merry Christmas

I love that I'm part of a community that proudly celebrates their own traditions and openly welcomes all to join in. Wishing the peace and joy of Christmas for you, and for the whole world. Thank you to local students Phoebe, Lexi, Peter and Elisha for their incredible drawings.

*From Tony Burke MP Facebook page, published on 25 December 2023.*




## Australia in support of a ceasefire in Gaza

Australia has voted in favour of the UN resolution for a ceasefire in Gaza.

*From Tony Burke MP Facebook page, published on 13 December 2023.*




Whether it's wage theft or zombie agreements, my message to employers everywhere is simple: just pay people properly.

*From Tony Burke MP Facebook page, published on 22 December 2023.*



## Australia Music T-Shirt Day

Happy #AusmusicTShirtDay from the greatest pub rock band in the Australian Parliament 'Left Right Out'.

*From Tony Burke MP Facebook page, published on 30 November 2023.*

# More than 700,000 New Jobs Created Under the Albanese Labor Government

Under the Albanese Labor Government, the unemployment rate continues to have a '3' in front of it, wages growth has a '4' in front of it and more than 700,000 new jobs have been created.

Today's ABS Labour Force Figures show the unemployment rate remains at historic lows – coming in at 3.9 per cent. 2023 is the first year – since the ABS started recording monthly employment figures – where every unemployment figure has come in below 4 per cent.

The figures show, in November, employment increased by 61,500 – exceeding all market expectations.

- Importantly, 93 per cent of that was full-time employment, which rose by 57,000 to stand at a new record high of 9,905,900.
- The participation rate increased 0.2 per cent to an all-time high of 67.2 per cent.
- The female participation rate stood at an equal record high of 62.9 per cent.

This Government has created more jobs than any other first term government on record, and we're only halfway through the term. More Australians are working.

More Australians are working in secure jobs. Working Australians are being better paid. The Albanese Labor Government changed the law last year to better fund early childhood education, to improve flexibility in work and to close the gender pay gap.

The gender pay gap is now at its lowest level ever.

Female participation is at a record high. The number of women in jobs is at a record high. This is the Albanese Labor Government's policies working for Australia. We understand Australians are doing it tough and our economy is slowing – that's why we are rolling out tens of billions of dollars in cost-of-living relief, fixing the budget, and making welcome and encouraging progress in the fight against inflation.




It's also why we're doing everything we can to get wages moving. That's why the Government passed its Secure Jobs, Better Pay legislation last year – to get wages moving again and improve conditions for workers. That's why we passed our Closing Loopholes legislation through Parliament last week – to stop the underpayment of workers and improve safety in workplaces. Stopping the underpayment of workers is key to getting wages moving.

And wages are moving again, after a decade where they were kept deliberately low by the previous government. The latest Wage Price Index shows wages growing at 4 per cent.

This is the highest wage growth since 2009 and the highest ever quarterly growth in the history of the Wage Price Index.

Importantly we've also now seen two consecutive quarters of real wage increases. Peter Dutton and the Coalition spent a decade in government deliberately keeping wages low. They might be in Opposition now, but they're still committed to keeping wages low.

**It's why they said:**

- "No" to backing workers on the minimum wage.
- "No" to backing workers on awards.
- "No" to a 15 per cent pay rise for aged care workers.
- "No" to the Government's Secure Jobs, Better Pay laws.
- "No" to our Closing Loopholes laws.

Peter Dutton and the Opposition have now voted 36 times against legislation to get wages moving.

*From Tony Burke MP website: https://www.tonyburke.com.au/ published as a media release.*

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper | সত্যের সাথে সব সময়

# সিডনিতে ইজতেমা ও বাংলাদেশে বিশ্ব ইজতেমা

*১ম পৃষ্ঠার পর*



বিকেল থেকেই মানুষের সমাগম হতে থাকে। হাজারো মুসল্লির বিশাল বড় মসজিদের হলরুম উপচিয়ে পরে। মসজিদের বাইরে হাজারো লোকের জন্য বিশাল তাবু স্থাপন করেন আয়োজকরা। বেশ কিছু অতিরিক্ত শৌচাগার বসানো হয়েছে, তাছাড়া ওযুর জন্যে এবার আলাদা করে বেশ কিছু কল বসানো হয়েছে।

তাবলীগ শব্দটি এসেছে আরবি শব্দ বাল্লেগ থেকে। যার শাব্দিক অর্থ পৌঁছানো, প্রচার করা, প্রসার করা ইত্যাদি। আমাদের প্রিয় নবী (স.) বলেন, “আমার পক্ষ হতে একটিমাত্র বাণী হলেও তা অন্যের কাছে পৌঁছে দাও।” প্রতিটি নবী ও রাসূলকে একটি প্রধান কাজ দিয়ে এ দুনিয়াতে পাঠানো হয়েছে -সেটা হচ্ছে দাওয়াতের কাজ। এ নবীওয়ালা কাজের বরকতে সমগ্র বিশ্বে ব্যাপক পরিবর্তন আসছে। আল্লাহ পাকের অতি পছন্দনীয় এবং হ্যান্ড পিক ব্যক্তিদেরকে দিয়ে আল্লাহ্পাক দাওয়াতের কাজ করিয়েছেন। আমাদের শেষ নবীর পর যেহেতু কোনো নবী আর আসবেননা অথচ মানুষ আসতে থাকবে কেয়ামত পর্যন্ত। এদেরকে কে দাওয়াত দিবে ? অমুসলমানদেরকে কালিমার দাওয়াত আর মুসলমানদেরকে নেক আ’মলের দাওয়াত। বিশ্বের প্রতিটি দেশে এ হক্কের কাজ আল্লাহ্পাক প্রতিষ্ঠিত করেছেন। সমগ্র বিশ্বে মুসলমান সমাজ দাওয়াতের কাজে ধাবিত হচ্ছেন। সমগ্র বিশ্বেই ইজতিমা অনুষ্ঠিত হচ্ছে। ঈমানী দায়িত্ব ও দাওয়াতের কাজের প্রচার -প্রসার ঘটানোর জন্যই এ ইজতেমার আয়োজন করা হয় সমগ্র বিশ্বে। অস্ট্রেলিয়ার বিভিন্ন রাজ্যে বা প্রদেশে বছরের বিভিন্ন সময়ে এ ইজতিমা সম্পন্ন হয়ে থাকে।

নিজের জীবনে পূর্ণাঙ্গ দ্বীন কিভাবে আসবে এবং প্রতিটি মানুষ হেদায়েত প্রাপ্ত হয়ে কিভাবে বেহেস্তে যেতে পারে, এ ফিকির নিয়ে জামাত এলাকা থেকে এলাকায়,গ্রাম থেকে গ্রামে, জেলা থেকে জেলায়, দেশ থেকে দেশান্তরে মুসাফিরের মতো সফর করে থাকেন। চল্লিশ দিন, চার মাস বা এক বছর (আলেমদের জন্য) সাহাবাদের মতো ঘুরে ঘুরে দ্বীন প্রচার করেন। পার্থক্য এতুটুকুই, সাহাবীরা দাওয়াত দিয়েছেন অমুসলমানদেরকে আর এখন দাওয়াত দেয়া হচ্ছে মুসলমানদেরকে।


কারন, মুসলমানদের অবস্থা অতি শোচনীয়। মুসলমানরা দ্বীন থেকে দূরে সরে নানা শিরীকি, বেদাতি কাজে লিপ্ত হচ্ছেন। বেশিরভাগ মুসলমান নামাজ পড়েন না। ছোট একটি উদাহরণ দিলেই পরিষ্কার হবে। আপনার বাসায় বা আপনি যখন কোনো অনুষ্ঠানাদি করে থাকেন, আপনিসহ কত জন নামাজ পড়েন? আগত মেহমানদের ভিতর কত পার্সেন্ট নামাজ পড়েন? বেশিরভাগ লোকই বিভিন্ন অজুহাতে নামাজ বর্জন করেন। অথচ এক ওয়াক্ত নামাজে বর্জনের কারনে তাকে হয়তোবা লক্ষ লক্ষ বছর আগুনে জ্বলতে হবে। আল্লাহ পাক আমাদের সকলকে সহি শুদ্ধ ভাবে নামাজ কায়েম করার তৌফিক দান করুন (আমিন) । ইজতেমা থেকে সর্বমোট ৪৪টি জামাত বের হয়েছে সমগ্র অস্ট্রেলিয়াতে দ্বীন প্রচার ও প্রসারের জন্য। অস্ট্রেলিয়র বাইরে অর্থাৎ চারটি দেশে ভিন্ন চারটি জামাত যাবে একই নিয়তে। আল্লাহ্পাক প্রতিটি জামাতকে কবুল করুন (আমিন)।

উপমহাদেশের মুসলমানদের ইতিহাসের এক ক্রান্তিলগ্নে তাবলিগ জামাতের পুনরায় শুভ সূচনা হয়। বিংশ শতাব্দীর প্রখ্যাত ইসলামি চিন্তাবিদ ও সাধক হজরত মাওলানা ইলিয়াস আখতার কান্ধলভি (১৮৮৫-১৯৪৪ খ্রি.) দাওয়াতে তাবলিগ জামাতের পুনর্জাগরণ করেন। তৎকালীন ব্রিটিশ ভারতের রাজধানী দিল্লির দক্ষিণ পাশে অবস্থিত এক জনবিরল নীরব অঞ্চল ‘মেওয়াত’। চারিত্রিক বিপর্যস্ত ধর্মকর্মহীন, অশিক্ষিত ও কুসংস্কারাচ্ছন্ন নামেমাত্র মুসলমান ‘মেও’ জনগোষ্ঠীকে ইসলামের মৌলিক বিশ্বাস, ধর্মের পূর্ণাঙ্গ অনুশীলন ও কালেমার দাওয়াতি মর্ম শিক্ষাদান এবং বিভ্রান্তির কবল থেকে মুক্ত করার লক্ষ্যে হজরত মাওলানা ইলিয়াস (র.) তাবলিগ জামাতের কার্যক্রম পুনরায় শুরু করেন। ১৩৪৫ হিজরিতে দ্বিতীয় হজ্জ্ব থেকে ফিরে এসে তিনি দাওয়াতের কাজ জোরালো ভাবে শুরু করেন। জনসাধারণের মধ্যে কালেমা ও নামাজের দাওয়াত দিতে থাকেন। দ্বীনের জামাত বানিয়ে বিভিন্ন এলাকায় ঘুরে ঘুরে দাওয়াত দেন। এভাবে তিনি গ্রামে গ্রামে সৎ কাজ করার জন্য জামাত তথা দল তৈরি করে দিতেন। পবিত্র কোরান এবং হাদিস শরীফের মজ্জা থেকে ,সাহাবা (রা:) আজমাঈনদের পদাঙ্ক অনুসরন ও অনুকরণ করে এ দাওয়াতের কাজ অতি দ্রুত প্রসারিত হতে থাকে।

১৩৫২ হিজরিতে তৃতীয় হজ্জ্ব পালনের পর তিনি বুঝতে পারলেন যে গরিব মেওয়াতি কৃষকদের পক্ষে দ্বীন শেখার জন্য সময় বের করা কষ্টকর। ঘরসংসার ছেড়ে মাদ্রাসায় দ্বীন শেখাও অসম্ভব। ওয়াজ-নসিহতের মাধ্যমে সামগ্রিক জীবন পাল্টে দেওয়া বা জাহেলি বিশ্বাসকে পরিবর্তন করাও সম্ভব নয়। তাই ক্ষুদ্র দল বা ছোট ছোট জামাত আকারে ইলমি ও দ্বীনি প্রতিষ্ঠানগুলোয় গিয়ে সময় কাটানোর জন্য উদ্বুদ্ধ করলেন এবং ধর্মীয় পরিবেশে তালিম দিতে আরম্ভ করলেন। সেসব ধর্মীয় মজলিসে ওলামা-মাশায়েখদের ওয়াজ-নসিহতের পাশাপাশি তাদের দৈনন্দিন জীবনের নিয়মনীতি বাতলে দেওয়া হতো। মানুষ দ্বীনদার পরহেজগার লোকদের জীবনযাপন, কথাবার্তা, আচার-আচরণ, চালচলন গভীরভাবে পর্যবেক্ষণ করতেন।

একই সময়ে সিডনির ল্যাকেম্বায় আরেকটি ইজতেমা অনুষ্ঠিত হয় এবং দ্বীনের তাকাজা পূরণ করার জন্য বেশ কিছু জামাত আল্লাহর রাস্তায় মেহনত করার লক্ষে বের হয়। আল্লাহ্পাক সকলের মেহনতকে কবুল ও মনজুর করেন (আমীন)।

আগামী ২,৩,৪ ফেব্রুয়ারি ২০২৪ বাংলাদেশের বিশ্ব ইজতেমা অনুষ্ঠিত হতে যাচ্ছে টঙ্গীর তুরাগ নদীর তীরে। দেশের সবচেয়ে বড় ধর্মীয় জমায়েত ‘বিশ্ব ইজতেমাকে’ বলা হয়। সমগ্র বিশ্ব থেকে বিভিন্ন ভাষাভাষীর বিভিন্ন বর্ণের ধার্মিক মুসলমানরা এ ইজতিমায় অংশ নেয় বা নিবে।





সুপ্রভাত সিডনি™
সত্যের সাথে সব সময়
Trade Marked & Registered by Australian Government
ACN- 600 352 716 ABN- 93 600 352 716
Registration: BN 98533502
TM:1391330
Bangladesh Community Leading Newspaper In Australia

Suprovat Sydney Family

Legal Advisor: **Mr Hamad Zreika** (Special Counsel)
Advisory Panel: **Mohinuddin Ahmed Zintu (Sweden), Shibly Sohail (Australia), Shahidul Islam Nannu (Japan)**
Editor in Chief: **Md Abdullah Yousuf**
Editor: **Dr Faroque Amin**
Special Division Editor: **Ahmed Raju**
Distribution: **Arif Rahman**
Webmaster: **Golam Mostafa**
Assist Webmaster: **Mahmud chowdhury**
Graphic Designer: **Md Mizanur Rahman**
Composer: **Sumon Islam**
Delivery: **Apostolo**

Reporter
**Habib Hasan, Abul Bashar, Dr Fakir Munshi, Javed kawser, Iqbal Mahmud**
**Md Rashedul Islam**

SStv Live Streaming
**Noman Masum, Mohammed Zakir Hossain**

Sales & Marketing
**Hassan Jalil**

Columnist,project planner,social Media
**Nozaina**

Address
P.O Box- 398, Lakemba, NSW 2195, Australia.
MBL: 0423 031 546
E-mail
suprovat.ceo@gmail.com
Bank Details
Suprovat Sydney, BSB: 032 065 A/C 247 887




অস্ট্রেলিয়া থেকে প্রকাশিত একমাত্র বাংলাভাষী কমিউনিটি পত্রিকা সুপ্রভাত সিডনি'র পক্ষ থেকে আমাদের সকল পাঠক, লেখক, বিজ্ঞাপনদাতা ও শুভানুধ্যায়ীদেরকে জানাই নতুন বছরের শুভেচ্ছা। পাশাপাশি দক্ষিণ গোলার্ধ্বের এই মহাদেশ-রাষ্ট্র অস্ট্রেলিয়ায় বসবাসকারী সকল বাংলাদেশীদের জন্যও আমাদের শুভেচ্ছা রইলো। বাংলাভাষী পাঠকদের সেবায় সুপ্রভাত সিডনির দীর্ঘদের পথচলায় প্রবাসী বাংলাদেশীরাই আমাদের মূল অনুপ্রেরণা। আমরা প্রত্যাশা করি, বিগত বছরগুলোর মতো আগামী বছরও সুপ্রভাত সিডনি বাংলায় সংবাদ, সাহিত্য, তথ্য সহ নানাবিধ সেবা পরিবেশন করে যাবে।

তথ্যপ্রযুক্তি ও যোগাযোগব্যবস্থার অগ্রগতির সাথে সাথে পৃথিবীজুড়ে বেড়েছে সামাজিক যোগাযোগ মাধ্যমের বিস্তার। প্রথাগত গণমাধ্যমের উদ্দেশ্যপ্রণোদিত ও নির্ধারিত এজেন্ডা বাস্তবায়নের সাংবাদিকতা বর্তমান পৃথিবীতে অনেকটাই কঠিন হয়ে গিয়েছে। সাম্প্রতিক সময়ে ফিলিস্তিনীদের উপর ইসরায়েলের একমুখী বর্বর হামলার সময় বিশ্ববাসীর সামনে এ বাস্তবতা আবার নতুন করে হাজির হয়েছে। আন্তর্জাতিক গণমাধ্যমগুলো আগের মতো তথ্যপ্রচার করে জনমানুষের মতামতকে প্রভাবান্বিত করতে ব্যর্থ হয়েছে। বরং এর বিপরীতে সামাজিক যোগাযোগ মাধ্যমে পুরো পৃথিবীবাসীর সামনে সত্য ঘটনাগুলো পরিস্কার হয়ে উঠেছে। সারা পৃথিবীজুড়ের মানুষের মতামত ও চিন্তায় এর প্রতিফলন দেখা গিয়েছে।

বাংলাদেশের রাজনৈতিক ও সামাজিক দৃশ্যপটে ঠিক একই বাস্তবতা আরও বেশি প্রতীয়মান হয়েছে সাম্প্রতিক বছরগুলোতে। বাংলাদেশের নিকৃষ্টতম তথ্যমাধ্যম তথা টিভি, পত্রিকা এবং এইসব নিকৃষ্ট মাধ্যমগুলোর দালাল সাংবাদিকরা, যাদের কাজকর্ম ও প্রতিষ্ঠাগুলোকে সত্যিকার অর্থে "গণ"মাধ্যম হিসেবে নাম দেয়া আর সম্ভব নয়, এরা ক্ষমতাসীন ফ্যাসিবাদের ক্ষমতায় টিকে থাকার হাতিয়ার ও বিশ্বস্ত কুকুর হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। নতুন বছরে আমরা এমন কোন আশার আলো দেখতে পাই না যে এদের কাজকর্মে কোন ধরণের পরিবর্তন হবে। বরং এদের বিপরীতে সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে অনেক স্বাধীন ও নির্ভীক চিন্তকের আবির্ভাব ঘটেছে।

এই পরিবর্তনশীল বাস্তবতাকে সুপ্রভাত সিডনি স্বাগত জানায়। প্রথাগত গোঁড়ামিকে ধরে রেখে নয়, বরং সময়ের চাহিদাকে অনুধাবন করে অগ্রগামী ভূমিকায় থাকার জন্য সুপ্রভাত সিডনি বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমেও তথ্য ও আলোচনা পরিবেশন করে যাচ্ছে।

বাংলাদেশে নতুন বছর শুরু হতে যাচ্ছে আরেকটি প্রহসনমূলক নির্বাচনের মাধ্যমে। জানুয়ারীর সাত তারিখে মঞ্চস্থ হতে যাওয়া এ নির্বাচন হয়তো ফ্যাসিবাদকে আরো কিছু সময় টিকে থাকতে সাহায্য করবে। কিন্তু পৃথিবীর ইতিহাস স্বাক্ষ্য দেয় কোন নমরুদ, ফেরাউন বা হিটলারই স্থায়ী হতে পারে না। বরং শেষ পর্যন্ত এদের স্থান হয় ইতিহাসের আস্তাকুঁড়ে এবং জনমানুষের ঘৃণায়। বাংলাদেশের হিটলারেরও একই পরিণতি হবে তা নিয়ে কোন সন্দেহ নেই। তবে যে কোন সচেতন পর্যবেক্ষক ও ইতিহাস পাঠকমাত্রই জানেন, একটি জাতির ঘাড়ে সিন্দাবাদের দৈত্যের মতো যখন ফ্যাসিবাদ চেপে বসে তখন সেই দৈত্যকে ছুড়ে ফেলতে গিয়ে অসংখ্য মানুষকে চরম মুল্য চুকাতে হয়। নতুন বছরে সত্য ও ন্যায়ের পক্ষে অবস্থান নেয়া গণমাধ্যম হিসেবে আমাদের সবচেয়ে বড় প্রত্যাশা হলো, বাংলাদেশের এই ফ্যাসিবাদ যেন দ্রুতই ধ্বংস হয়। বাংলাদেশের সাধারণ মানুষ অনেক মূল্য দিয়েছে। অসংখ্য গুম-খুন-নির্যাতনের শিকার মানুষ ও পরিবারগুলোর আর্তনাদে আজ দেশটির বাতাস ভারী হয়ে আছে। নতুন বছর বাংলাদেশের সাধারণ, মুক্তিকামী ও স্বাধীন মানুষদের জন্য মুক্তির বার্তা নিয়ে আসুক।

# 'পাঠশালা' বারডিয়া বাংলা স্কুলের বাৎসরিক অনুষ্ঠান অনুষ্ঠিত

**কায়সার আহমেদ**

কেম্বেলটাউনস্থ বারডিয়া পাবলিক স্কুল প্রাঙ্গণে 'পাঠশালা' রারডিয়া বাংলা স্কুলের বাৎসরিক অনুষ্ঠান রোববার (১০ ডিসেম্বর) ২০২৩ আনন্দমুখর পরিবেশে পালন করা হয়।

বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার জাতীয় সঙ্গীত ও জাতীয় স্বীকৃতি পত্র পাঠের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। প্রথম পর্বের অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন স্কুলের প্রিন্সিপাল মিলি ইসলাম। স্কুলের সভাপতি ড. রফিকুল ইসলাম তার বক্তব্যে স্কুলটির কর্মকাণ্ডের বিস্তারিত তথ্য তুলে ধরেন।



অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, রাজ্যের শিক্ষা দপ্তরের শিক্ষা অফিসার এনিয়া গেনন ও কাউন্সিলর মাসুদ চৌধুরী। উপস্থিত সকল অতিথি, অভিভাবককে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য রাখেন স্কুল কমিটির সাধারণ সম্পাদক মো. ফেরদৌস।

দ্বিতীয় পর্বে ছিল শিক্ষার্থীদের অংশগ্রহণে প্রতিযোগিতামূলক ক্রীড়া প্রতিযোগিতা ও মনোমুগ্ধ সাংস্কৃতিক অনুষ্ঠান। যৌথভাবে সঞ্চালন করেন শিক্ষিকা হামিদা খানম, রুমানা ইসলাম ও শারিয়া নূর মৌ।

অনুষ্ঠানের তৃতীয় পর্বে বিভিন্ন সার্টিফিকেট প্রদান করা হয়। শিক্ষার্থী আরিব ইমরান তার ভাষা শিক্ষায় মিনিষ্ট্রিয়াল মেরিট অ্যাওয়ার্ড পান। অনুষ্ঠানে সার্বিকভাবে সহযোগিতা করেন কোষাধ্যক্ষ তানভীর হাসান, কার্যনির্বাহী সদস্য তানবীর আলম রিয়াদ অন্যতম।

প্রচুর বাংলা ভাষা-ভাষিদের বসবাসের কারণে তাদের সন্তানদের বাংলা শিক্ষায় এই 'পাঠশালা' নামক স্কুলটির প্রয়োজন ছিলো। স্কুলটি হাঁটি হাঁটি পা পা করে সাফল্যের দিকে এগিয়ে যাচ্ছে। স্কুলটির বর্তমান সভাপতির সাথে আলাপকালে জানা যায় গত বছরে স্কুলটি টেকনোলজি গ্রান্ট, প্রজেক্ট ও সিলেবাস গ্রান্ট এবং পার কেপিটা গ্রান্ট হিসেবে মোট তেরো হাজার ডলারের অনুদান লাভ করেছে। বর্তমানে স্কুলের প্রিন্সিপাল সহ তিনজন বেতনভুক্ত শিক্ষক কাজ করেছেন।

# EXCEPTIONAL LEADERSHIP AND DEDICATION

# A Report on Hon Matt Thistlethwaite MP









*Continued from pgae 1*

recently led Australia's delegation to the United Nations Peacekeeping Ministerial Meeting held in Ghana. Australia remains steadfast in its commitment to bolstering UN peace operations, recognising its pivotal role in addressing global challenges. The imperative to maintain the effectiveness of this system was a focal point of discussions.

During the conference, there was a significant emphasis on implementing solutions to make peace operations environmentally sustainable, contributing to a positive ecological legacy. Additionally, promoting equal and meaningful participation of women in these initiatives was a key consideration.

In his interactions with international ministerial counterparts at this event, it became evident that there is a shared perspective on the importance of these issues. Matt Thistlethwaite's diverse skill set allows him to contribute effectively across various fields within the community.

Hon Matt Thistlethwaite MP has consistently demonstrated exemplary leadership and unwavering dedication in his role as a Member of Parliament. Serving his constituents with passion and integrity, Thistlethwaite has become a respected figure in Australian politics. His commitment to public service is evident in his tireless efforts to address the diverse needs of his community. From advocating for crucial social and economic issues to championing environmental sustainability, Thistlethwaite has proven himself as a forward-thinking and compassionate representative.














*পূবর্ প্রকাশের পর*




## বাংলাদেশের রাজনীতি (পর্ব-১)

১৯৯১-৯৬ এ ভারতের প্রত্যক্ষ পৃষ্ঠপোষকতায় পরিচালিত শেখ হাসিনার রাজপথের আন্দোলন, কথায় কথায় লাগাতার হরতাল-জ্বালাও-পুড়াও-ভাংচুরে দেশের অর্থনীতি যখন প্রায় ভেঙ্গে পড়ার উপক্রম, তখন দেশ ধ্বংসকারী হাসিনার আন্দোলন যেন আরো বেগবান হয় তার লক্ষ্যে 'র' এর বিস্টা লেহনকারী পরজীবী, কু-শীল ও মীরজাফরের এদেশীয় কিছু বংশধর যথা ডঃ কামাল, মেনন, ইনু, মুতা মামুন, মখা আলমগীর, শাহরিয়ার কবির, হাসান ইমাম, আবেদ খান গং-দের চিৎকার আর ভারতের মুত্র পায়ী মিডিয়া ডেইলি স্টার-প্রথম আলো, জনকণ্ঠ গং পত্রিকায় নিত্যকার নসিহত করা হতো-

"হরতাল জনসভা – জনগণের সাংবিধানিক মৌলিক অধিকার – এতে (বিএনপি) সরকার বাঁধা দিলে কষ্টার্জিত গণতন্ত্র ব্যহত হবে -এরশাদীয় স্টাইলে (বিএনপি) সরকারের স্বৈরাচারী আচরন জনতা সমর্থন করবে না ...........ইত্যাদি ইত্যাদি।"

তাই ১৯৯১-এ অভূতপূর্ব জন সমর্থন নিয়ে প্রথম বারের মতো রাষ্ট্র ক্ষমতায় আসীন হয়ে অদূরদর্শী বিএনপি নেত্রী বেগম জিয়া দেশের ভারত-পোষা রাজনৈতিক দলের নেতা আর মিডিয়ায় এজাতীয় অবিরাম ওয়াজ-নসিহত শুনে শুনে আর পাশাপাশি নিজ ঘরেই লুকিয়ে থাকা র এর 'গুপ্তচর' বিভীষণী নেতা-আমলাদের পরামর্শে প্রণব-হাসিনার দুরভিসন্ধি মুলক রাজনৈতিক 'দাবার চাল' তিনি বুঝতে পারেন নাই। ফলে অপরিণামদর্শী বিএনপি নেত্রী প্রশাসন চালনায় 'নবাব সিরাজুদৌল্লা' স্টাইলে 'সরল বিশ্বাস' আর অতি মাত্রায় 'নমনীয়' অবস্থান বেছে নেন। এরই ধারাবাহিকতায় বিরোধী দলদের যত্রতত্র সভা-সমাবেশ করার অনুমতি দিয়ে তাঁদের আন্দোলন দানা বাঁধার সুবর্ণ সুযোগ তৈরী করে দেন।

[দেশের বৃহত্তম জনতা বিএনপির পক্ষে থাকার পরও আগ্রাসী ভারতের অশুভ প্রভাবকে প্রতিহত করার জন্য ইঙ্গ-মার্কিন নয় বরং বিএনপির ঐতিহাসিক বন্ধুত্বের কথা যদি বাদও দেয়া হয় তথাপি 'শত্রুর শত্রু হল মিত্র' এই শাশ্বত নীতি মেনে নিয়ে ভারতের অশুভ শক্তিকে কাউন্টার করতে কেবলমাত্র চীন ও পাকিস্তানের সঙ্গে মৈত্রী চুক্তি স্থাপন পূর্বক তাঁদেরকে বাংলাদেশের রাজনীতিতে সম্পৃক্ত করে বিএনপির অবস্থানকে সুদৃঢ় করার মাধ্যমে ভারতের মদদ পুষ্ট -আওয়ামী আন্দোলন 'কঠোর হাতে' দমন করা অত্যাবশ্যক ছিল। অথচ তা করবে তো দুরের কথা উপরন্ত গদিতে বসে অদূরদর্শী মেডাম জিয়া তাঁর দল ও সরকারী প্রশাসনে লুকিয়ে থাকা র-এর গুপ্তচর নেতা-আমলাদের পাতা ফাঁদে পা দিয়ে দেন। ফলে কূটনৈতিক জ্ঞান শুন্য অপদার্থ (ভারত তোষি) পররাষ্ট্র মন্ত্রী মুর্শেদ খানের অজ্ঞতার সুযোগ নিয়ে তাইওয়ানের সহিত সম্পর্ক স্থাপন করতে গিয়ে চীনের সাথে বন্ধুত্বের আরও চিড় ধরিয়ে দেন। আর পাকিস্তান-কে ত আগে থেকেই রাজাকার-রাজাকার তজবিহ জপে দুরে সরিয়ে অদূরদর্শী প্রধানমন্ত্রী খালেদা জিয়া তাঁর দল এবং সরকারকে আন্তর্জাতিক ভাবে একটি নড়বড়ে ফ্লাটফর্মে দাঁড় করিয়ে রাখেন]

এইভাবে বিপুল জনসমর্থন নিয়ে গদিতে আসীন হয়ে প্রশাসনের 'লাগাম' পুরাপুরি ছেড়ে দিয়ে বাংলাদেশের সকল অপ-রাজনীতির নাটের গুরু প্রণব বাবুর পরিকল্পনা আর 'র' এর অফুরন্ত টাকায় পরিচালিত শেখ হাসিনার হরতাল-জ্বালাও-পোড়াও-তাণ্ডব খেলা টিভির পর্দায় দেখে দেখেই ম্যাডাম জিয়া সময় পার করা সমীচীন মনে করলেন।

তাই 'নবাব সিরাজুদৌল্লার' ন্যায় প্রশাসনিক ও রাজনৈতিক অপরিণামদর্শী এক 'দরদী' বিএনপি নেত্রীকে পেয়ে দেশী-বিদেশী কুচক্রী মহলের হল পোয়া-বারো। প্রধান বিরোধী দল কেবল আওয়ামী লীগই নয় একেবারে নাম-সর্বস্ব ছোট খাট (এক নেতা এক পার্টি ধাঁচের) দলকেও দেখা গেছে বিনা বাঁধায় হেসে খেলে রাজপথ বন্ধ করে পেন্ডেল বানিয়ে সভা জনসমাবেশ করে সারা দেশে আন্দোলনের জোয়ার বইয়ে দিল। ১৯৯১ এর নির্বাচনে পরাজয় মেনে নিতে না পারার জ্বালায় 'একদিনের জন্যও এই বিএনপি সরকারকে শান্তিতে থাকতে দিব না' ঘোষনা দেয়া শেখ হাসিনা কথায় কথায় হরতাল আর ব্যপক ভাংচুরের মাধ্যমে আন্দোলন চাঙা করে মোট ১৭৩ দিন পর্যন্ত হরতাল পালন করতে সক্ষম হল। শেষ পর্যায়ে এসে একেবারে প্রশাসনের নাকের ডগায় সচিবালয়ের সামনে 'জনতার মঞ্চ' বানিয়ে বিএনপির পতন ঘন্টা বাজিয়ে তাদের আন্দোলনের ফসল ঘরে তুলে নিল।

বিএনপি যদি শুরু থেকেই বিচক্ষণ ও দূরদর্শী চিন্তা করে বিরোধী দলের আন্দোলনের 'ডিমে' তা দেয়ার সুযোগ না দিত তবে হাসিনা কোন ভাবেই ঐ আন্দোলনের 'ডিম' ফোটাতে পারতো না। যেমনটা পারে নাই বিএনপি বিরোধী দলে থেকে। যেমন ১৯৯৬-এ শেখ হাসিনা ক্ষমতায় এসে তাঁর নিকট অতীত হরতাল আর জ্বালাও-পোড়াও কার্যকলাপ বেমালুম ভুলে গিয়ে, শুরু থেকেই কেমনতর কঠোর নীতি গ্রহন করেছিল?-

বিরোধী দলের 'রাজপথ বন্ধ করে সভা-সমাবেশ নিষিদ্ধ' করে আদেশ জারী করলো।

রাজনৈতিক দলদের সভা সমাবেশ করতে হলে স্থানীয় পুলিশ প্রশাসন হতে অনুমুতি নেয়ার বিধান জারী করে প্রশাসনের লাগাম শক্ত হাতে ধরে রাখার নীতি চালু করলো।

পল্টন ময়দানে জনসভা নিষিদ্ধ করে কেবল ২০০ লোক সংকুলান হয় 'মুক্ত মঞ্চ' নামক সচিবালয়ের সামনের এক খণ্ড জায়গা উন্মুক্ত রাখা হল।

বিরোধী দল যাতে কোন 'মহা-সমাবেশ' এর ডাক না দিতে পারে তা মাথায় রেখে মানিক মিয়া এভিন্যুতে পাকা ডিভাইডার নির্মাণ করে তাতে গাছ লাগিয়ে স্থায়ীভাবে ভাগ করে ইহাকে মহাসমাবেশ করার অনুপযোগী করে গড়ে তোলা হল।

এমনকি বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনেও 'রাস্তায় সভা করার অনুমতি নাই' বলে পুলিশ দিয়ে লাঠি পেটা ও টিয়ার গ্যাস চালিয়ে তা ভণ্ডুল করে দিতেও দ্বিধা করে নাই।

১৯৭৫ এর পট পরিবর্তের পর আওয়ামী লীগের শীর্ষতম নেতা ছিলেন ডঃ কামাল হোসেন -

যিনি ১৯৮২ সনের রাষ্ট্রপতি নির্বাচনে বিএনপির প্রার্থী বিচারপতি সাত্তার সাহেবের বিপরীতে তখনকার আওয়ামী লীগে জিল্লুর রহমান, মালেক উকীল, সামাদ আজাদ, আসাদুজ্জামান, আমু, রাজ্জাক, জলিল গং বর্ষীয়ান নেতারা থাকার পরও জাতীয় পর্যায়ে অধিকতর গ্রহণযোগ্য প্রার্থী হিসাবে আওয়ামী লীগ থেকে রাষ্ট্রপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন।

যিনি ভারতে স্বেচ্ছা নির্বাসিত শেখ হাসিনাকে ১৯৮১-সনে আওয়ামী লীগের সভাপতির দায়িত্ব দেয়ার জন্য হাসিমুখে প্রস্তাব করেছিলেন-

সেই ডঃ কামাল হোসেন ১৯৯১-এর নির্বাচন Fair হয়েছে বলে কিছু নেতাদের সাথে নিয়ে এক সংবাদ সম্মেলনে নির্বাচনী ফলাফল মেনে নেয়ার "খেসারত" হিসাবে দিন না পার হতেই হাসিনা তাঁকে চরম অপমানজনক ভাবে রীতিমত 'ঘাড়' ধাক্কা দিয়ে দল থেকে বের করে দেন।

তারপর থেকে বেচারা এক নেতা এর পার্টি 'গণ-ফোরাম' দল গঠন করে কেবল দেশের রাজনৈতিক কুয়াশা পূর্ণ সময় এলেই কচ্ছপের ন্যায় মাথা বের করে নড়ে-চড়ে উঠেন। তবে আওয়ামী লীগ যখন ক্ষমতায় থেকে অন্যায়-অবিচার আর লুটপাট করে তখন তিনি আওয়ামী লীগের 'সমুদ্র চুরি' তুল্য অপরাধ দেখেও মুখে কুলুপ এঁটে থাকেন। অথচ আওয়ামী লীগ থেকে 'গুতা' মেরে বের করে দেয়ার পরও দেশের জটিল রাজনৈতিক ঘনঘটা সময়ে আমরা দেখেছি ভারতীয় 'শাসকশ্রেনীর' হাত বুলানো দোয়ায় সর্বদাই তিনি বিএনপির বিপরীত জোটে অবস্থান নিয়ে প্রকারান্তরে আওয়ামী লীগের পক্ষে অবস্থান নিতে এই 'বিশিষ্ট' রাজনৈতিক নেতা কখনো ভুল করেন নাই।

এই প্রসঙ্গে ছোট্ট দুটি উদাহরন না দিলেই নয়। এই 'বিশিষ্ট' নেতা ডঃ কামাল সাহেবকে দেখেছি ২০০৬ সালে ব্যারিস্টার রুকুন উদ্দিন মাহমুদ, ব্যারিষ্টার আমির উল ইসলাম, মাহবুবে আলম, বাছেত মজুমদার গং আওয়ামী আইনজীবীদের সহিত কাঁধে-কাঁধ মিলিয়ে প্রধান বিচারপতি সৈয়দ মোদাসসের সাহেবের এজলাস ভাংচুর করতে। আইনজীবীদের নজিরবিহীন এই সন্ত্রাসী তাণ্ডব দেখে গোটা জাতি যেখানে স্তব্ধ। ভাংচুরকারী এই ডঃ কামাল সহ সকল আওয়ামী আইনজীবীদের আদালত অবমাণনার অপরাধে যেখানে তাঁদের আইনজীবী সনদ চিরতরে বাতিল হওয়ার কথা অথচ তাঁদের কিছুই হল না। এমনকি তাঁদের কেউ কেউ যেমন রুহুল কুদ্দস দুলু, ইনায়েতুর রহিম সহ এমন আরও অনেক আওয়ামী আইনজীবীরা এখন উচ্চ আদালতে বিচারপতির আসনেও স্থান করে নিয়েছেন।

শুধু তাই নয় প্রধান বিচারপতির এজলাসে লাথী মারা ঐ সকল আইনজীবীদের কেউ কেউ বর্তমান আওয়ামী সরকারের আমলে হাইকোর্ট-সুপ্রিমকোর্টে বিচারপতির আসন গ্রহন করে বিএনপি নেতাদের ফাঁসির রায়ও দিয়ে যাচ্ছেন। পাশাপাশি শীর্ষ সন্ত্রাসী যোসেফ-হারিস-আনিস ছাড়াও লখীপুরের এক বিএনপি নেতাকে প্রকাশ্য দিবালোকে কুপিয়ে হত্যা করা মামলায় বিচারিক আদালতে ফাঁসির দণ্ড প্রাপ্ত আওয়ামী সন্ত্রাসীরা রাষ্ট্রপতির ক্ষমায় দেদারছে ছাড়া পেয়ে যাচ্ছে।

অথচ পাশাপাশি যদি দেখি, ২০১১ সালে বিতর্কিত আওয়ামী বিচারপতি সামসুদ্দিন মানিকের এজলাসে এক অপ্রীতিকর ঘটনার জের ধরে বিএনপি পন্থী আইনজীবী সাবেক ডেপুটি এটর্নি জেনারেল এডভোকেট মমতাজ উদ্দিন আহমেদকে তাঁর বাসা থেকে ডিবি পুলিশ ধরে নিয়ে নির্মম ভাবে পিটিয়ে মেরেই ফেলা হল!!

তবে অনুরূপ আওয়ামী তাণ্ডব বাংলাদেশের ইতিহাসে (সাবেক পূর্ব পাকিস্তান সংসদে) একবার সংঘটিত হয়েছিল। সংসদের আধিবেশন চলাকালীন সময়ে উত্তেজিত বিরোধী দলের তাণ্ডবে ও চেয়ার মারার আঘাতে ডেপুটি স্পিকার সাহেদ আলী নিহত হয়েছিলেন যে সংসদে শেখ মুজিব ছিলেন আওয়ামী লীগের সাধারন সম্পাদক।

***চলবে***

# সিডনিতে আরেকটি মৃত্যু ও কমিউনিটি শোক

**সুপ্রভাত সিডনি রিপোর্ট**




সিডনির লেপিংটনের দেলোয়ার হোসেন (৫৯) নামে এক বাংলাদেশীর লাশ সনাক্ত করে সুপ্রভাত সিডনির অফিসে যোগাযোগ করেন কনস্টেবল জর্দান।নেরেলেন পুলিশ লাশের নেক্সট অফ কিন্ বা ওয়ারিশ খোঁজার জন্যই মূলত যোগাযোগ করেন। ২১ ডিসেম্বর ২০২৩ বৃহস্পতিবার লিভারপুল হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজেউন)।

দুবাইতে কর্মরত তার ছেলে ও বাংলাদেশে মরহুমের আত্মীয় -স্বজনদের সাথে আলাপ করে জানা যায়, মরহুম দেলোয়ার হোসেন তাদের সাথে একই সপ্তাহে যোগাযোগ করেন। একই দিনে তাকে অনেকে ল্যাকেম্বায় ঘুরাঘুরি করতে দেখেছে। সিডনিতে তার বেশ কয়েকজন শুভাকাঙ্খী-বন্ধুর সাথে সুপ্রভাত সিডনির অনুসন্ধানে জানা যায়, এক ছেলে ও এক মেয়ের পরিবার,দেশের বাড়ি চাঁদপুর, হাইমচর।

মৃত্যুর পূর্বে ল্যাকেম্বার কোন এক রেস্তরায় রাতের খাবার শেষ করে বাড়ি ফিরেন। অনেক রাতে ডায়রিয়া হয় এবং মারাত্মক ব্যথা অনুভব করে এক প্রিয় বন্ধুকে ফোন করেন। বন্ধু তাকে এম্বুলেন্স ডাকতে সহায়তা করেন। অবশেষে ভোর প্রায় ৪:৫০ মিঃ লিভারপুল হাসপাতালে ইন্তেকাল করেন।ডাক্তার বলেন, হার্ট এটাক মৃত্যুর কারন।

পুলিশ তার বাসায় যেয়ে কাউকে পায়নি, আত্মীয়-স্বজন, বন্ধু -বান্ধব কারো নাম বা ঠিকানাও জানেনা। এজন্য, অস্ট্রেলিয়ায় বসবাসরত প্রতিটি মানুষ যেকোন ফর্ম পূরণ করার সময় নেক্সট অফ কিন্ বা ওয়ারিশের নাম ও মোবাইল নাম্বার দেয়াটা খুব জরুরি।

অনেক খোঁজাখুঁজির পর সুপ্রভাত সিডনি অফিসে যোগাযোগ করলে পুরো বিষয়টি সামনে নিয়ে অনুসন্ধান শুরু করেন সুপ্রভাত সিডনি সম্পাদক। আল্লাহ পাক ও রাসূল (সা:) এর নির্দেশ বা ইসলামীও নিয়ম অনুযায়ী যে মুসলমান যেখানে মারা যাবে, সেখানে কবরস্থ করাটাই ইসলামী ও ঈমানী দায়িত্ব। এর ব্যতিক্রম করে কেউ বাক্স বন্ধী করে দেশে লাশ পাঠালে ইসলাম বিরোধী কাজের জন্য গুনাহগার হতে পারে যারা বেবস্থাপনায় থাকবে।

মরহুম দেলোয়ার হোসেনের দাফন কাজে অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েল ফেয়ার সেন্টারের "ডেস্টিটিউট বারিয়াল ফান্ড" থেকে আর্থিক সহায়তা প্রদান করা হয়,কাজী আলী OAM যিনি বাংলাদেশীদের ভিতর একমাত্র ব্যক্তি বিগত প্রায় ৪০ বছর যাবৎ কবর সংক্রান্ত যাবতীয় ব্যাপারে মুসলমানদেরকে জানাজার ব্যবস্থা করে দেন। ল্যাকেম্বা বড় মসজিদ বা আলী আবী তালেব মসজিদে গোসল ও জানাজা সম্পন্ন হবার পর সিডনির কেমস ক্রিক কবরস্থানে মরহুম দেলোয়ার হোসেনকে সমাহিত করা হয়।

জানাজা শেষে বিশিষ্ট ব্যবসায়ী রাশেদ খান মরহুমের পক্ষে সকলের কাছে ক্ষমা প্রার্থনা করেন।

# TURMERIC- A MAGICAL HERB



Columnist Nozaina

Turmeric (Curcuma Longa) is a bright yellow spice derived from the roots of the turmeric plant. It is widely recognized for its culinary uses. Turmeric is used in many dishes to provide both flavor and color. It is used in traditional Chinese and Ayurveda medicines due to its medicinal properties. Curcumin is an active compound responsible for its health benefits and vibrant color. It is known for its antioxidant and anti-inflammatory properties. Turmeric has gained admiration in modern wellness trends. Numerous studies explore its potential health benefits from arthritis to heart health.

**Anti-Inflammatory Powerhouse**
Curcumin is a bioactive compound in the turmeric. It possesses anti-inflammatory properties. Chronic inflammation is associated with various disease pathogenesis, such as cancer, heart disease, and neurodegenerative conditions. It helps alleviate inflammation and contributes to the management and prevention of inflammatory disorders by inhibiting inflammatory molecules.

**Improve Brain Health**
Turmeric helps to support brain health and preserve cognitive functions. The ability of curcumin to cross the blood-brain barrier has generated concern in its neuroprotective properties. Several studies revealed that it also helps to delay age-related decreases in brain functions. Its antioxidant and anti-inflammatory actions contribute to a brain-protective effect. Emerging research reveals, that there is a potential link between mood regulation and curcumin. More studies are needed to support this finding. It may have anxiolytic and antidepressant effects that contribute to mental well-being.

**Support Heart Health**
Turmeric promotes cardiovascular health by enhancing endothelium functions, which contributes to improved overall cardiovascular functions and blood flow. The endothelium is the lining of blood vessels. Its antioxidant and anti-inflammatory functions decrease the factors that contribute to heart diseases, such as oxidative stress and inflammation.

**Improve Liver Health**
Traditionally, turmeric has been used to sustain liver health. The anti-inflammatory and antioxidant properties of turmeric help to support the liver's detoxification function and protect it from damage.

**Dermatological Benefits**
Turmeric helps in the management of various skin conditions. It helps to brighten the skin and clear the uneven skin tone. Turmeric soap quickly healing the skin wound. Due to its anti-inflammatory properties, turmeric decreases skin inflammation and forms new skin tissues. The addition of turmeric in the skincare routine decreases pigmentation and dark spots and brightens the skin tone.

**Dental Health**
It has been suggested by some studies that turmeric helps to treat and prevent oral disease. Turmeric's anti-microbial and anti-inflammatory properties may improve oral health.

**Antioxidant Defense**
Turmeric possesses antioxidant properties. By neutralizing free radicals, antioxidants fight oxidative stress. Free radicals can damage cells and contribute to chronic diseases and aging. Turmeric protects the cells from oxidative damage by scavenging the free radicals. It promotes overall well-being.

**Relief Arthritis**
Turmeric may help to ease the symptoms of rheumatoid arthritis and osteoarthritis, improving the function of joints and reducing pain. Studies reveal that people suffering from arthritis may find relief after consuming turmeric. Due to its potential to modulate inflammatory pathways, it is found to be a helpful natural remedy for joint-related issues.

**Prevent Cancer**
Turmeric possesses anti-cancer properties. It interferes with numerous molecular pathways, that are involved in cancer spread, growth, and development. Research is ongoing, turmeric found to be effective in cancer prevention and treatment. Due to its ability to modulate oxidative stress and inflammation, it may reduce the risk of certain cancers such as colon, intestine, skin, and oral cancer.



**Diabetes Management**
Turmeric decreases inflammation and keeps the blood sugar level normal. It could be an effective tool to treat or prevent type 2 diabetes. Studies reveal that it improves insulin resistance and helps to regulate blood sugar levels, contributing to improved glycemic control.

**Gastrointestinal Health**
Turmeric promotes digestive health due to its anti-inflammatory properties. It may help to ease the symptoms related to inflammatory bowel diseases, such as ulcerative colitis and Crohn's disease. The soothing effect of turmeric on the digestive tract makes it a popular choice for those people who are looking for natural digestive support.

**Manage Weight**
It has been found that turmeric may decrease fat tissue growth, restrain weight regains, promote weight loss, and enhance insulin sensitivity. Due to its anti-inflammatory properties, turmeric reduces inflammation in the body. It suppresses the inflammatory condition in muscle, fat, and pancreatic cells. According to a study, turmeric suppresses the growth of fat tissues. Incorporation of turmeric in a healthy lifestyle may help to maintain a healthy weight.

**Anti-Aging**
Turmeric also has anti-aging effects due to its antioxidant properties. It may help to promote overall vitality and longevity and preserve cellular integrity by fighting free radical damage and oxidative stress.


**Support Immune System**
Turmeric has become a candidate for supporting the immune system due to its immune-modulating properties. It can control immune system responses, which decrease the risk of infections and promote overall immune health.

**Respiratory Health**
The anti-inflammatory effects of turmeric have been extended to respiratory health. Turmeric helps to ease the symptoms of respiratory conditions such as COPD (chronic obstructive pulmonary disease) and asthma. It also offers relief to people with these respiratory issues.

**Anti-Microbial**
Turmeric also possesses antimicrobial properties. It is traditionally used in infection prevention and wound healing. Turmeric inhibits the growth of fungi and bacteria. It acts as a natural anti-microbial agent.

**Anti-Allergic**
Turmeric has a potential anti-allergic effect because it modulates the immune response which is involved in allergic reactions. It could be a valuable therapeutic compound in the management and treatment of allergic diseases.

**Balance Hormone**
Antioxidant, anti-inflammation, and liver detoxification are three key features that make turmeric effective for enhancing fertility and hormone balance. It may contribute to hormonal equilibrium and reproductive health by influencing the activity of receptors and hormones.
Turmeric is a remarkable natural remedy with numerous health benefits. It is known as a superfood due to its antioxidant and anti-inflammatory properties and potential role in addressing chronic illness. Turmeric and a well-balanced diet offer numerous health benefits. It is important to identify that the response of every individual varies. Consultation with a health care professional is advisable with any lifestyle and dietary changes, especially for those taking medications.



## কলাম

**কায়সার আহমেদ**

সাংবাদিক ও কলামিস্ট

Suprovat Sydney

# বাংলাদেশ - বিজয় বায়ান্ন




বিজয়ের বায়ন্নতে পদার্পন করলো বাংলাদেশ। ডিসেম্বর বিজয়ের মাস। যেমন আনন্দের তেমন বেদনারও বটে। লক্ষ লক্ষ বীর শহীদের আত্মত্যাগ ও মা-বোনের সম্ভ্রমের বিনিময়ে, ২৫শে মার্চ ১৯৭১ থেকে দীর্ঘ নয়টি মাস রক্তক্ষয়ী যুদ্ধ করে ১৬ই ডিসেম্বর আমরা আমদের বিজয় ছিনিয়ে নিয়েছি। এ বিজয়ে আমরা পেয়েছি একটি স্বাধীন সার্বভৌম দেশ, একটি সংবিধান, মানচিত্র ও লাল-সবুজ পতাকা।

বাঙালী জাতির শ্রেষ্ঠ অর্জন এই স্বাধীনতা। এ স্বাধীনতা পাবার পেছনে রয়েছে করুণ ইতিহাস, দীর্ঘ সময়ের শোষণ-বঞ্চনা, রক্তক্ষয়ী সংগ্রাম ও আত্মত্যাগের বিনিময়ে এই স্বাধীনতা। বায়ান্নের ভাষা আন্দোলনের মধ্য দিয়ে স্বাধীনতার স্বপ্নযাত্রা শুরু, ১৯৬৬ সনের ৬ দফা আন্দোলন, শিক্ষা আন্দোলন, ৭৯ এর গণঅভ্যুত্থান, ৭০ সালের নির্বাচন পেরিয়ে ১৯৭১ সালের ২৬শে মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক স্বাধীনতার ঘোষণার মাধ্যমে মহান সশস্ত্র মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে আমাদের চূড়ান্ত বিজয় অর্জিত হয়।

মুক্তিযুদ্ধ হঠাৎ করে কোনো একটি ঘোষনার ফসল নয়। রাজনৈতিকভাবে এর প্রস্তুতি ছিলো সারা জীবনের। আমরা দেখেছি বিভিন্ন সময়ে মুক্তিযুদ্ধের ইতিহাসকে বিকৃত করার চেষ্টা হয়েছে। মুক্তিযোদ্ধাদের অসম্মান করা হয়েছে। মুক্তিযোদ্ধারা নিজেদের মুক্তিযোদ্ধা পরিচয় দিতে ভীত সন্ত্রস্ত থেকেছে। আজ মুক্তিযোদ্ধারা সম্মানিত হচ্ছে।

১৯৭১ মহান মুক্তিযুদ্ধের সময় বিশ্বের অন্যতম বৃহৎ শক্তি আমেরিকা বাংলাদেশের স্বাধিনতাকে সমর্থন দেয়নি, বরং পাকিস্তান সরকারকে অস্ত্র সরবরাহ করে সেনাবাহিনীকে গনহত্যায় মদদ দিয়েছে। মুক্তিবাহিনী ও ভারতীয় সেনাবাহিনী গঠিত মিত্রবাহিনী যখন প্রায় ঢাকার দোরগোড়ায়, আর পাকিস্তানী নরপশু সেনা শাসকরা যখন বুঝতে পারলো হার তাদের নিশ্চিত তাই তাদের শেষ চেষ্টা, বাংলাদেশের স্বাধীনতার বিজয় ঠেকিয়ে দেয়ার জন্যে জাতিসংঘে পাকিস্তানের প্রস্তাবিত যুদ্ধ বিরতি, আর সেটাকে বাস্তাবায়নের আপ্রান চেষ্টা করেছিলো তাদের তখনকার মিত্র যুক্তরাষ্ট্র আর তাদের পররাষ্ট্র সচিব সেই কুখ্যাত হেনরী কিসিন্‌জার।

আমাদের বিজয়ের সন্ধিক্ষনে জাতিসংঘে আনিত সেই 'যুদ্ধ বিরতির' প্রস্তাব অনুমোদিত হলে আমাদের কাঙ্খিত বিজয় অর্জন সম্ভব হতো না। সেটা কোনো যুদ্ধ বন্ধের প্রস্তাব ছিলো না, ছিলো আমাদের বিজয়কে ঠেকানোর গভীর ষড়যন্ত্র। ঐ যুদ্ধ বিরতি প্রস্তাব ঠেকানোর জন্যে বন্ধু প্রতিম দেশ রাশিয়া তিন তিনবার ভেটো প্রদান করে। এমনকি বাংলাদেশের স্বাধীনতা ঠেকিয়ে দেয়ার উদ্দেশ্যে আমাদের বিজয় লগ্নে পাকিস্তানের স্বার্থে হুমকি স্বরুপ আমেরিকা তাদের সপ্তম নৌবহর পাঠিয়েছিলো বঙ্গোপসাগর অভিমুখে। আমেরিকার এহেন উদ্দেশ্য প্রতিহত করার জন্যে তখন রাশিয়া তাদের অষ্টম নৌবহর পাঠিয়ে দিয়ে বিষয়টিতে সমতা এনেছিলো। আমেরিকার বিরোধিতা স্বত্বেও বাংলাদেশের দামাল মুক্তিযোদ্ধারা তাদের স্বাধীনতা জয় করেছে, তা আমেরিকা কখনোই মেনে নিতে পারেনি। বিভিন্ন উপায়ে সদ্য স্বাধীনতা পাওয়া দেশটিকে বিভিন্ন ষড়যন্ত্রের মাধ্যমে অস্থিতিশীল করার চেষ্টা করেছে। তৎসময়ে ১৯৭৪ সালে বড় যে আঘাতটি করেছিলো তা হলো বাংলাদেশের খাদ্যের জাহাজ ফিরিয়ে দিয়ে দেশব্যাপী ভয়ংকর কৃত্রিম দুর্ভিক্ষ সৃষ্টি করা।

মুক্তিযুদ্ধ, বঙ্গবন্ধু এবং বাংলাদেশ একে অপরের পরিপূরক। *১৯৭৪ এর কথা। আগস্ট সেপ্টেম্বরে ভয়াবহ বন্যায় ভেসে গেছে দেশের কিছু এলাকা। মুদ্রাস্ফীতি বেড়ে গেলো। বিদেশী শক্তির ষড়যন্ত্রে খাদ্য ঘাটতি অনিবার্য। দেশব্যাপী মানুষ মারা যাচ্ছিলো। স্বয়ং খাদ্যমন্ত্রীর হিসাব অনুযায়ীই অনাহারে ও রোগে সাড়ে সাতাশ হাজার মানুষ মারা গেছে। বেসরকারি হিসেবে এই মৃত্যুর সংখ্যা আরো অনেক বেশী। কবি রফিক আজাদ লিখলেন , ভাত দে হারামজাদা, তা-না-হলে মানচিত্র খাবো। হুমায়ুন আজাদ কথিত 'অপভাষায় প্রকাশিত ক্রোধে'র কবিতার জন্যে রফিক আজাদের নামে হুলিয়া জারি হলো। এক অনুজ কবি রফিক আজাদকে বললেন আপনি কি লিখলেন 'ভাত দে হারামজাদা'; বঙ্গবন্ধু তখন দেশের প্রেসিডেন্ট। অনেকেই ভেবেছিলো কবিকে জেলে যেতে হবে। রফিক আজাদ ভয় পেয়েছিলেন। বীর উত্তম কাদের সিদ্দিকীর মা এই ঘটনা জানতে পেরে তাঁকে কাদের সিদ্দিকীর সাথে বঙ্গবন্ধুর নিকট পাঠিয়েছিলেন। গণভবনে গিয়ে রফিক আজাদ বঙ্গবন্ধুর দুই পা জড়িয়ে ধরলে বঙ্গবন্ধু বলে উঠলেন, এই হারামজাদা, তুই কি লিখেছিস?



তখন রফিক আজাদ বলে উঠলেন, ক্যান? এই যে আপনি আমারে হারামজাদা বললেন, আমি এই কথাই তো লিখেছি। আপনি কি আমারে গালি দিলেন? নাকি আদর করে বললেন? আমি তো ওই কথাই বলছি। পেটে আগুন জ্বললে সবাই যা বলে আমি তাই বলেছি। এখন আমি জেলে থাকলে কবিতা লিখব কি করে? এরপর বঙ্গবন্ধু ব্যাখ্যা চাইলেন। আর রফিক আজাদ ব্যাখ্যা দিলেন এইভাবে। সারা পৃথিবীর মানুষের প্রধান চাওয়া হলো ভাত। আমি সারা পৃথিবীর লোকের কথা বলেছি। আমাদের দেশে, নিরন্ন মানুষ এই ভাষাতেই কথা বলে। এটা বলার পর বঙ্গবন্ধু বললেন, তা বটে। তারপর তিনি রফিক আজাদের কাঁধে হাত রেখে বললেন, 'ভালো লিখেছিস, যাহ তুই মনসুর আলীর (তৎকালিন স্বরাষ্ট্রমন্ত্রী) কাছে যা'। তিনি তখন কবির সামনেই ফোন করে বললেন 'রফিকরে পাঠাইলাম তোমার কাছে, ভালো লিখে, ওর কথা শুইন্যা ওরে ছাইড়া দিও'। তারপর বঙ্গবন্ধু রফিক আজাদের পিঠ চাপড়ে বলেছিলেন, 'তুই আরও লিখবি, এমনি করেই লিখবি। মাঝে মাঝে কাদেরের সাথে আসবি। তুইতো আমার মুক্তিযুদ্ধের কবি'। দেশের কবি।এমনই ছিলেন বঙ্গবন্ধু।

*বঙ্গবন্ধুকে নিয়ে আরো একটি কথা। বাকশাল গঠিত হয়েছে। সকল রাজনৈতিক দল নিষিদ্ধ করা হয়েছে। সে সময়ে ঢাকায় অনুষ্ঠিত আফ্রো-এশীয় লেখক সম্মেলনে বঙ্গবন্ধু শেখ মুজিব তার বক্তব্যে তার এই নতুন ব্যবস্থাকে এভাবে ব্যাখ্যা করেছিলেন: "ভাগ্যের কি পরিহাস, যে আমি সমগ্র জীবন গণতন্ত্রের জন্য লড়াই করেছি এবং জেল খেটেছি অনেকগুলো বছর, সেই আমাকেই কিনা এক দল বানাতে হলো। বাকশাল আগস্ট থেকে পুরোদমে কাজ করবে। আমি এটা করতে বাধ্য হয়েছি। পাকিস্তানপন্থী দলগুলো, জাসদের অস্ত্রধারী লোকেরা, সর্বহারা পার্টি এবং অন্য অনেকে আমাদের দেশের স্বাভাবিক রাজনীতি ও প্রশাসন ধ্বংস করতে উঠে-পড়ে লেগেছে... আর কোনো উপায় ছিলো না বলে স্বাধীনতার পক্ষের সমমনা লোকদের নিয়ে একটা প্লাটফর্ম হিসেবে বাকশাল প্রতিষ্ঠা করেছি। এই একদলীয় ব্যবস্থা নিতান্তই সাময়িক। দেশকে প্রতিবিপ্লবের হাত থেকে রক্ষা করা মাত্রই আমি বহুদলী গণতন্ত্র আবার বহাল করবো।"

আগামী ৭ই জানুয়ারী ২০২৩ তারিখে দেশটি দ্বাদশ সাধারন নির্বাচন হতে যাচ্ছে। দেশের অন্যতম বৃহত্তম রাজনৈতিক দল বিএনপি তত্ত্বধায়ক ও নিরপেক্ষ সরকারের অধীনে নির্বাচনের দাবীতে এই নির্বাচন প্রতিরোধের ডাক দিয়েছেন। চলছে নিয়মিত ধর্মঘট, অবরোধ, অগ্নিসন্ত্রাস। চলছে ধড়পাকড় গ্রেফতার। আজ অনেক মুক্তিযোদ্ধাই তাদের আদর্শকে জলাঞ্জলি দিয়ে যুক্ত হয়েছে রাজাকারদের দলে, আবার অনেক রাজাকার তাদের আদর্শ দিয়ে কলুসিত করার ব্রত নিয়ে যুক্ত হয়েছে মুক্তিযোদ্ধাদের দলে ।

জানুয়ারীর নির্বাচনকে প্রধান বিরোধী দল বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) প্রহসনের ও ক্ষমতা ভাগাভাগির নির্বাচন বলে উল্লেখ করেছেন। অবিলম্বে তফসিল বাতিল ও জাতীয় সংসদ ভেঙ্গে, প্রধানমন্ত্রী সহ সকল মন্ত্রীদের পদত্যাগ করে তত্ত্বাবধায়ক সরকারের অধিনে নির্বাচন আয়োজন করার দাবী জানিয়েছেন। একতরফা নির্বাচনের লক্ষে অন্যতম প্রধান বিরোধী দলের প্রতি দমননীতি অব্যাহত রেখে নির্বাচন অনুষ্ঠিত হলে সরকারের বৈধতার প্রশ্ন থেকে যাবে। এতে বাংলাদেশ রাষ্ট্রের শক্তি, সম্ভাবনা ও ভবিষ্যৎ বিপর্যস্ত আবশ্যম্ভাবি।

বিএনপি নেতৃবৃন্দ বলেন, ৭ই জানুয়ারী দেশের প্রধান বিরোধী দলকে বাদ দিয়ে, নাম সর্বস্ব রাজনৈতিক দলের অংশগ্রহনে একটি এক তরফা হাস্যকর নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সরকার ও নির্বাচন কমিশন বিভিন্ন পদক্ষেপ নিয়ে চলেছে। নির্বাচনের আগে নির্বিচার মামলা, গ্রেফতার, বিতর্কিত প্রক্রিয়ায় সাজা প্রদান ও নির্যাতনের মাধ্যমে বিরোধী দলের নেতা-কর্মীদের নির্বাচন, এমনকি রাজনীতির মাঠ থেকে সরিয়ে দেয়া হয়েছে।

এদিকে জানুয়ারীর গুরুত্বপূর্ণ নির্বাচনের জন্য বাংলাদেশ যখন প্রস্তুতি নিচ্ছে, ঠিক তখনই যুক্তরাষ্ট্রের কুটনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে প্রশ্ন উঠেছে। বাংলাদেশে নির্বাচনে একদিকে ভারত, চীন, রাশিয়া এবং অন্যদিকে যুক্তরাষ্ট্র - সবার ভিন্ন ভিন্ন স্বার্থ। হোয়াইট হাউজ জাতীয় নিরাপত্তা পরিষদের স্ট্র্যাটেজিক কমিউনিকেশনের সমন্বয়ক জন কিরবিকে এ নিয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন যুক্তরাষ্ট্র বাংলাদেশে একটি অবাধ ও সুষ্ঠু নির্বাচন দেখতে চায়। তবে যুক্তরাষ্ট্র কোন পক্ষাবলম্বন করে না। এদিকে ইন্ডিয়া টুডের এক প্রতিবেদনে বিশ্লেষণ করা হয়েছে যে ভারত ও চীন যখন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সমর্থন করে এক সাথে রয়েছে, তখন যুক্তরাষ্ট্রকে খালেদা জিয়ার পাশে দাঁড়াতে দেখা যাচ্ছে।

*৯-এর পৃষ্ঠায় দেখুন*

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper | সত্যের সাথে সব সময়

# বাংলাদেশ - বিজয় বায়ান্ন

*৮-এর পৃষ্ঠার পর*

গত ৬ই ডিসেম্বর এক সংবাদ সম্মেলনে হোয়াইট হাউসের মুখপাত্র জন কিরবিকে বাংলাদেশের বর্তমান সরকারকে সমর্থন করতে ভারত, চীন ও রাশিয়া যেহেতু একই কাতারে দাড়িয়েছে, তাই বাংলাদেশে অবাধ, সুষ্ঠু ও বিশ্বাসযোগ্য নির্বাচন অনুষ্ঠানের জন্য প্রয়োজনীয় পদক্ষে নিতে যুক্তরাষ্ট্রের অবস্থান কি জানতে চাওয়া হলে উত্তরে যুক্তরাষ্ট্র মুখপাত্র জন কিরবি বলেন যে, "আমরা বাংলাদেশে একটি অবাধ, সুষ্ঠু ও বিশ্বাসযোগ্য নির্বাচন বিশ্বাস করি এবং আমরা তা অব্যাহত রাখবো। আমরা বিদেশী নির্বাচনে কোনো পক্ষ নেই না এবং বাংলাদেশের ক্ষেত্রেও তা বদলাবে না। বাংলাদেশের মানুষের সেই মৌলিক আকাঙ্খাকে সমর্থন করার জন্য আমরা যা যা করতে পারি, তা অব্যাহত রাখবো"।

সম্প্রতি *ইন্ডিয়া টুডে'র এক প্রতিবেদনে স্পষ্টত:ই তুলে ধরা হয়েছে যে, জানুয়ারীর নির্বাচনকে বাংলাদেশের গণতন্ত্রের জন্য একটি বড় চ্যালেন্জ হিসেবে দেখা হচ্ছে। নির্বাচনের ফলাফল ভারতের জন্য ব্যাপক প্রভাব ফেলতে পারে। ভারত ও যুক্তরাষ্ট্র উভয় দেশই স্থিতিশীল বাংলাদেশকে সমর্থন করার কথা বললেও বিশ্বের বৃহত্তম দুই গণতান্ত্রিক দেশ বিপরীত শিবিরে অবস্থান করছে বলেই দেখা যাচ্ছে। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার আওয়ামী লীগকে নয়াদিল্লি সমর্থন করছে আর অন্যদিকে যুক্তরাষ্ট্র ঘোষণা করেছে, বাংলাদেশের গণতান্ত্রিক নির্বাচন প্রক্রিয়াকে দুর্বল করে এমন সরকারী নেতা, কর্মকর্তাকে ভিসা নিষেধাজ্ঞার মুখোমুখি হতে হবে।

প্রতিবেদনে আরো বলা হয় যে, যুক্তরাষ্ট্র-বাংলাদেশ সম্পর্কের টানাপোড়েন বেড়েই চলেছে। ভিসা নিষেধাজ্ঞার হুঁশিয়ারি দিয়ে অবাধ-সুষ্ঠু নির্বাচনের জন্য ঢাকার ওপর চাপ প্রয়োগের চেষ্টা করছে, তখন ভারত বাংলাদেশ জাতীয়তাবাদী দল ও জামায়াত সরকারের প্রত্যাবর্তনের বিষয় নিয়ে উদ্বিগ্ন। সবাই তাকিয়ে আছে ৭ই জানুয়ারী বাংলাদেশের নির্বাচনের দিকে। দেশের আগামী নির্বাচন নিয়ে আন্তর্জাতিক কুটনৈতিক মহলে বেশ তোড়জোড় চলছে। কোন কোন দেশের রাষ্ট্রদুতগনতো তাদের প্রাপ্ত কুটনৈতিক ক্ষমতার অপব্যবহার করে চলেছে। এদের মধ্যে বৃহৎ শক্তিধর আমেরিকার রাষ্ট্রদুত পিটার হাস এগিয়ে।

গত ১৫ই ডিসেম্বর ২০২৩ তারিখে রাশিয়ার পররাষ্ট্র মন্ত্রনালয় থেকে ঢাকাকে জানানো হয়েছে যে বাংলাদেশের নির্বাচনকে ঘিরে চলমান অস্থিতিশীল পরিস্থিতির সঙ্গে ঢাকাস্থ মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস এর উস্কানিমূলক কর্মকান্ডের সম্পর্ক রয়েছে। রুশ পররাষ্ট্র মন্ত্রনালয়ের মুখপাত্র মারিয়া জাখারোভা আরো জানিয়েছেন যে গত ১২ ও ১৩ই ডিসেম্বর বাংলাদেশে সরকারবিরোধীরা রাস্তাঘাট অবরোধ করে, যানবাহনে আগুন ধরিয়ে দেয় এবং পুলিশের সঙ্গে সংঘর্ষের ঘটনার সঙ্গে মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস এর প্রত্যক্ষ সম্পর্ক রয়েছে। রুশ মুখপাত্র আরো জানান যে আগামী নির্বাচনের ফলাফল যদি যুক্তরাষ্ট্রের কাছে সন্তোষজনক মনে না হলে 'আরব বসন্তের" মতো করে বাংলাদেশকে আরো অস্থিতিশীল করার চেষ্টা করা হতে পারে। আরো আশংকা রয়েছে যে আগামীতে বাংলাদেশ সরকারের বিরুদ্ধে নানা রকমের অবরোধ আরোপ করা হতে পারে। তিনি আরো বলেন যে বাংলাদেশের শিল্প খাতের গুরুত্বপূর্ণ অংশগুলোর ওপর আঘাত আসতে পারে; সেই সঙ্গে কিছু সরকারি কর্মকর্তার বিরুদ্ধে ২০২৪ সালের ৭ই জানুয়ারী অনুষ্ঠেয় সংসদ নির্বাচনে নাগরিকদের গণতান্ত্রিক রায় প্রদানে বাধাদানের তথ্যপ্রমাণহীন অভিযোগ তুলে পদক্ষে নেয়া হতে পারে। রুশ মুখপাত্র আরো বলেন যুক্তরাষ্ট্র বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করা থেকে বিরত হবে, এমন সম্ভাবনা কম। রুশ মুখপাত্র বলেন রাশিয়ান সরকার মনে করে যে, বাহিরের শক্তিগুলোর সব ষড়যন্ত্র সত্ত্বেও বাংলাদেশের রাষ্ট্রক্ষমতার বিষয়টির সমাধান হবে বাংলাদেশের বন্ধুপ্রতিম জনগনের দ্বারাই, অন্য কোনো শক্তির দ্বারা নয়।

সম্প্রতি রুশ পররাষ্ট্র মন্ত্রলয়ের বিবৃতি সম্পর্কে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী আব্দুল মোমেন বলেন 'রাশিয়া কি বলেছে, এটা আমাদের বিষয় নয়। তবে আমরা নজর রাখছি ও সতর্ক আছি। আমরা সার্বভৌম, আমাদের ভারসাম্যপূর্ণ পররাষ্ট্রনীতি। 'সবার সঙ্গে বন্ধুত্ব, কারও সঙ্গে বৈরিতা নয়' এটার পরিপ্রেক্ষিতে আমরা আমাদের পররাষ্ট্রনীতি পরিচালনা করি। তিনি বলেন আমার মনে হয় না এ ধরনের 'আরব বসন্তের' মত ঘটনা ঘটানোর কোনো সুযোগ এখানে আছে। আমরা ৭ই জানুয়ারী নির্বাচনে পরিপূর্ণ গণতান্ত্রিক প্রক্রিয়া অবলম্বন করবো।

ঢাকায় সহিংসতায় মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস এর সম্পৃক্ততা নিয়ে রাশিয়ার বক্তব্য প্রসঙ্গে তিনি বলেন 'আমরা আগেও এ ধরনের বাড়তি হামলা, মামলা, অগ্নিসন্ত্রাস প্রতিহত করেছি। কিছু অগণতান্ত্রিক গণতন্ত্রের ধোয়া তুলে গণতান্ত্রিক প্রক্রিয়াক বানচাল করার চেষ্টা যারা চালাচ্ছে, আসলে তারা গণতন্ত্রে বিশ্বাসী নয়। আমাদের দেশের জনগন এটি প্রতিহত করবে। আমরা অবাধ ও সুষ্ঠু নির্বাচন করতে যাচ্ছি। আমাদের ভারসাম্য কূটনীতি নিয়ে আমরা চলতে চাই। তিনি বলেন সরকার কোনো সুপারপাওয়ারের চাপে নেই। নির্বাচন নিয়ে সম্প্রতি নির্বাচন কমিশনার মো. আলমগীর স্পষ্টত:ই বলেছেন, নির্বাচন নিয়ে বহির্বিশ্বে কোনো ধরনের চাপ নেই। তারা শুধু জানতে চায়, সুষ্ঠু নির্বাচনের জন্যে কি কি ব্যবস্থা নেয়া হচ্ছে। তিনি আরো বলেন নির্বাচনে সেনাবাহিনী স্ট্রাইকিং ফোর্স হিসেবে কাজ করবে। আর পুলিশ, প্রশাসন ও রিটার্নিং কর্মকর্তা, প্রিজাইডিং অফিসাররা যখন যেখানে প্রয়োজন হবে সেখানে যাবেন। তিনি আশাবাদী যে নাশকতা রোধে আইনশৃংখলা বাহিনী তৎপর আছে। তাদের গোয়েন্দা তৎপরতাও বাড়ানো হয়েছে। এখন প্রযুক্তির যুগ। কেউ কোনো ধরনের নাশকতা করে পার পাবে না। অত্যন্ত শান্তি ও সুশৃংখলভাবে ভোট গ্রহন অনুষ্ঠিত হবে।

*সূত্র: কবি আবুল হাসানের আত্মজীবনি ঝিনুক নীরবে সহো, ইন্ডিয়া টুডে*

# অস্ট্রেলিয়ার পিকনিক পার্ক ও ডিক্লারেশন ফর্ম



## শামসুল ইসলাম টুকু

অষ্ট্রেলিয়ায় শনি রবি ছুটির দিনে পরিবার সহ সবাই বেরিয়ে পড়েন আনন্দঘন সময় কাটানোর জন্য নিজ নিজ গাড়ী নিয়ে। সপ্তাহের ৫ দিন কর্মক্লান্ত সময় পার করে উন্মুখ হয়ে থাকেন এ দুটি দিনকে নির্মলভাবে উপভোগ করার জন্য। পরিকল্পনা অনুযায়ী কেউ কেউ যান ঐতিহাসিক নিদর্শন দেখার জন্য। কেউ কেউ যান গুরুত্বপুর্ন ও দর্শনীয় অবকাঠামো দেখার জন্য। কেউ কেউ প্রাকৃতিক দৃশ্য ও সীবীচের অপরুপ মহিমা অবলোকনের জন্য ছুটে যান।আবার কেউ কেউ দলবল সহ পিকনিক করতে যান বিভিন্ন পার্কে ।

অষ্ট্রেলিয়া সরকার বিশেষত সিডিনীতে সকল নাগরিকদের ছুটির দিন উপভোগের জন্য সব চমৎকার ব্যাবস্থা করে রেখেছে। বিশেষত পিকনিকের জন্য গড়ে তোলা হয়েছে অসংখ্য পার্ক। এমনকি পাড়া মহল্লাতেও রয়েছে পার্কের ছড়াছড়ি। বিশাল দেশ কিন্তু জনসংখ্যা খুবই কম বলে এই সুবিধা দেওয়া সম্ভব হয়েছে। পার্কে রয়েছে আগতদের জন্য ছাউনিযুক্ত বসার জায়গা, খাবার জন্য বেঞ্চ ও টেবিল রয়েছে, রয়েছে ইউক্যালিপটাস গাছের প্রাকৃতিক ছায়া, সুপেয় পানীর সরবরাহ, পরিষ্কার পরিছন্ন একাধিক টয়লেট, রান্না করার জন্য বিনে পয়সায় ব্যবহার্য বৈদুতিক চুলা, বাচ্চাদের জন্য খেলাধুলার উপকরন ও ব্যাবস্থা, আবর্জনা ফেলার জন্য ঢাকনাযুক্ত বড় ডাস্টবিন। তথা পিকনিকের জন্য উপযুক্ত পরিবেশ। আশ্চর্যের বিষয় হচ্ছে এমন সুন্দর ব্যাবস্থার জন্য কোন বিনিময় দিতে হয়না বাংলাদেশের মত। লক্ষ্যনীয় বিষয় অষ্ট্রেলিয়ার বনবাদাড়ে পার্কের আশেপাশে প্রচুর শুকনো ডালপালা পাওয়া যায় কিন্তু সেই কাঠ জ্বালিয়ে রান্না করা যাবেনা। সেগুলো দাবানলে পুড়ে গেলেও কোন ক্ষতি নেই। তবুও জ্বালানী হিসেবে ব্যাবহার করা যাবেনা। এই শুকনো গাছ ও ডালপালাগুলো মেশিনে ক্ষুদ্র টুকরো টকরো করে তা ধুলো নিরোধের কাজে ব্যাবহৃত হয়। যেখানে ধুলো ওড়ার সম্ভাবনা আছে সেখানেই দেখা যাবে ওই কাষ্ঠচুর্নের আবরন। ফলে কোনভাবে বায়ূ ধুলিদুষন হয়না। এ প্রসঙ্গে গুরুত্বপুর্ন একটি বিষয় উল্লেখ করা যায়। তাহলো এখানকার ছোটবড় কোন গাড়ী থেকে কালো ধোয়াঁ দেখা যায়না পেট্রল পাম্পগুলোতে এত পরিষ্কার পরিচ্ছন্ন ফুয়েল বিক্রি করা হয় যা থেকে কোন কালো ধোয়াঁ সৃষ্টি হয়না বাংলাদেশের মত। বিনোদনের সুব্যবস্থা ও পরিবেশ দুষন মুক্ত রাখতে কোন ত্রুটি দেখা যায়না কল্যানকর এই রাষ্ট্রের। চলার প্রতিটি ক্ষেত্রে দেখা যায় নাগরিকদের সর্বোচ্চ সুবিধার জন্য গনমুখি কার্যক্রম। নাগরিকদের যেন কোন সমস্যার মুখোমুখি না হতে হয়।

যাই হোক সিডনীর ৩৩টি স্থানীয় সরকারের অধীনে রয়েছে ৬৫৮টি সাবআর্ব একএকটি সাবআর্বে যদি ছোট বড় ৫টি করে পার্ক ধরা যায় তাহলে সিডনীতে পার্কের সংখ্যা হবে ৩ হাজারের বেশী বই কম হবেনা। পার্কগুলি নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন করার দায়িত্ব স্থানীয় কাউন্সিল গুলোর। পার্কগুলোতে প্রতিদিন বিভিন্ন প্রকৃতির মানুষ আসে সেইসাথে আসে শিশুরা। বিশেষত শিশুরা যত্রতত্র খাবার প্যাকেট মোড়ক উচ্ছিষ্ট ফেলে। ফলে প্রতিদিনই পরিষ্কার করে রাখা কর্তৃপক্ষের নৈতিক দায়িত্বের মধ্যে পড়ে। আর এই পরিচ্ছন্নতাই পর্যটকদের আকৃষ্ট করে। তারপরেও আমার দেখা বেশ কয়েকটি পার্কের মধ্যে দুটি পার্কের কিছু সমস্যার কথা বলতে চাই। একটি হচ্ছে সেন্ট্রাল গার্ডেন রিজার্ভ মেরীল্যান্ড ও ইঙ্গেলবার্ন রিজার্ভ পার্ক। মেরীল্যান্ড পার্কটি বেশ বড়। সেখানে অল্প পরিসরে কিছু প্রানী সংরক্ষন করা আছে প্রদর্শনের জন্য। যেমন ৩টি ইমু পাখী, ৩টি ছোট ক্যাঙ্গারু, ১টি সাপ ও বিভিন্ন ধরনের কিছু পাখী। প্রানীগুলো সংরক্ষনের জন্য ভাল ব্যবস্থা নেই। যেনতেন প্রকারের বলেই আমার কাছে মনে হয়েছে। শিশুদের খেলাধুলার জন্য বেশ ভাল ব্যবস্থা লক্ষ্যনীয়। পিকনিকের জন্য ও মোটামুটি ব্যবস্থা রয়েছে। কিন্তু পার্কটির দুপাশ দিয়ে রাস্তা থাকায় পার্কটি শব্দ দুষনে আক্রান্ত। সবচেয়ে দুঃখজনক বিষয় হচ্ছে পার্কটির প্রধান ফটক সংলগ্ন এলাকাটি নিয়মিত পরিষ্কার হয়না। সেদিকে দৃষ্টি দেওয়া দরকার সংশ্লিষ্ট কর্তৃপক্ষের। এক বন্ধুর সহযোগীতায় গিয়েছিলাম ইঙ্গেলবার্ন রিজার্ভ পার্কে। পার্কটির চার পাশ ইউক্যালিপটাস এর জঙ্গল বেষ্টিত নেহাতই একটি ছোট পার্ক। বেশ নিরিবিলি। যদিও এখানে সাপ ছাড়া তেমন কোন হিংস্র প্রানী নেই। তবে দুর্বৃত্তদের আক্রমনের ভয় আছে যদি সেখানে আগত লোকসংখ্যা বেশী না থাকে। তাই জননিরাপত্তার জন্য এখানে অন্ততপক্ষে একজন নিরাপত্তা রক্ষী প্রয়োজন। খুবই অল্প পরিসরে অর্থাৎ ১/২ টি পিকনিক পার্টীর রান্নার জন্য বৈদ্যুতিক চুলা আছে। এর সংখ্যা বাড়ালে মন্দ হয়না। শিশুদের জন্য খেলার ব্যবস্থা আছে। পার্কটিতে দুবার গিয়েছি কিন্তু পরিষ্কার দেখতে পাইনি। তবে এই পার্কটির একটি বড় আকর্ষন আছে যা পর্যটকদের অনেকের অজানা বলে মনে হয়। পার্কটির অতি কাছ দিয়ে জর্জেস নদীর একটি শরু ঝরনা বয়ে গেছে জঙ্গলের মধ্যে দিয়ে। কিন্তু সে সম্পর্কিত কোন বোর্ড নেই আশেপাশে কোথাও। এমনকি পথের সংকেত ও দেওয়া নেই। আর যেটুকু চোখে পড়ে তা রীতিমত বিপসংকুল। ফলে পর্যটকদের ওই ঝরনা দেখার সাধ থাকলেও তা থেকে বঞ্চিত হয়। এই আকর্ষনটি দৃষ্টি গ্রাহ্য করার জন্য একটি সুন্দর রাস্তা ও ঝরনা দেখার জন্য একটি ব্যালকনি আবশ্যক। তা যে ব্যবহুল হবে তাও নয়। তাহলে এই ক্ষুদ্র পার্কটি জনপ্রিয় হয়ে উঠতে পারে। সিডনীতে যেমন তিন হাজারের অধিক পার্ক আছে তেমনি তিন হাজারের বেশী খেলার মাঠও আছে সকল সুযোগ সুবিধা সম্বলিত। এ প্রসঙ্গে পরবর্তীতে লেখার ইচ্ছে রইলো ।

এবার একটি ছোট বিষয়ের অবতারনা না করে পারলামনা। সেটা হলো ডিক্লারেশন ফর্ম ।

সিঙ্গাপুর এয়ারলাইনসে অষ্ট্রেলিয়া যাচ্ছি। যাত্রাটি মুলত ১২ঘন্টার। কিন্তু ৩ ঘন্টা আগে এয়ারপোর্টে উপস্থিতি আর সিঙ্গাপুরে ৩ থেকে ৬ ঘন্টা ট্রাঞ্জিট বা যাত্রা বিরতি মিলিয়ে যাত্রার সময় বেড়ে হয় ১৮ ঘন্টা থেকে ২১ ঘন্টা পর্যন্ত। ঢাকা -সিডনীর যাত্রাপথ প্রায় ১০ হাজার কিলোমিটার। এর অর্ধেক মহাসাগরের মধ্য দিয়ে এবং অর্ধেকটা মরুভুমির উপর দিয়ে এই দীর্ঘ সময়ের যাত্রা আমার শরীর সহ্য করতে পারবেতো ৭৪ বছর বয়সে? ছেলেমেয়েরা বললো, ধরে নেন ঈদের সময় ঢাকা থেকে চাপাইনবাগঞ্জ আসছেন বাসে। তখন তো ৬ ঘন্টার যাত্রা ১২ থেকে ১৮ ঘন্টাও হয়ে যায়। তেমনটা ভেবে মনকে শান্ত রাখবেন তাহলেই হবে। যাই হোক প্রায় ৩৭ হাজার ফুট উপর থেকে বিমানের জানালা দিয়ে দেখছিলাম প্রশান্ত মহাসাগরের নীল জলরাশি আর অষ্ট্রেলিয়ার ভুখন্ডে পড়তে দেখছিলাম মরুভুমি এবং অসংখ্য নীল পানির হ্রদ আর তুলার মত ভাসমান মেঘের খেলা। সময়টা উপভোগ করছিলাম আমি ও আমার জীবন সঙ্গিনী। দীর্ঘ ও ঝুঁকিপুর্ন এই ভ্রমনের আরো অনেক কিছু বর্ননা করা যেতো। বিমানে ভ্রমন রত বিভিন্ন দেশের ও বিভিন্ন ভাষার যাত্রী, ৩ দফা খাবার পরিবেশনা এবং বিমানবালাদের নিয়ে। যাইহোক সিডনী বিমান বন্দরে অবতরনের প্রায় ঘন্টাখানেক আগে বিমানবালারা প্রত্যেক যাত্রীকে সরবরাহ করলো একটি ছোট চিরকুট। যা ডিক্লারেশন ফর্ম নামে পরিচিত। যেখানে আমি আমার ব্যাগে ও লাগেজে কি কি মালামাল পরিবহন করছি তার ঘোষনাপত্র। অষ্ট্রেলিয়া সরকারের সরবরাহকৃত এই ফর্মটি যেমন ছোট তেমনি তার লেখাগুলো আরও ছোট। চশমা দিয়েও পড়তে পারছিলামনা। খুব বিরক্ত হলাম। কোথায় কি লিখবো বুঝতে পারছিলামনা। এক সহযাত্রীর সহযোগীতায় পড়িয়ে নিয়ে টিকমার্ক দিয়ে ফর্মটি পুরন করলাম। কিন্তু সনতুষ্ট হতে পারলামনা। অষ্ট্রেলিয়া সরকার তার দেশে আগত যাত্রীদের লাগেজের খবর নেবে তাতে আপত্তির কিছু নাই। কিন্তু এত কৃপনভাবে কেন ? ডিক্লারেশন ফর্মটি একটু বড় করে সকলের দৃষ্টি গ্রাহ্য করলে ক্ষতি কি ছিল ?পাশাপাশি বাংলাদেশ সরকারের দেয়া ফর্মটি তার দ্বিগুন বড় এবং পুরন করতে কোন সমস্যা হয়নি। কিন্তু দুই দেশের কোথাও এটা কাজে লাগেনি। জানিনা কেন।

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper | সত্যের সাথে সব সময়


# মজলুম ফিলিস্তিন ও মুসলমানদের পরাজিত মানসিকতা



**মুজাম্মেল হোসেন, অটোয়া, কানাডা**

ফিলিস্তিনে সন্ত্রাসী ইসরাইলের ধারাবহিক ও বর্বর আক্রমন আসলে বন্ধ হয়নি। হায়েনারা থেমে নেই। তবে রক্তাক্ত গাজার মুসলমানদের শানিত সাহস, নির্মোহ আত্মত্যাগ আর তেজদীপ্ত বীরত্বে ওরা হকচকিয়ে উঠেছে। ড্রাকুলা ইসরাইলের এ আগ্রাসন নতুন কিছু নয়! বিগত সত্তুর বছরেরও বেশী সময় ধরে দখলদার ও অপবিত্র জায়নবাদী গোষ্ঠী সেখানে বিরতিহীন আগ্রাসন চালিয়ে আসছে। তখন মুসলমানরা ছিল নিরব নিথর নিশ্চুপ। মুখে তালা লাগিয়ে তারা ফিলিস্তিনীদের প্রতি তাদের অভিনীত ভালবাসার নাটক মঞ্চস্থ করছে যুগের পর যুগ ধরে। বর্তমানেও এর কোন পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে না। মাত্র দুই মাসে ফিলিস্তিনের প্রায় বিশ হাজার মুসলমানকে হত্যা করা হয়েছে, লক্ষাধিক নিরাপরাধ নারী শিশু বৃদ্ধকে ক্ষত-বিক্ষত করে ঠেলে দেয়া হয়েছে জীবন মৃত্যুর সন্ধিক্ষণে, তবুও এই পরহেজগার মুসলমানদের ঘুমন্ত (আসলে মৃত) বিবেক জাগ্রত হয়নি। হ্যাঁ, মুসলিম নামধারী সাধু শাসকদের কথা বলছি যারা তাগুতকে খুশী রাখার প্রতিযোগিতায় নিরন্তর ও ক্লান্তিহীন। জায়নবাদ কিছুটা পিছু হটেছে বটে কিন্তু এ পিছু হটায় মুসলিম শাসকদের আদৌ কোন অবদান নেই।

গাজায় ইসলাইলের বর্বর আক্রমনে অন্তত এমন দুটো লাভের কথা বলতে পারি যা খুঁজে পেতে বিশ্ববাসীকে কয়েক দশক অপেক্ষা করতে হয়েছে। তা হলো এরকমঃ

এক. পাশ্চাত্যের চোখ ঝলসানো মানবাধিকারের মুখোশটিই শুধু খসে পড়েনি বরং আজ ওরা প্রকাশ্যেই দিগম্বর হয়ে পড়েছে। পাশাপাশি ওদের বাকস্বাধীনতার বানর নাচও খেলখতম হয়ে গেল বলে। একটি শিশুও বুঝতে পারছে এদের democracy আসলে demo of hypocrisy !

দুই. প্রাচ্যের মুসলিম নামধারী শাসকদের মুসলমানিত্বের ছদ্মাবরনটি সরে গেছে। পরিস্কার হয়েছে মুসলমানদের মধ্যে কারা পাশ্চাত্যের সেবাদাস। আল্লাহর নামে মৌখিক মন্ত্রপাঠ করা যে সব রথি-মহারথি বিশ্বের দুইশত কোটি মুসলমানকে শাসন ও শোষণ করেছে তাদের বর্ণচোরা, কাপুরুষোচিত, কুৎসিত এবং মোনাফিকী চেহারাও বিশ্বমুসলিমের সামনে লজ্জাস্করভাবে উন্মোচিত হয়েছে।

আমাদের আলোচনা এই দ্বিতীয় পর্যায়ের ভদ্রলোকদের নিয়ে সীমাবদ্ধ থাকবে। আসলে এই পৃথিবীতে ইসরাইল কেবল একটি মাত্র নয় বরং বিশ্বের কোনায় কোনায় এমন রক্তচোষা বহু ইসরাইল কেবল সুযোগের অপেক্ষায়। ওরা নিজেদেরকে আড়াল করে রেখেছে গণতন্ত্র, মানবাধিকার আর আন্তর্জাতিক অর্থ সহযোগিতার ছদ্মবেশে। এমন শাঠ্য ও ধোঁকাবাজী ওদের বহু শতাব্দীবাহিত এক ধারাবাহিক উপদংশ।

প্রথম কিবলা পবিত্র বায়তুল মোকা্দ্দেস জায়নবাদী ইসরাইলের দখলে - এ কথা সবাই জানি। কিন্তু যদি প্রশ্ন করা হয় বায়তুল্লাহ বা ক্বাবাঘর কাদের দখলে? মসজিদে নববী কাদের গদিকে পাকাপোক্ত করার কাজে ব্যস্ত? শুধু কি তাই - ঢাকার বায়তুল মোকাররম কাদের স্বার্থ সংরক্ষণ করে? দিল্লীর শাহী মসজিদ? করাচীর গ্র্যান্ড মসজিদ? ষাটটি মুসলিম রাষ্ট্রকে কারা শাসন করছে? এসব পবিত্র স্থান থেকে কি আল কোরআন আর বিশ্বনবীর (সা) সূন্নাহ প্রতিষ্ঠার কথা উচ্চকিত হয়? নাকি জালিম ও ফাসিক শাসকদের মনোরঞ্জনের তাবত আয়োজনের বৈধতা দেয়া হয়? ফলে সহজেই বুঝতে পারা যায় যে পৃথিবীর সব মুদিতনেত্র ফাসিকদের কুটমঞ্চস্থ মুসলিমপ্রেম একটি তামাশা মাত্র। ইতিহাস একদিন সাক্ষী দিবে আজ গাজার উপরে যে ভয়াবহ কিয়ামত নেমে এসেছে তাও বিপুল অর্থের বিনিময়ে ইসরাইলের সাথে কোন কোন মুসলিম রাষ্ট্রের গোপন সম্মতির মাধ্যমেই সংঘটিত হয়েছে কি না!। যেমনটি ঘটেছিল ইরাক ও আফগানিস্তানে মার্কিন হামলার সময়ে।

ইসরাইল আজ ফিলিস্তিনের মুসলমানদের সাথে যে নৃশংস ও ফেরাউনি আচরণে লিপ্ত, বর্তমান নামসর্বস্ব মুসলিম সেক্যুলার শাসকবর্গ কি নিজ নিজ দেশের ইসলাম প্রিয় মুসলমানদের সাথে এর চেয়ে ভিন্ন কোন আচরনের প্রমান দিচ্ছে? কেবল জেরুজালিমের বায়তুল মোকাদ্দাসেই কি মুসলমানদেরকে নামাজে বাধা দেয়া হচ্ছে? শুধুমাত্র ফ্রান্সেই কি বোরকা পড়া নিষিদ্ধ? আজ সুইডেনে মহানবীর (সা) বিকৃত কার্টুন আঁকা হয়। ডেনমার্কে কোরআন পোড়ানো হয়। ইতালীতে মসজিদে তালা দেয়া হয়। কিন্তু এ ধরনের ঘৃণ্য ও খোদাদ্রোহী কাজগুলো কি আজ মুসলিম দেশগুলোতে সংঘটিত হচ্ছে না? সেক্যুলার, ইসলাম বিরোধী, দুশ্চরিত্রবান ও মদ্যপায়ী পাপিষ্ঠ শাসকদের প্রত্যক্ষ ও পরোক্ষ সমর্থনে একই কাজ মুসলিম ভূখন্ডে ক্রমাগতভাবে চলছে নিরবে ও সরবে। এর সাথে যুক্ত হয়েছে আলিম নামধারী কতিপয় কচুরীপানা সদৃশ লেবাসধারীর ফতোয়াবমন; গাজার নিরাপরাধ অসহায় নারী, শিশু, বৃদ্ধ ও মজলুম নাগরিকদের সমর্থনে কোনরুপ মিছিল-প্রতিবাদ করা নাকি 'বিদআত'! বুঝতে বাকী নেই এই বশংবদ ও আপদমস্তক মুত্তাকীরা আসলে কাদের উদ্দেশ্য সফল করার জন্য বিদআতের ফেরিওয়ালা সেজেছে।

বিশ্বব্যাপী কোটি জনতা রাজপথে নেমেছে, প্রতিবাদ করছে। এতেও মুসলিম শাসক বলে পরিচিত রাজা-বাদশাহ ও তাদের মোসাহেবদের আরামের ঘুম ভাঙ্গেনি। ঘুম ভাঙ্গবেই বা কিভাবে? যারা নিজ দেশ ও জাতির সমস্যা সমাধানেই সক্ষম নয় তারা ভিনদেশের সমস্যা মোকবিলা করবে কি রুপে? আমরা যেন ক্রিকেট নিয়েই ব্যস্ত, মহাব্যস্ত। ভোগ বিলাস আর জনতার সম্পদ চুরি করেই তো এদের দিন চলে যায়! আসলে অদৃশ্য ইবলিসের চেয়ে এই দৃশ্যমান ইবলিস শত সহস্রগুণ বেশী বিপদজ্জনক।

এ সময়ে নখদন্তহীন ওআইসি নামক একটি জড়পদার্থের কথা মনে পড়ছে, যাদের মূল লক্ষ্য হচ্ছে দেশে দেশে ইসলামের পূণর্জাগরন প্রতিহত করা এবং এর বিপরীতে কুফরী মতবাদ সেক্যুলারীজম ও সংকীর্ণ জাতীয়তাবাদী চেতনাকে প্রতিষ্ঠা করা। ইসলামের নাম শুনে যারা ভূত দেখার মত আঁতকে ওঠে তারাই ওআইসির মাননীয় এবং মহামান্য হর্তা-কর্তার আরাম গদিতে সমাসীন। বিশ্বজুড়ে মুসলিম নির্যাতনের খবরাখবর যতটুকুই প্রকাশ পায়, তাও মূলত কাফির মুশরিকদের মিডিয়া থেকে। UNA (Union of OIC News Agencies), যার পূর্ব নাম IINA (International Islamic News Agency) নামে ওআইসির একটি সংবাদ সংস্থা রয়েছে, যারা কখনোই মুসলমানদের স্বার্থ সংশ্লিষ্ট কোন সংবাদ পরিবেশন করে না। ১৯৭২ সালে এটির জন্ম হলেও কেবল রাজ-রাজাদের গুণকীর্তন করা ছাড়া সংস্থাটির আর কোন কাজ নেই।

বলাই বাহুল্য যে, ফিলিস্তিনের স্বাধীনতার জন্য আমাদের কুম্ভীরাশ্রু বর্ষণের প্রয়োজন নেই- বরং গাজাই আজ আমাদেরকে স্বাধীনতার পথ দেখাচ্ছে। চোখে আঙ্গুল দিয়ে দেখিয়েছে কিভাবে শত ইবলিসের ষড়যন্ত্রের জিঞ্জির ভাঙ্গতে হয়। আমরাতো নিজেরাই পরাধীন, কিভাবে ফিলিস্তিনের জন্য মুক্তির শ্লোগান দেব? ফিলিস্তিন আমাদের অপেক্ষায় বসে থাকবে না, বরং জুলুমের জাল ছিন্ন করে পবিত্র বায়তুল আকসার মহিমান্বিত দীপশিখা ক্রমাগত এক অনিশেষ শুল্কপক্ষের চাঁদের মত উজ্জ্বল থেকে উজ্জ্বলতর হয়ে উঠবেই। একদিন এ বর্বর জুলুমের অবসান হবে, ফিলিস্তিন স্বাধীনও হবে ইনশাআল্লাহ। যার কেউ নেই তার সাহায্যে আল্লাহ রয়েছেন-কেবল সময়ের অপেক্ষা। যেসব মুসলিম শাসক ইসলাম ও কোরআনের সাথে বিশ্বাসঘাতকতা করেছে, মুসলমানদের উপর নির্বিচার জুলুম ও আগ্রাসনের মোকবিলায় উটপাখি নীতি অবলম্বন করেছে- তাদের ক্ষমা হবে না। সেই সাথে যেসব মুসলমান নামধারী প্রাণীগুলো জেনে বুঝে এসব জালিম ও ইসলাম বিদ্বেষী শাসকদেরকে ভোট ও সমর্থন নিয়ে বিজয়ী করছে তারাও একই পরিনতি ভোগ করবে। অন্তত ইতিহাস সে কথাই বলে।

প্রথম বিশ্বযুদ্ধের পরে উসমানীয় খেলাফত ও ইসলামী শাসন ব্যবস্থাকে উৎখাত করার জন্য ১০ লক্ষ কথিত মুসলমান শপথ নিয়েছিল। এরা সকলেই মুসলিম বংশোদ্ভূত পাক্কা ঈমানদার! বাস্তবে বর্তমান সময়ে ইসলাম ও মুসলমানদের সর্বপ্রধান প্রতিপক্ষ হচ্ছে মুসলিম নামধারনকারী ধর্মনিরপেক্ষ শাসকবর্গ ও তাদের অন্ধ অনুগত সারমেয় শ্রেণী। এ কারনেই বিশ্বব্যাপী দুইশত কোটি মুসলমান জীবিত থেকেও মাত্র দুই মিলিয়ন অসহায় নারী পুরুষকে নূন্যতম সহযোগিতা করতে আমরা চরমভাবে ব্যর্থ হয়েছি।

আসলে গোলামী দুই প্রকারেরঃ মানসিক গোলামী এবং রাজনৈতিক গোলামী। আমরা এই উভয় গোলামীর খুঁটার নিচেই নিজেদের মুক্তি খুঁজছি। আজ আক্রান্ত কি কেবল গাজা? চোখ মেলে তাকালেই দৃষ্টিতে ভেসে ওঠে চীন সাগরের উত্তাল তরঙ্গমালায় প্রতিনিয়ত ভেসে চলা কম্পুয়িার মুসলমানদের লাশ, আরাকানের রোহিঙ্গা মুসলমানদের নিজ ভুমি থেকে নির্মমভাবে উৎখাত, ফিলিপাইনের মিন্দানাও, চীনের উইঘুর, ভারতের কাশ্মীর, আফগান, ইরাক, সেন্ট্রাল আফ্রিকা। বাংলাদেশ ও পাকিস্তান কি এই অবস্থার বাইরে? বিশ্ব মুসলমানদের ভুমিকা কোথায়? হালাল ও হারাম একত্রে গুলিয়ে, জালিম ও মজলুমের চিরাচরিত সঙ্গাকে পাশ কাটিয়ে, বন্ধু ও শত্রুর পার্থক্যকে ভাগাড়ে ছুড়ে ফেলে মুসলিম দেশগুলো দখলদার জায়নবাদীদের সাথে সম্পর্ক স্বাভাবিকীকরন বা normalization এর দিকে হাটছে।

প্রমান রয়েছে, মুসলিম বিশ্বের কোথাও যাতে কোরআন এবং সূন্নাহর আলোকে কোন ইসলামী রাষ্ট প্রতিষ্ঠিত হতে না পারে এ জন্য মুসলিম শাসকদের রয়েছে সম্মিলিত ও গোপন এজেন্ডা। আসলে এরাই একেকটি জীবন্ত ফেরাউন আর নমরুদ। আমাদের বুঝতে হবে OIC মুসলিম উম্মাহর প্রতিনিধিত্ব করে না। সেক্যুলারিজমের ঘৃণ্য ও বিষাক্ত ভাইরাসে আক্রান্ত ওআইসি এক প্যাডসর্বস্ব সংগঠন বৈ কিছুই নয়। ফাইভস্টার হোটেল কিংবা বিলাসবহুল মিটিংরুমে বসে মুখরোচক বিবৃতি উগড়ে দেয়া ছাড়া এই মহামানবদের আর কোন তৎপরতার ইতিহাস শক্তিশালী মাইক্রোসকোপ দিয়েও কেউ খুঁজে পাবে না। মুসলমানদের ক্রান্তিকালে এই ইসলামী সম্মেলন সংস্থার (OIC) বড় অর্জন হচ্ছে সেই বিলাসবহুল হোটেলে বসে কড়াভাষায় (!) শতশত বিবৃতি প্লাবনের মহোৎসব। বিশ্বমুসলিমের জন্য A+ পাওয়া এই বিবৃতির তলাহীন ঝুড়িতে রয়েছে: বোসনিয়ার জন্য ৮৬১টি, আরাকানের ৩৫০টি, মিন্দানাও এর জন্য ১৯৮ টি, কাশ্মীরের জন্য ৩০১টি, উইঘুরের জন্য ১৫৯ টি, চেচনিয়ার ৪২৭ টি, সেন্ট্রাল আফ্রিকার জন্য ১০২টি এবং ফিলিস্তিনের মুসলমানদের জন্য ১২৬৩টি বিবৃতি। বিশাল অর্জন! মাশাআল্লাহ না বলে কি উপায় আছে? বিশ্বের দুইশত কোটি মুসলমানের প্রতিনিধিত্বকারী ওআইসি কি আদৌ তাদের দায়িত্ব পালন করছে? না কি অন্য কারো এজন্ডা বাস্তবায়নে তৎপর রয়েছে? এ প্রশ্নটি বিশ্ববিবেকের। চেচনিয়া ও বসনিয়ায় স্বাধীনতাকামী মুসলমানদের পাখির ন্যায় গুলি করে হত্যা করা হয়েছে। নারী-শিশু কাউকে রেহাই দেয়নি নরপিশাচ রুশ ও সার্ববাহিনী। বর্তমান বিশ্বের অন্যতম প্রধান সমস্যা ফিলিস্তিন ইস্যু। লাখ লাখ ফিলিস্তিনি যুগযুগ ধরে নিজগৃহে বন্দী রয়েছে, বাধ্য হচ্ছে মানবেতর জীবন যাপন করতে। মিয়ানমারে লক্ষাধিক রোহিঙ্গা মুসলমানকে নিজ মাতৃভুমি থেকে বিতাড়িত করেছে মিয়ানমারের হিংস্র হায়েনারা। 'জীব হত্যা মহাপাপ' শ্লোগান দিয়ে উগ্র বৌদ্ধরা হাজার হাজার নিরীহ নিরপরাধ রোহিঙ্গা মুসলমানকে নির্মমভাবে হত্যা করেছে।

এমতাবস্থায় আমাদের করনীয় কি? এ প্রশ্নের জবাব মহান আল্লাহপাক আমাদেরকে দিয়েছেন এভাবেঃ তোমাদের কি হয়েছে যে, তোমরা আল্লাহর পথে এবং অসহায় নরনারী ও শিশুদের উদ্ধারের জন্য সংগ্রাম করবে না? যারা বলছে, 'হে আমাদের প্রতিপালক! অত্যাচারী অধিবাসীদের এই নগর হতে আমাদেরকে বের করে নিরাপদে অন্যত্র নিয়ে যাও এবং তোমার পক্ষ থেকে কাউকে আমাদের জন্য অভিভাবক হিসেবে পাঠাও এবং তোমার নিকট হতে কাউকে আমাদের সাহায্যকারী নিযুক্ত কর।' (সূরা আন নিসা:৭৫)

আর কত? এখনো কি সময় হয়নি মুসলমানদের সিদ্ধান্ত নেয়ার? সময় কি হয়নি আগাছা পরগাছা উপড়ে ফেলার? রাত পোহাবার কত দেরী পাঞ্জেরী?

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper । সত্যের সাথে সব সময়

ব্রুনাই দারুসসালাম থেকে

ডা. ইমাম হোসাইন



# জুমুআর সালাতের গুরুত্ব ও ফজীলত

মহান আল্লাহ রাব্বুল আলামীন উম্মাতে মুহাম্মাদীকে 'জুমু'আর দিবসের নেয়ামত দান করেছেন। সৃষ্টির শুরু থেকেই এই দিনটি সবচেয়ে সম্মানিত। কিন্তু পূর্ববর্তী উম্মাতগণ এই দিনটি লাভ

করতে পারে নি। এই দিনটির মর্যাদায় অনেক হাদীস বর্ণিত হয়েছে। কয়েকটি হাদীস শুনুন: "সূর্যের নিচে সর্বশ্রেষ্ঠ দিন হলো জুমুআর দিন। এই দিনেই আদমকে আল্লাহ সৃষ্টি করেন, এই দিনেই তাকে জান্নাতে প্রবেশ করান এবং এই দিনেই তাকে জান্নাত থেকে বের করা হয়।" "সকল দিবসের নেতা ও আল্লাহর নিকট সবচেয়ে মর্যাদাময় দিন হলো জুমুআর দিন। এই দিনটি আল্লাহর নিকট ঈদুল আযহা ও ঈদুল ফিতরের দিনের চেয়েও অধিক মর্যাদাময়। এই দিনের পাঁচটি বৈশিষ্ট্য রয়েছে। এই দিনে আল্লাহ আদমকে সৃষ্টি করেন। এই দিনেই তাকে পৃথিবীতে অবতরণ করান। এই দিনেই আল্লাহ আদমকে মৃত্যু দান করেন। এই দিনে এমন একটি সময় আছে যে সময়ে বান্দা আল্লাহর নিকট যা চাইবে আল্লাহ তাকে তাই দিবেন, যদি না সে কোনো হারাম বস্তু চায়। এই দিনেই কেয়ামত সংঘটিত হবে। সকল নৈকট্যপ্রাপ্ত ফিরিশতা, আকাশ, যমিন, বাতাস, পাহাড়, সমুদ্র প্রত্যেকেই শুক্রবারে সন্ত্রস্থ হয়ে পড়ে। "তোমাদের দিনগুলির মধ্যে সর্বোত্তম দিন হলো শুক্রবার।... কাজেই, এ দিনে তোমরা আমার উপর বেশি করে দরুদ পাঠ করবে, কারণ তোমাদের দরুদ আমার কাছে পেশ করা হয়।" সাহাবীগণ বলেন : "হে আল্লাহর রাসূল, আপনি তো (কবরের মাটিতে) বিলুপ্ত হয়ে যাবেন, মিশে যাবেন, কী ভাবে তখন আমাদের দরুদ আপনার নিকট পেশ করা হবে? তিনি বলেন: আমাদের দেহ, নবীদের দেহ ভক্ষণ করা মহান আল্লাহ মাটির জন্য নিষিদ্ধ করেছেন।

এই মহান দিনের সর্বশ্রেষ্ঠ কর্ম হলো জুমু'আর সালাত আদায় করা। আল্লাহ বলেন: "হে ঈমানদারগণ, যখন জুমু'আর দিনে সালাতের জন্য আহ্বান করা হবে, তখন তোমরা আল্লাহর যিকর-এর দিকে ধাবিত হবে এবং ব্যবসা বাণিজ্য পরিত্যাগ করবে। এটিই তোমাদের জন্য উত্তম, যদি তোমরা জানতে পার।" জুমু'আর সালাত আদায় করা মুমিনের অন্যতম ফরয ইবাদত। ইচ্ছাপূর্বক জুমু'আর সালাত ত্যাগ করে এর পরিবর্তে যোহরের সালাত আদায় করাও কঠিন গোনাহের কাজ ও ভয়ঙ্কর শাস্তিযোগ্য অপরাধ। রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "জুমু'আর সালাত পরিত্যাগের অভ্যাস মানুষদের অবশ্যই ছাড়তে হবে। তা না হলে আল্লাহ তাদের অন্তরের উপর মোহর মেরে দিবেন এবং এরপর তারা গাফিল বা মুনাফিকে পরিণত হবে। জুমুআর সালাত সুন্দর রূপে আদায় করার মধ্যে রয়েছে অফুরন্ত পুরস্কার। রাসূলুল্লাহ (সা.) বলেন: "যদি কেউ সুন্দর রূপে ওযূ করে, এরপর জুমুআর সালাতে উপস্থিত হয় এবং নীরবে মনোযোগের সাথে (ইমামের খুতবা বা বক্তৃতা) শ্রবণ করে, তবে সে জুমুআ থেকে পরবর্তী জুমুআ পর্যন্ত ৭ দিন এবং অতিরিক্ত ৩ দিনের মধ্যে কৃত তার সকল (সগীরা) গোনাহ ক্ষমা করা হবে। আর যদি কেউ (ইমামের খুতবার সময়) কাঁকর স্পর্শ করে তবে সে জুমুআর সাওয়াব থেকে বঞ্চিত হবে।' জুমুআর সালাতে গমনকারী জিহাদে গমনের সাওয়াব লাভ করবেন। তাবে-তাবেয়ী এযিদ ইবনু আবূ মরিয়ম বলেন, আমি একদিন হেটে হেটে জুমুআর সালাতে যাচ্ছিলাম। এমতাবস্থায় তাবিয়ী আবায়া ইবনু রিফাআহ আমার কাছে এসে বলেন: আপনি সুসংবাদ গ্রহণ করুন। আপনার এ পদক্ষেপগুলি আল্লাহর রাস্তায়। আমি সাহাবী আবূ আবস (রা)-কে বলতে শুনেছি, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: "যদি কারো পদদ্বয় আল্লাহর রাস্তায় ধুলিধসরিত হয় তবে সেই পদদ্বয় জাহান্নামের জন্য হারাম হয়ে যায়।"

জুমুআর সালাতে যাওয়ার জন্য অনেক আদব শিক্ষা দিয়েছেন রাসূলুল্লাহ। এগুলির মধ্যে রয়েছে জুম'আর দিনে গোসল করা, সুগন্ধি মাখা এবং সবচেয়ে ভাল পোশাক পরিধান করা, হেঁটে যাওয়া, সকাল সকাল মসজিদে উপস্থিত হওয়া, মসজিদে প্রবেশ করে কিছু সুন্নাত-নফল সালাত আদায় করা, মসজিদের মধ্যে আগেই উপস্থিত কোনো মুসল্লীকে কষ্ট না দেওয়া, কারো ঘাঁড়ের উপর দিয়ে না যাওয়া, দুইজনের মাঝে ঠেলে বসে না পড়া, ইমামের নিকটবর্তী হয়ে বসা, নীরবে মনোযোগের সাথে ইমামের বক্তৃতা শ্রবণ করা ইত্যাদি। এ বিষয়ে কয়েকটি হাদীস শুনুনঃ "এই দিনটি (শুক্রবার) ঈদের দিন। আল্লাহ তা'লা মুসলমানদের জন্য এই দিনটিকে (সাপ্তাহিক) ঈদের দিন বানিয়েছেন। কাজেই যে জুমুআয় আগমন করবে, সে যেন গোসল করে। আর যদি তার কাছে কোনো সুগন্ধি থাকে তবে সে যেন তা মাখে। আর তোমরা অবশ্যই মেসওয়াক ব্যবহার করবে।' "যদি কেউ জুমুআর দিনে গোসল করে, তার কাছে কোনো সুগন্ধি থাকলে তা মাখে, তার সবচেয়ে ভাল পোশক থেকে পরিধান করে, এরপর মসজিদে গমন করে এবং মসজিদে যেযে তার সাধ্যমত (সুন্নাত নফল) সালাত আদায় করে, কাউকে কষ্ট দেয় না, কারো ঘাড়ের উপর দিয়ে যায় না, দুজনের মাঝে সরিয়ে জায়গা করে না, এরপর নীরবে খুতবা শুনে এবং সালাত আদায় করে, তবে তার এই জুমুআ থেকে পরবর্তী জুমুআ পর্যন্ত পাপের মার্জনা হবে।

"যদি কেউ জুমআর দিনে উত্তমরূপে গোসল করে, সকাল সকাল মসজিদে গমন করে, বাহনে আরোহন না করে হেটে যায়, ইমামের নিকটবর্তী হয়, মনোযোগ দিয়ে শ্রবণ করে এবং কোনো কথা না বলে তবে তার প্রত্যেক পদক্ষেপে এক বৎসরের নফল সিয়াম ও তাহাজ্জুদের সাওয়াব লাভ করবে। "যদি কেউ জুমাআর দিনে নাপাকীর গোসলের ন্যায় গোসল করে এবং প্রথম প্রহরেই মসজিদে রাওয়ানা দেয় তবে সে একটি উট কুরবানী দানের তুল্য সাওয়াব লাভ করবে। আর যে ব্যক্তি দ্বিতীয় প্রহরে গমন করল সে যেন একটি গরু কুরবানী দিল। আর যে ব্যক্তি তৃতীয় পর্যায়ে গমন করল সে যেন একটি শিং ওয়ালা সুন্দর ভেড়া কুরবানী দিল। আর যে চতুর্থ পর্যায়ে গমন করল সে যেন একটি মুরগী দান করল। আর যে পঞ্চম পর্যায়ে গমন করল সে যেন একটি ডিম দান করল। আর যখন ইমাম বেরিয়ে আসেন তখন ফিরিশতাগণ তাদের (এই বিশেষ সাওয়াবের দফতর বন্ধ করে) ইমামের আলোচনা শুনতে থাকেন। মুসল্লীগণ যেন মনোযোগ দিয়ে খুতবা শুনেন এবং অন্যদেরকে শুনতে দেন সেজন্য খুতবা চলাকানীন সময়ে সামান্যতম কথা বলা নিষিদ্ধ ও হারাম করা হয়েছে। এমনকি কাউকে চুপ করতে নির্দেশ দেওয়াও নিষিদ্ধ। উপরন্তু হাত দিয়ে কিছু নাড়াচাড়া করা, কাঁকর সরান ইত্যাদিও নিষেধ করা হয়েছে। এরূপ করলে জুমুআর সাওয়াব থাকবে না। যে ব্যক্তি পরিপূর্ণ মনোযোগ ও নীরবতার সাথে খুতবা শুনবে সে জুমুআর সাওয়াব ছাড়াও অতিরিক্ত ক্ষমা ও পুরস্কার লাভ করবে বলে বিভিন্ন হাদীসে বলা হয়েছে। বস্তুত, জুমআর সালাতের অন্যতম ইবাদত হলো ইমামের খুতবা মনোযোগ দিয়ে শ্রবণ করা। খুতবার উদ্দেশ্য হলো প্রতি সপ্তাহে মুসল্লীদেরকে প্রয়োজনীওও নসীহত ও দিক নির্দেশনা প্রদান করা। আরবীতে খুতবা অর্থ বক্তৃতা। রাসূলুল্লাহ খুতবাকে "ওয়ায" বলে আখ্যায়িত করে বলেন: "যদি কেউ জুমুআর দিনে গোসল করে, তার স্ত্রীর নিকট সুগন্ধি থাকলে তা মাখে, ভাল পোশাক পরিধান করে, মানুষের ঘাড়ের উপর দিয়ে না যায় এবং ওয়াযের সময় কথা না বলে, তবে দুই জুমুআর মধ্যবর্তী সময়ের জন্য পাপের মার্জনা করা হবে। আর যদি কেউ কথা বলে এবং মানুষের ঘাড়ের উপর দিয়ে যায় তবে তার জুমুয়া যোহরে পরিণত হবে (জুমুআর কোনো ফযীলত বা সাওয়াব সে পাবে না।) খুতবা ভালভাবে শ্রবণ ও হৃদয়ঙ্গম করার জন্য রাসূলুল্লাহ (সা.)মুসল্লীদেরকে ইমামের নিকটবর্তী হয়ে বসতে নির্দেশ দিয়েছেন। তিনি বলেন: "তোমরা জুমুআর খুতবায় উপস্থিত হবে এবং ইমামের নিকটবর্তী হবে। কারণ মানুষ নিয়মিত দূরে বসতে থাকলে সে জান্নাতে প্রবেশ করলেও তাকে জান্নাতে দূবরর্তী ও পশ্চাদপদ রাখা হবে।' খুতবা মনদিয়ে শোনার জন্যই রাসূলুল্লাহ (সা.) বারংবার নির্দেশ দিয়েছেন সকাল সকাল মসজিদে যেতে। এ অর্থের কয়েকটি হাদীস আমরা দেখেছি। রাসূলুল্লাহ (সা.) সাধারণত সূর্য মধ্যগগণ থেকে ঢলে পড়ার সাথে সাথেই জুমুআর সালাতের খুতবা শুরু করতেন। এজন্য বারংবার জুমুআর দিনে বেলা গড়ার পূর্বেই মসজিদে যেতে বলেছেন। ইলমের ফযীলত আলোচনায় দেখেছি যে, রাসূলুল্লাহ (সা.) বলেছেন, "যদি কোনো ব্যক্তি ভাল কিছু কথা শেখার বা শেখানোর উদ্দেশ্যে দ্বিপ্রহরের পূর্বেই মসজিদে গমন করে, তবে সে ব্যক্তি একটি পরিপূর্ণ হজ্জের সাওয়াব লাভ করবে।" অন্য হাদীসে আমরা দেখেছি যে, ইমামের আলোচনা শুরুর পূর্ব পর্যন্ত ফিরিশতাগণ বিশেষ সাওয়াব লিখতে থাকেন। খুতবার উদ্দেশ্য ওয়ায এবং মুসল্লীদের মনে পরিবর্তন আনয়ন করা। এজন্য রাসূলুল্লাহ (সা.)-এর সুন্নাত হলো, খতীব তার খুতবার বক্তব্যের সাথে নিজের আবেগ প্রকাশ করবেন। রাসূলুল্লাহ যখন খুতবা দিতেন তখন তাঁর চক্ষুদ্বয় লাল হয়ে যেত, কণ্ঠস্বর উচ্চ হতো, বিষয়বস্তুর সাথে তার কঠিন আবেগ বা ক্রোধ প্রকাশ পেত। তিনি খুতবার শুরুতে আল্লাহর প্রশংসা ও শাহাদাতাইনের পরে কুরআন ও সুন্নাত আঁকড়ে ধরতে এবং বিদ'আত পরিহার করতে নির্দেশ দিতেন। অধিকাংশ সময় তিনি খুতবার মধ্যে কুর্‌আন কারীমের বিভিন্ন সূরা পাঠ করে ওয়ায করতেন। দুনিয়ার ক্ষণস্থায়িত্ব চিন্তা করতে এবং মনগুলিকে আখিরাতমুখি করার জন্য নসীহত করতেন। সমবেত মুসল্লীদেরকে নসীহত করা ছাড়াও খুতবা চলাকালীন সময়ে রাসূলুল্লাহ (সা.) মুসল্লীদের মধ্যে কারো সাথে প্রয়োজনীয় কথা বলতেন ও ব্যক্তিগত আদেশ নিষেধ প্রদান করতেন। একদিন খুতবা চলাকালীন সময়ে একজনকে মুসল্লীদের ঘাড়ের উপর দিয়ে সামনে আসতে দেখে তাকে বলেন, তুমি বসে পড়, তুমি তো মানুষদেরকে কষ্ট দিচ্ছ। আব্দুল্লাহ ইবনু মাসউদকে মসজিদের দরজার কাছে বসা দেখে তিনি খুতবা থামিয়ে তাকে ডেকে বলেন, তুমি সামনে এস। খুলাফায়ে রাশেদীনও প্রয়োজনে এরূপ করতেন। একদিন উমার (রা) খুতবা দিচ্ছিলেন। এ সময়ে উসমান (রা) মসজিদে প্রবেশ করেন। উমার (রা) খুতবা থামিয়ে বলেন, এ কোন্ সময় হলো? (এত দেরি হলো কেন?) উসমান (রা) বলেন, কাজে ব্যস্ত হয়ে পড়েছিলাম। আযান শুনেই বাড়ি এসে ওযূ করেই চলে এসেছি। উমার (রা) বলেন: শুধু ওযূ করে? অথচ আপনি জানেন যে, রাসূলুল্লাহ (সা.) জুমুআর দিনে গোসল করতে বলেছেন। জুমুআর দিনে দুআ কবুলের একটি বিশেষ মুহূর্ত রয়েছে। রাসূলুল্লাহ (সা.) বলেন: "জুমুআর দিনের মধ্যে একটি সময় আছে কোনো মুসলিম যদি সে সময়ে আল্লাহর নিকট কিছু প্রার্থনা করে তবে আল্লাহ তাকে তা প্রদান করেন। তিনি বলেন: তা খুবই সংক্ষিপ্ত সময়।"

এক হাদীসে বর্ণিত হয়েছে যে, ইমাম খুতবা দেওয়ার জন্য মিম্বারে বসা থেকে জুমুআর সালাতে শেষ হওয়া পর্যন্ত সময়ের মধ্যে মুহূর্তটি থাকে। অন্যান্য বর্ণনায় দেখা যায় যে, জুমুআর দিন আসরের পরে সূর্যাস্তের পূর্বে এ মুহূর্তটি থাকে। রাসূলুল্লাহ খুতবার মধ্যে মাঝে মাঝে দুআ করতেন। হাযেরীন, জুমুআর দিনের এত ফযীলত দেখে মনের আবেগে ইচ্ছামত ইবাদত বন্দেগী করা।

জুমুআর দিনের এত ফযীলত দেখে মনের আবেগে ইচ্ছামত ইবাদত বন্দেগী করা যাব না; বরং সুন্নাতের নির্দেশনার আলোকে ইবাদত করতে হবে। জুমুআর ফযীলতের দিকে লক্ষ্য রেখে কেউ হয়ত এ দিনে রোযা রাখার বা জুমুআর রাতে খাস করে তাহাজ্জুদ পড়ার বা একটু বেশি করে পড়ার রীতি করতে পারেন। কিন্তু এরূপ করতে রাসূলুল্লাহ (সা.) নিষেধ করেছেন। তিনি বলেন: "তোমরা জুমুআর রাতকে সালাতের জন্য খাস করবে না এবং জুমুআর দিনকে সিয়ামের জন্য খাস করো না ... আগে বা পরে রোযা না রেখে শুধু জুমুআর দিনে তোমাদের কেউ রোযা রাখবে না।' " এদিনের সুন্নাত সম্মত বিশেষ আমলের মধ্যে রয়েছে বেশি বেশি দরুদ শরীফ পাঠ করা। এ বিষয়ে একটি হাদীস আমরা শুনেছি। অন্য একটি গুরুত্বপূর্ণ আমল জুমুআর দিনে ও রাতে সূরা কাহফ তেলাওয়াত করা। রাসূলুল্লাহ বলেন: "যদি কেউ জুমুআর দিনে সূরা কাফ্ফ পাঠ করে তবে তা তার দুই জুমুআর মধ্যবর্তী সময়কে নূরে উদ্ভাসিত করে দেয়।

খাস করে জুমুআর দিনে সিয়াম পালনে আপত্তি থাকলেও আগের বা পরের দিনের সাথে মিলিয়ে বা নিয়মিত তারিখে পড়ে গেলে জুমুআর দিনে সিয়াম পালন করা যায়। এছাড়া এর সাথে অন্যান্য মানবসেবামূলক নেক কর্ম করতে উৎসাহ দিয়েছেন রাসূলুল্লাহ (সা.)। তিনি বলেন: "যদি কেউ একদিনে পাঁচটি কর্ম করে তবে তাকে আল্লাহ জান্নাতবাসী হিসেবে লিপিবদ্ধ করেন: অসুস্থ মানুষকে দেখতে যাওয়া, মৃত ব্যক্তির জানাযায় শরীক হওয়া, দিবসে সিয়াম পালন করা, জুমুআয় গমন করা এবং দাস মুক্ত করা।" এগুলি সবই অত্যন্ত গুরুত্বপূর্ণ নেক আমল। সহীহ হাদীস থেকে আমরা জানতে পারি যে, যে কোনো অসুস্থ মানুষকে এক নযর দেখতে গেলে ৭০ হাজার ফিরিশতা তার জন্য সারা দিনরাত দুআ করবেন, কারো জানাযায় শরীক হলে একটি পাহাড় পরিমাণ সাওয়াব এবং দাফন পর্যন্ত থাকলে দুটি পাহাড় পরিমান সওয়াব লাভ হবে। সমাজ থেকে দাসপ্রথা উচ্ছেদের জন্য ইসলামে ক্রীতদাস মুক্ত করাকে অন্যতম ইবাদত বলে গণ্য করা হয়। বর্তমানে আইনগতভাবে দাসপ্রথা উচ্ছেদ হলেও অনেক ক্ষেত্রেই শ্রমিকগণ দাসদের মতই আচরণ পান। তাদের অর্থনৈতিক বিমুক্তির জন্য অর্থ ব্যয়ও অনুরূপ ইবাদত। আর সিয়াম ও জুমুআর সাওয়াব আমরা জানি। আর যদি এ কর্মগুলি একত্রে একদিনে করা যায় তবে তাঁর জন্য জান্নাতের মহা সুসংবাদ। অন্য হাদীসে আবূ হুরাইরা (রা) বলেন, একদিন রাসূলুল্লাহ (সা.) বলেনঃ "তোমাদের মধ্যে আজ কে সিয়ামরত ছিলে? আবু বকর (রা) বলেন: আমি। রাসূলুল্লাহ (*) প্রশ্ন করেন: তোমাদের মধ্যে কে আজ কোনো জানাযায় শরীক হয়েছ? আবু বকর (রা) বলেন: আমি। তিনি প্রশ্ন করেন: তোমাদের মধ্যে কে আজ দরিদ্রকে খাদ্য প্রদান করেছ ? আবু বকর (রা) বলেন: আমি। তিনি আবার প্রশ্ন করেন: আজ তোমাদের কে অসুস্থ কোনো মানুষকে দেখতে গিয়েছ ? আবু বকর বলেন: আমি। তখন রাসূলুল্লাহ বলেন : এই কর্মগুলি যদি কোনো মানুষের মধ্যে একত্রিত হয় তাহলে সেই ব্যক্তি অবশই জান্নাতী হবেন।

আল্লাহ এ সকল কাজকে আমাদের নিয়মিত অভ্যাস বানিয়ে দিন। আমীন।

# Bangladesh: Election must be held under constitution BUT.....! ?




*Continued from page 1*

and the opposition, particularly the Bangladesh Nationalist Party (BNP), adds layers of tension to the electoral process. Is this election held under the constitution or not under the constitution? Examining the situation through the lens of the constitution raises critical questions about the fairness, participation, and acceptability of the upcoming elections. This article explores the changing political situation, focusing on topics like the arrest of opposition leaders, reported breaches of electoral rules, and the difficulties faced by affected families. By looking at both past events and what's happening now, I would like to uncover the difficulties that could influence Bangladesh's elections and affect its commitment to democracy.

**Activity of the ruling party - constitutional or unconstitutional?**

Just like in other democratic countries, as per the Bangladesh constitution, participating in a peaceful rally is not considered illegal. The Bangladesh National Party, BNP, held a lawful rally, demanding a fair election in the upcoming parliament election explicitly stating their non-violent intentions, while the Awami regime falsely accused and provoked them through the mainstream media. The Awami regime organized its own rally on October 28, calling it a 'peace rally,' but encouraged supporters to come armed with 'Logi-Boitha,' reminiscent of past violent actions during the BNP's 2001–2006 tenure. On 28 October 2006, people were violently beaten to death with bamboo sticks by Awami League's supporters, following Sheikh Hasina's call for her supporters to bring the bamboo sticks (Logi-Boitha, see the link for detail in wikipedia <https://en.wikipedia.org/wiki/Logi_Boitha_Movement> ) (Ref: 12 killed in Bangladesh clashes, Al Jazeera, 28 Oct 2006). Currently, the Awami League's general secretary threatened the BNP, referencing the 2013 Hefazat massacre (Ref:Video suggests higher Bangladesh protest toll Al Jazeera, 14 May 2013;
HRW, Blood on the Streets, 1 August 2013, <https://www.hrw.org/report/2013/08/01/blood-streets/use-excessive-force-during-bangladesh-protests >), hinting at similar actions if the alleged redline was crossed on October 28, 2023. To stop the rally in Dhaka on October 28, 2023, the police checked all incoming buses for BNP supporters. They even inspected personal belongings like bags, mobile phones, and IDs to identify supporters. A year earlier, 10 December 2022, during another BNP rally, both the police and Awami League's supporters checked people's mobile phones to know their political views, sometimes resorting to assault. In recent large rallies, the police checked all residential hotels in Dhaka for BNP supporters and searched civilian houses. This situation poses a serious threat to the privacy and independence of ordinary citizens in Bangladesh, with seemingly no one to help them. This also indicates that not supporting the ruling party is treated as illegal but it is not and should not be. After October 28, the police consistently arrested BNP leaders and supporters, with many facing false criminal charges. The prison population in Bangladesh, including those with false charges against opposition supporters, has nearly doubled, even tripled in some districts. Awami League and its supporters assist the police in identifying opposition party supporters, as if it is illegal to support the BNP but not constitutionally. If we claim that BNP supporters were engaged in criminal activity, the police have the authority to arrest them. However, Awami supporters do not possess any constitutional or legal rights to arrest civilians. It is important to note that police arrests can also be politically motivated as practices in Bangladesh. When the person is not found, police sometimes arrest, torture, or detain other family members, like sons, brothers, or fathers, or Awami supporters break their house and loot belongings. This behavior blatantly violates the constitution, restricting people's freedom to support any party and their freedom of speech, which is being heavily suppressed by the ruling party. Families of arrested opposition leaders face hardship as their main providers are in jail (Arrest of lone earners leaves families in misery, New Age, 3 December, 2023). According to human rights watch, around 10,000 opposition supporters were arrested following a planned rally by the main opposition Bangladesh Nationalist Party (BNP) on October 28. Ongoing violence has resulted in at least 16 deaths, including 2 police officers, and over 5,500 injuries (HRW, 21 November 2023, link <https://www.hrw.org/news/2023/11/26/bangladesh-violent-autocratic-crackdown-ahead-elections> ) and also see in the Guardian, (link <https://www.theguardian.com/world/2023/nov/10/bangladesh-opposition-crackdown-election-sheikh-hasina-awami-league-bnp>). Human Rights Watch has gathered evidence, including interviews, videos, and police reports, indicating that security forces are responsible for excessive force, mass arrests, disappearances, torture, and extrajudicial killings in recent election-related violence. There are disturbing signs of coordination between the police and Awami League supporters in targeting opposition activists, causing fear among the public. A video from November 4, 2023 in Dhaka showed Awami League activists with police, chanting threatening slogans "capture the activists of BNP one by one and slaughter them," and carrying wooden batons to threaten BNP's supporters not to come out. Even the General Secretary of the Awami League, Obaidul Quader, mentioned that supporters of the BNP should either hide in caves or be prepared to go to jail. This goes against the constitution completely. When BNP supporters get arrested merely for participating in any non-violent political campaign, while Awami League supporters, despite carrying weapons, using threatening language, and inciting violence, do not face arrests, is it in line with the constitution?

Even though the ruling party is involved in suppressing the opposition party, especially the BNP, violating civilian law of the country, they constantly say that elections will be held under the constitution. But what is the constitution? Why is it questionable? Historical evidence shows that elections in Bangladesh under political governments have never been truly free, fair, and participatory. A non-political interim government has been proven to be a solution, ensuring more fairness and acceptance by citizens and international stakeholders. Elections under such caretaker governments have historically been more just like a "tool of changing regime". So, it means an election under a non-political interim government might be a chance for the BNP or any other party to take power. On the other hand, the ruling party, particularly the Awami League, fears losing power, as past elections under caretaker governments provided opportunities for different parties. If the demand for a caretaker government, voiced by BNP and other parties, is accepted, the Awami League might lose power, and they want to avoid that at all costs. They fear repercussions, similar to what happened to BNP leader Khaleda Zia, who is now in jail facing seemingly politically motivated charges. Khaleda Zia's son, Tareq Zia, had to seek political asylum in the UK since the government denied him a passport to return. Out of this apprehension, the Awami League is opposing the idea of a caretaker, interim, or any non-political government for a free, fair, and participatory election.

**Unveiling Constitution for parliamentary election**

The ruling party, Awami League, insists on conducting the election under the current conditions, with their active involvement. On the other hand, BNP demands a non-political interim government. When we look at the Awami League's position, it's interesting to note that the party itself initially advocated for a non-party caretaker government during the BNP's term from 1991 to 1996. The Awami League, along with allies like Bangladesh Jamaat-e-Islami and the Jatiya Party, compelled the BNP to adopt the caretaker government system after a prolonged general strike and negotiations with international mediators. The Awami League's motivation stemmed from dissatisfaction with the 1991 election results, attributing them to "subtle rigging." They believed amending the constitution to establish a non-party caretaker government was necessary for ensuring fair elections. Sheikh Hasina, the Awami League leader, even expressed a desire for the caretaker government system to remain indefinitely. The call for the caretaker government system gained traction after the alleged rigging of the Magura by-election in 1994, where the BNP was accused of manipulation with the assistance of civil bureaucracy and law enforcement agencies. The Awami League and its allies argued that the neutrality of these institutions was crucial for holding free and fair elections, even though they were not biased towards the BNP at that time. However, during the Janatar Mancha movement in 1996, it was revealed that the civil administration was more politicized in favor of the Awami League than the ruling BNP. Despite this, the BNP conducted the February 1996 election under the constitution, securing a significant majority of 278 seats, as the Awami League boycotted the election. The BNP then used its parliamentary majority to pass the 13th amendment, just after a month and dismissed the parliament, paving the way for Bangladesh's first national election under the caretaker government system in June 1996. Although the BNP narrowly lost the election (118-146), the difference in actual votes between the BNP and the Awami League was marginal, highlighting the potential of the caretaker government system to facilitate a free and fair election.

*Continued on page 13*

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper । সত্যের সাথে সব সময়

# Bangladesh: Election must be held under constitution BUT.....! ?

*Continued from page 12*

During the Awami League regime from 1996 to 2001, the Awami League did not change the law regarding the caretaker government. The election held under the caretaker government in 2001 resulted in Awami League losing power, and BNP returned to rule. According to the provision, the last retired justice would be the chief of the caretaker government. When BNP's term came to an end, it was time for the interim government to take over. However, the Awami League opposed the formation of a new caretaker government, claiming that the retired chief justice was not neutral and was politically influenced by the BNP. The Awami League alleged that BNP intentionally extended his tenure so that he could retire just before forming the caretaker government. After this crisis, a military-backed interim government declared a state of emergency in the country and postponed the election indefinitely. However, the Awami League had different intentions for the caretaker government system, as disclosed in Pranab Mukherjee's autobiography, "The Coalition Years," published in 2017. Mukherjee, who served as India's influential Finance Minister during Bangladesh's emergency government led by Mainuddin-Fakhruddin, shared a conversation with General Mainuddin, expressing the latter's concerns about his future if Sheikh Hasina came to power after the December 2008 election. Mukherjee assured him of his personal responsibility for his survival once Hasina returned to power. The meeting between Mukherjee and General Mainuddin presented an opportunity for the Awami League to achieve its objectives. The general's control over the 2008 election, including the development of software used during the election, ensured a landslide victory for the Awami League with the coveted two-thirds majority (230 seats against the BNP's 30). This result enabled the Awami League to implement the BAKSAL vision through the 15th constitutional amendment adopted in June 2011. In 2011, the ruling party made changes to the constitution, removing the provision for a caretaker government. They now claim elections will follow the constitution, but the truth is, the Awami League altered the rules to stay in power indefinitely. The 15th amendment repealed the 13th amendment and the caretaker government system, which had provided all political parties, including the BNP, with the opportunity to win national elections. The 15th amendment is a highly controversial and burning political issue in Bangladesh, as evident in the article, 'The Legitimacy And Legality of 15th Amendment' by Badiul Alam Majumdar (Legitimacy and legality of 15th Amendment, The Daily Star, 31 Oct 2013). The amendment abolished the Caretaker Government (CTG) system, leading to demands from the opposition for its revival. The ruling party rejects this, citing constitutional grounds. Majumder questions the legitimacy and legality of the amendment, suggesting it doesn't reflect the will of the people. Additionally, the unamendable clause in Article 7B raises doubts about its legality. The Constitution, as stated in its Preamble, is meant to represent the will of the people of Bangladesh. Regrettably, the same cannot be said for the Fifteenth Amendment. It fails to capture the consensus of the Committee members, all affiliated with the Awami League or its allies, and appears to be the outcome of one person's directive—the Prime Minister. Consequently, the legitimacy of the Fifteenth Amendment is highly questionable, and its legality is also cast into doubt. Despite Article 7B rendering a significant portion of our Constitution unamendable, Mahmudul Islam asserts, "No Parliament can bind the successor Parliament" (Constitutional Law of Bangladesh, 3rd Edition, p. 31). If the 15th amendment lacks legitimacy, it means the elections held under this amendment in 2014 and 2018 are illegal. Consequently, two consecutive terms of the Awami League-led government are also deemed illegal. Likewise, all their actions during this tenure are considered illegal and unconstitutional. This holds implications for the upcoming 2024 election as well. The 15th amendment, however, contained a provision that allowed sitting members of parliament to contest in the next election while retaining their seats and privileges. This provision, without annulling the existing parliament, would enable the Awami League and its allies to nominate the overwhelming majority of sitting MPs to contest in all 300 seats, leaving no room for opposition candidates. This is referred to as a so-called "election under the constitution".



*Armed Supporter at GAZI Golam Dastagir's Nomination Submission: A Snapshot from Prothom Alo (30 November 2023)*

**Examining the Conduct of the 'Free and Fair' Election under Sheikh Hasina's Constitution!**

The 15th amendment, along with the politicization of civil bureaucracy and law enforcement agencies during the Awami League's tenure, made it increasingly difficult for opposition parties to contest elections fairly. In 2014, the major opposition party BNP boycotted the election, refusing to participate in the so-called dramatized election. At least 153 seats in parliament were elected without any opposition candidates, meaning no polling occurred due to the single candidature and the absence of multiple candidates. To form a government, only 151 seats out of 300 were required. Since 153 seats had no candidates other than a single one from the Awami League, the possibility of forming a government was already secured. The election in the remaining 147 seats became less important as it lost its validity. Voters already knew that the Awami League was going to form a government, so going to the polling center for the rest of the 147 seats had no value, and most voters abstained. However, the Awamicised election commission showed a large number of voters at the polling center, declaring an Awami victory. This is sometimes referred to as a government without votes, known as "Bina Voter Sarkar" in Bengali.

Another drama unfolded during the 2018 election. BNP and its major allied parties once again demanded a non-political interim caretaker government to organize a free, fair, and peaceful election, but Awami League denied it. Prime Minister Sheikh Hasina, the leader of Awami League, promised to ensure a free and fair election. She emphasized her identity as the daughter of Sheikh Mujib, the father of the nation, and urged every party to trust her. However, once the election was announced, and major parties participated, the on-ground situation was unfavorable for any political party except the Awami League. In many areas, especially BNP and its allies, they couldn't organize a free campaign. Awami League supporters openly threatened to prevent BNP from reaching the polling center on election day, warning of potential violence, including torture, injuries, or even death for BNP supporters. On the day of the election, polling agents of BNP and its allies were expelled from the polling centers, and general voters were obstructed on the roads, warned not to go to the polling center. Even those who reached the centers found their votes already stamped by someone else (possibly ghost or dummy voters), prompting them to return home. Some voters encountered army platoons near polling centers but received no assistance when seeking help. Faced with these challenges, BNP and its allies boycotted the election, asserting that it was not fair, and rejecting both the election and its outcomes. BBC reporters witnessed alleged ballot-stuffing and irregularities the 2018 election, earning it the nickname "midnight election" ( Ref BBC, 30 December 2018, Bangladesh elections: Deadly clashes mar vote, see link <https://www.bbc.com/news/world-asia-46603113> and Bangladesh election: Opposition demands new vote, see link <https://www.bbc.com/news/world-asia-46716605> . Shortly before voting commenced, a BBC correspondent noticed fully filled ballot boxes at a polling center in the city of Chittagong. This implies that the ballots had been stamped the night before the election. This 2018's election is often called the "Nishi rater vote" in Bengali, which means an election conducted at midnight without the participation of any voters.

After the 2018 election, some parliamentary seats became vacant, leading to by-elections. However, these by-elections were predetermined. In Bogra, a relatively unknown and uneducated YouTuber, Hero Alam, contested against an Awami League candidate. Despite allegations of rigging, Hero Alam claimed he was supposed to win, but the election commission declared a preplanned victory for the Awami candidate. In the Dhaka-17 by-election, Hero Alam contested again, this time against Awami leader Mohammad A. Arafat, a professor at Dhaka University. Hero Alam faced similar challenges and was even brutally tortured, drawing international concern from the United Nations and the USA. Despite these incidents, the Awami League continued to promise free and fair elections. The final test case was the by-election in Lakshmipur-3 just before the end of the government's tenure. Elected members would not even have had a chance to attend the parliament meeting, but the election was rigged even though there was no strong opposition candidate. Majority of voters did not go to the polling center. A viral video revealed that a former leader of the Bangladesh Chhatra League, the student wing of the governing Awami League, stamped the 'boat' symbol on ballot papers openly during a by-election in the Lakshmipur-3 constituency. The 57-second video, which went viral on social media, showed the former BCL leader stamping on 43 ballots. (Prothom Alo: Former BCL Leader stamps 43 ballots in 57-second, video goes viral Staff, 07 Nov 2023, the news link is here <https://en.prothomalo.com/bangladesh/politics/ust05azvdm> ). This highlights the questionable nature of so-called free, fair, and participatory elections under the Awami League and the constitution during its regime.

**2024 Election Preparations: Ensuring Constitutional Compliance?**

In preparation for the upcoming election, several Awami League candidates, including notable figures like Golam Dastagir Gazi, have already been observed violating the code of conduct. Gazi, the Awami League candidate for Narayanganj-1 Constituency and the current Member of Parliament, along with being the Textiles and Jute Minister, submitted his nomination papers with a motorcade (Violation of code of conduct at the beginning, almost all from Awami League, Prothom Alo, 30 Nov 2023;

*Continued on page 14*

# Bangladesh: Election must be held under constitution BUT…..! ?

*Continued from page 13*

Shakib breaches code of conduct during first visit to constituency, Prothom Alo, 30 Nov 2023). Gazi's supporters were seen carrying firearms and local weapons like machetes and knives when approaching to submit the nomination papers (Prothom Alo Bangla Version, আচরণবিধি ভেঙে অস্ত্রধারীসহ শোডাউন দিয়ে পাটমন্ত্রীর মনোনয়নপত্র দাখিল, 30 November 2023). Additionally, Awami League supporters are reportedly collaborating with the police to conduct door-to-door searches to locate and arrest BNP supporters. The police, in some instances, are arresting BNP supporters' family members, such as fathers, mothers, or even supportive wives, in the absence of the targeted individuals. A notable example is Noory. Her dad supports the opposition political party in Bangladesh. Similar to many others, her father is hiding to avoid trouble from the ruling party thugs and police. The police come and take her mother as a hostage to pressure her father into surrendering. Noory is crying uncontrollably because both parents are absent. Another example is the BNP-police chase in Sunamganj. A little innocent child is crying, saying, "I will go to father, I will go to father." The video link of this news is here <https://www.youtube.com/watch?v=Ykq39GkTQKc>. Sheikh Hasina's party is determined to imprison every viable opposition activist to prevent them from participating or opposing the election. They aim for another uncontested election, similar to the two previous ones. There have also been reports of people wearing masks and arriving with motorcades or unregistered (no visible registration plate) cars attacking BNP supporters. In the Rajshahi region, unidentified assailants wearing masks or helmets have killed three BNP-Jamaat supporters and injured 15 others in the past two months, leaving the police puzzled. A series of attacks by masked individuals targeted opposition members, with nine leaders and activists from the Bangladesh Nationalist Party (BNP) and Jamaat-e-Islami suffering brutal assaults in Natore's four upazilas over the last month. Some were beaten, others hacked, and some even shot by these unknown attackers. (Attacks on BNP-Jamaat men: Of masks, helmets and baffled cops, The daily Star, 22 November 2023; Natore: Masked miscreants launch series of attacks on opposition men, Prothom Alo, 14 November 2023). A millions dollars question is why are only opposition parties the victims of these masked attackers? Do these actions align with the principles of the constitution?

**2024 Election Outlook: Prospects Under So-called Constitutional Framework**

Ignoring the concerns and calls for a free, fair, and participatory election by the international community, including the USA, EU, United Nations, and Human Rights Watch, the ruling party in Bangladesh is proceeding with the election under the so-called constitution, as they claim. It's noteworthy that Awami League, BNP, and Jatiya Party are the major political parties in Bangladesh, previously alternating in power. Another semi-major party, Jamaat-e-Islami, did not form the government but had a significant impact on winning seats and forming coalition governments. However, Jamaat-e-Islami's registration has already been canceled during the current regime, blaming their involvement in the 1971 liberation war, which categorized them as against the liberation.

Jatiya Party is losing popularity due to its questionable coalition with Awami League and the death of the founding leader H M Ershad. The party is now facing a major leadership crisis between Ershad's wife and brother. Despite their declining popularity, they still hold influence in elections, especially in the northern part of Bangladesh if the election is fair. Since they were allies of Awami League before, their participation in the election does not signify true participatory elections. For the election to be participatory, the involvement of the BNP is crucial. Without their participation, voters are likely to abstain from the poll center. However, if the election is free and fair, BNP could potentially secure a regime change, something undesirable for Awami League. Even if the BNP decides to participate, ruling party supporters, along with government forces, are expected to intensify their efforts to suppress the BNP. Therefore, BNP's non-participation would turn the election ground into a one-sided contest, confirming Awami League and its allies' victory in all 300 seats. The nomination from Awami League (Symbol: Boat) indicates a high probability of winning the seat. Many Awami leaders in parliamentary seats express interest in receiving nominations



*Meet Noory, a victim of political persecution in Bangladesh. Her dad supports the opposition in Bangladesh, hiding from trouble. Police took her mom hostage to pressure him. Noory's left crying without both parents. Picture from Social media.*

from Awami League, with an average of 11 candidates applying for nomination and the boat symbol in every parliamentary seat. However, practically, a single candidate gets nominated in each parliamentary seat of any party, meaning one candidate will be considered for nomination by Awami League to hold the symbol boat. Those who are not nominated can still stand as independent candidates, but they will lose their party membership as per political party regulations. Additionally, Awami League offers minor parties the chance to participate in the election by sharing some seats. It's noteworthy that numerous political parties in Bangladesh sometimes fail to win any seats despite having a very low number of voters. For instance, Kalyan Party, formed by retired Army General Ibrahim, had only 0.03% of the vote in the last 2018 election. Still, the ruling party has offered them some sharing seats if they participate in the election. Similarly, ruling parties might attempt to fragment major parties like BNP into smaller ones and offer them sharing seats, as seen with Trinamool BNP and BNMP, newly formed with politicians who separated from BNP. Even Awami League offers candidature with the boat symbol! The notable example of this strategy for the 2024 election is the candidate Barrister M Shahjahan Omar. He was BNP's vice chairman and was arrested on multiple charges, in what appears to be an ill-motivated political case. However, he was released from jail through the recommendation of the ruling party. After his release, Shahjahan Omar joined the Awami League just a day later. He submitted a nomination form as an AL candidate from Jhalakathi-1 constituency. Shahjahan Omar, now the Awami League-nominated candidate for the Jhalakathi-1 (Kanthalia-Rajapur) constituency, attended a party rally in the town, where his supporters were seen holding guns (Accompanied by armed BNP men, Shahjahan Omar attends AL rally, Dhaka Tribune, 4 December 2023). It is questionable whether holding a gun in an election campaign is constitutional.

It is allegedly rumored that minor parties are negotiating to share a certain number of seats; for example, Jatiya Party demanded 50 seats, Kalyan Party demanded 10 seats, and Trinamool BNP demanded 3 seats. The plan seems to be securing parliamentary seats through negotiations before the election and then staging a drama on polling day to legitimize it. While Awami League has offered these so-called political parties the chance to share a few seats, they have already declared nominated candidates for all 300 seats, leaving little room for these minority parties. As a result, there is a risk of them withdrawing their candidature before the confirmation date. If this happens, all 300 seats or most of them may be declared selections (no election needed due to the absence of multiple candidates). Such an outcome would not be accepted as a participatory election by the public.

To address this, the Prime Minister has taken a strategic move by declaring that nominated candidates must contest with independent candidates, defined as "dummy candidates" by the Prime Minister (Sheikh Hasina suggests alternative candidates to prevent uncontested wins, Prothom Alo, 27 Nov 2023). Although there are provisions for losing party membership for independent candidates, Awami League has issued a notice stating that their party membership will not be voided. These dummy candidates are essentially ruling party leaders participating in the election without Awami League's nomination. The trick employed by the ruling party serves multiple purposes: 1) if a dummy candidate (not nominated by Awami League) wins, they can join Awami League to form the government; 2) the ruling party can claim the election was free, fair, and participatory as an independent or dummy candidate won; 3) dummy candidates may win based on their popularity; 4) the election could potentially be manipulated to make dummy candidates win and demonstrate the fairness of the election; 5) even if a dummy candidate wins, it doesn't incur any loss for the ruling party. This sums up the election scenario, where the ruling party, Awami League, is essentially competing with itself — those who are non-nominated candidates or dummy candidates. It's a win-win situation, illustrating the Awami way of organizing a participatory, free, and fair election under the Awami constitution, where election day is more of a theatrical stage, and the outcome is already confirmed.


In conclusion, the election scenario in Bangladesh is marked by allegations of manipulation, with the ruling party, Awami League, employing various tactics to secure victory. The rumored negotiations with minor parties for seat-sharing, the introduction of dummy candidates, and the potential withdrawal of candidates raise concerns about the legitimacy of the upcoming election. Instances of Awami League candidates submitting nominations with armed supporters and using police to target opposition supporters further raise questions about the fairness and adherence to constitutional principles. The observed actions, including armed motorcades and door-to-door searches for opposition supporters, create doubts about whether these practices align with the principles of a democratic and constitutionally sound electoral process. In a word, the election is shamelessly rational with a number of unconstitutional events.

***Dr. Md Nurul Amin, PhD in Life Science, Aquaculture Technical Officer, IMAS, University of Tasmania, Australia.***

সিডনিবাসীর জন্য কবর অতি স্বল্প মূল্যে!

Muslim Lawn

Kemps Creek Memorial Park has a dedicated lawn for the Muslim community with peaceful rural vistas.




*Part of the local community*

Call us on **02 9826 2273** from 8.30am-4pm
Visit www.kempscreekcemetery.com.au

Kemps Creek Memorial Park

Get 3 fee-free money transfers with code
3FREE




Proudly supporting you to send money back home safely, quickly, and affordably.

WorldRemit

*95% of our July 2022 money transfers were authorised within 60 minutes.
WorldRemit Pty Ltd, Level 3, 60 Martin Place, Sydney, NSW 2000, Australia. ABN No. 23 154 871 011. WorldRemit Pty Ltd is Registered with AUSTRAC for remittance services.


Need Tax Return?
Accounting & Tax should not be so difficult, visit us and see how we can make the difference...
TAX TIME AHEAD
QUALITY SERVICE ASSURED AT LOWEST PRICE
FREE TAX RETURN ASSESSMENT
Taxation Solutions Partnership / Individuals / Company / Trust / Superfund
Business development and management Bookkeeping & Many more
CHARTERED ACCOUNTANTS AUSTRALIA + NEW ZEALAND
bfsPARTNERS
SIMPLIFYING ACCOUNTING
OUR PARTNERS
Zaber Ahamed
Chartered Accountant
Registered Tax Agent
Registered SMSF Auditor
Justice of Peace in NSW
Tanvir Hasan
Chartered Accountant
Registered Tax Agent
Justice of Peace in NSW
Find us on Facebook
Level 5, 189 Kent Street Sydney 2000
www.bfspartners.com.au

## MAKSUDA CATERING PTV LTD




**A N M MASUM**
OWNER
0433075555

ABN: 61656957
34 Railway Parade, Lakemba
Shop #4, 232 South Terrace,
Bankstown Nsw 2200
myrtal_900@yahoo.com

## BEST MOWING & RUBBISH REMOVAL

ABN 69 584-649 899



**KAMAL**
MOWER & RUBBISH REMOVALIST
YOUR LOCAL MOWER
0434 058 982
0406 642 711
kmlhoseen@gmail.com

বাংলায় কথা বলে কাজ করার সুযোগ!

OUR PRICES ARE GOOD - OUR WORK IS BETTER

Thank you for your business
**BEST MOWING & RUBBISH REMOVAL**
**OUR SERVICES ARE:**
❒ MOWING & GARDENING ❒ PRESSURE WASH CLEANING ❒ LANDSCAPING ❒ RUBBISH REMOVAL ❒ SMALL TREE CUTTING ❒ END OF THE LEASE CLEANING ❒ GUTTER CLEANING ❒ TURF/GRASS SOLUTIONS

CALL US 0406 642 711 / 0434 058 982

## LOOKING TO SET UP AN SMSF?

Call 02 8041 7359

TAX I SMSF I BUSINESS ADVISORY I BUSINESS ACCOUNTING

ONE STOP SOLUTION FOR YOUR BUSINESS



GROW WITH US

- TAX AND GST
- SELF MANAGED SUPER FUND
- BUSINESS ACCOUNTING
- BUSINESS ADVISORY
- NEW BUSINESS DET UP
  ALL TYPES OF STATUTORY AND NON-STATUTORY REPORTING

**GET**
High Quality professional services with a competitive price!

Kinetic Partners
Chartered Accountants
132 Haldon Street Lakemba, NSW 2195
E: info@kineticpartners.com.au, www.kineticpartners.com.au


AUS BEST
MECHANICAL & TYRE SERVICES
0404 365 172
স্থান পরিবর্তন
Relocated
Bashit: 0404 365 172
BATTERIES
BRAKES
CLUTCHES
FULL ENGINE SERVICES
PINK SLIPS
RADIATORS
TYRES
ROTATE & BALANCE TYRES
WHEEL ALIGNMENT
Contact: 0404 365 172
442 Punchbowl Rd, Belmore (Inside Metro Patrol Station)
Suprovat Sydney Copy Right Protected


DARWICH BUTCHERY
দারউইচ কোয়ালিটি মিটস
We are specalized In Akika, Sadaqa Qurbani
Darwich Quality Meats
Our Chicken, Lamb, Goat, Beef all hand Slaughtered.
রেষ্টুরেন্ট ও ক্যাটারিং এর জন্য স্পেসাল প্রাইজ
Goat $300
Lamb $270
Beef $350
Whole lamb 6 way cut $210
حلال
تتقدم ملحمة درويش من أبناء الجالية
العربية والإسلامية خاصة بأحر التهاني
بمناسبة حلول عيد الأضحى المبارك
أعاده الله عليكم باليمن والبركات
Custer parking available at rear via Gillies Lane.
We cater for all occasions.
We specialise in Akika, Sadaqa and Qurbani.
Free local delivery for all orders over $60.00
HALAL Certified
Phone Number: 9759 2603
শীঘ্রই যোগাযোগ করুন ঃ
New time table for our Business:
Monday to Saturday 07:00 AM-09:00 PM
Sunday 07:00-05:00 PM
Mohamed: 0414 687 786, A.C.N: 251 22 168 996 Tel: 02 9759 2603
Address: 77 Haldon St, (Opposite Commonwealth Bank) Lakemba, NSW 2195
2 KG Beef Curry $17
2 KG Lamb/Goat Curry $ 25
3 Chicken (size 9-10) $15
5 KG Nuggets/Burger $50
Suprovat Sydney Copy Right Protected

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper | সত্যের সাথে সব সময়

# The first proper Multicultural Islamic Centre in Tamworth

Tamworth is a city in northeast New South Wales known for the annual Tamworth Country Festival, which draws big-name international acts. The Australian Equine and Livestock Events Centre on the city's southern outskirts hosts horse-related events. Nearby is the Big Golden Guitar Centre with its giant guitar statue and wax museum. The central Tamworth Regional Gallery houses local textiles and art. Tamworth is situated on the Peel River within the local government area of the Tamworth Regional Council, it is the largest and most populated city in the region, with a population of 63,920 in 2021, making it the second largest inland city in New South Wales. Tamworth is 318 km (198 mi) from the Queensland border and is located almost midway between Brisbane and Sydney. Many Muslims professionals living there including doctors, engineers, businessmen. The multicultural Muslims community deposited for a Islamic Centre. Please come forward & support generously.



# পিঠা উৎসব, একটি গ্রাম ও মমতাজ বেগম



**শামসুল ইসলাম টুকু**




পাশ্চাত্য সংস্কৃতির অবাধ প্রবেশের কারনে আমাদের দেশের গ্রাম বাংলার হাজার বছরের পুরনো ও ঐতিহ্যবাহী লোক সংস্কৃতিগুলো ক্রমশ হারিয়ে যাচ্ছে। আগের সেই আলকাপ গান,কবি গান, জারি সারি গান, পালা গান আর শোনা যায়না গ্রামে গ্রামে। হয়ে গেছে আনুষ্ঠানিক। মাঝে মাঝে টিভিতে দেখা যায়। পৃষ্ঠপোষকতার অভাবে শিল্পীরাও হারিয়ে গেছে। যাত্রা, মঞ্চ নাটক আর অনুষ্ঠিত হয়না জেলা উপজেলা শহরে। গ্রামীন মেলা আর বসেনা আইন শৃঙ্খলা রক্ষার অজুহাতে। সবই হয়ে গেছে প্রাতিষ্ঠানিক। জনসাধারনের প্রানখোলা অংশ গ্রহন দেখা যায়না। কারন বাড়ীতে বসেই টিভি আর মোবাইলে পাশ্চাত্য সংস্কৃতিতে মশগুল থাকে সকল স্তরের মানুষ। হাডু ডু, বর্দন, গোল্লাছুট, কুস্তি, লাঠিখেলা এখন চোখে পড়েনা। জীবন ও সংসারের প্রয়োজনে ব্যস্ত হয়ে পড়েছে যুব সমাজ। গ্রাম বাংলা আজ আনন্দশুন্য।

আমাদের জীবনের সাথে ওতপ্রোতভাবে জড়িয়ে থাকা নবান্ন উৎসব যেন ফিকে হয়ে গেছে। অগ্রহায়ন মাসে আমন ধান কাটা হলে নবান্ন উৎসব বা পিঠা উৎসব হতো প্রতিটি বাড়ীতে। বাঙ্গালীর এই প্রানের উৎসবে অংশ গ্রহন করতো শিশু থেকে বৃদ্ধ পর্যন্ত সকলেই। মুল ভুমিকায় থাকতো গৃহবধুরা। পুরো মাস জুড়ে উৎসবে মুখর থাকতো গ্রামগুলো। নতুন ধান উঠলেই মহিলারা লাল হলুদ শাড়ী পরে গীদ গেয়ে ঢেঁকিতে ধান থেকে চাল তৈরি করে সেই চাল জাঁতায় পিষে আটা দিয়ে তৈরী করে নানা ধরনের পিঠা পুলি পায়েশ। আনন্দে ভরপুর হয়ে থাকতো গ্রামগুলো। প্রত্যেকেই প্রত্যেকের বাড়ীতে পিঠা বিতরন করতো। এখন তা সীমাবদ্ধ হয়ে গেছে অবস্থা সম্পন্ন গৃহস্ত পরিবারের মধ্যে ।

এমনি সময় পুরো গ্রাম সম্মিলিতভাবে নবান্ন উৎসব পালন করে তাক লাগিয়ে দিয়েছে চাপাইনবাগঞ্জ জেলাধীন গোমস্তাপুর উপজেলার প্রত্যান্ত গ্রামের এক আলোকিত মহিলা মমতাজ বেগম ।জেলা শহর থেকে প্রায় ৩৮ কিঃমিঃ দূরে আঁকাবাঁকা পুনর্ভবা নদীর ধারে প্রায় ২ কিঃমিঃ দীর্ঘ ছায়া ঢাকা সুনিবিড় একটি গ্রাম বাবুরঘোনা। গ্রামটির অপর পাশে বিশাল আমবাগান। প্রায় আড়াই হাজার মানুষের বাস এই গ্রামে। গত ১৩ বছর যাবৎ মমতাজ বেগম গ্রামের মহিলাদের সংগঠিত করে এই নবান্ন উৎসব করে আসছেন। বিভিন্ন সংস্কারে আচ্ছন্ন এ গ্রামের মহিলারা প্রথমদিকে এ উৎসবে খুবই কম অংশ গ্রহন করলেও দমে যাননি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা মমতাজ বেগম। তার অদম্য ইচ্ছা ও উৎসাহের ফলে ও গ্রামবাসীর সাথে নিবিড় সম্পর্কের জন্য গত কয়েবছর ধরে পুরো গ্রাম সম্মিলিতভাবে এ উৎসব পালন করেন। এতে মহিলা ও শিশুরা তো অংশ গ্রহ করেই। সেইসাথে পুরুষরাও তাদের সহযোগীতা করেন। এ গ্রামে শুধু নবান্ন উৎসবই হয়না পাশাপাশি বিভিন্ন জাতীয় দিবসও পালিত হয় মমতাজ বেগমের নেতৃতে।

একটি প্রত্যান্ত ও অন্ধকারাচ্ছন্ন গ্রামে লোকসংস্কৃতির এ বিকাশ অনন্য দৃষ্টান্ত বটে। অনেক সামাজিক প্রতিবন্ধকতা থাকা সত্বেও গ্রামের মহিলাদের সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়নে নিরলশভাবে কাজ করে যাচ্ছেন মমতাজ বেগম। যার ফলশ্রুতিতে এ গ্রামের একজন অশিক্ষিত মহিলাও বক্তব্য রাখতে পারেন। তাদের নিজস্ব তুলে ধরতে পারেন, তার সামাজিক অধিকার, নিরাপত্তা ও সম্মান সম্পর্কে সচেতন হয়ে উঠেছেন। মমতাজ বেগমের এবারের আয়োজন ছিল অনেক বড়। গ্রামের সকল মহিলা ও শিশুরা তো অংশ গ্রহন করেছেই, সেই সাথে এই অনুষ্ঠানে আমন্ত্রিত হয়েছেন জেলা শহর থেকে বেশ কিছু বুদ্ধিজীবী, শিক্ষক, সমাজ কর্মী, রাজনীতিবিদ এবং বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার একগুচ্ছ সাংবাদিক। গত ১ ডিসেম্বর এই অনুষ্ঠানে আমিও গিয়েছিলাম। দেখলাম মমতাজ বেগমের বাড়ীর আঙ্গিনায় রঙ্গিন শাড়ী পরে শতাধিক মহিলা গীদ গেয়ে গেয়ে ভাপা পিঠে, তেল পিঠে, পাটিসাপ্টা, ধুপি, পায়েস রান্না করছেন আবার পরিবেশনও করছেন অতিথিদের। মাহা উৎসবে তারা নিজেরাও পিঠের স্বাদ গ্রহন করছেন। শিশুরা রঙ্গিন পোষাক, মাথায়, খোপা্ গলায় রং কাগজের মালা কপালে টিপ পরে মুখ্রিত করে রেখেছে উৎসব প্রাঙ্গন। অত্যান্ত অল্প পরিসরে এত মানুষের স্থান সঙ্কুলান হচ্ছেনা তথাপি কোন অস্থিরতা নেই।

সবাই উৎসব দেখতে উদগ্রীব কিন্তু শান্ত। সংবাদ কর্মীরা এত ভীড়ের মাঝেও তাদের ভিডিও ধারন করছেন সাক্ষাৎকার নিচ্ছেন সুশৃঙ্খলভাবে ।আর ছেলে বুড়ো সবার হাতে মোবাইল ক্যামেরা নিয়ে ছবি তুলতে ব্যস্ত। দুপুরে খেতে দেওয়া হলো মোটা স্বর্না চালের ভাত, কলাইয়ের ডাল, আলু বেগুনের তরকারী ও ব্রয়লার মুরগির মাংশ। সকালে ছিল ভাত আর আলুর দম ।যাকে বলে গরিবী খানা।

অন্যান্য কর্মসুচীর মধ্যে ছিল শিশুদের নাচ ও গান এবং বড়দের জন্য গীদ, গান ও বক্তব্য। এত ছোট আঙ্গিনায় এত বড় অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন সম্ভব হয়েছে মমতাজ বেগমের সুনিপুন পরিচালনায়। কোথাও কোন অসঙ্গতি চোখে পড়েনি। তবে এবার শিশু ও মহিলাদের বিভিন্ন ধরনের আন্তকক্ষ খেলা অনুষ্ঠিত হতে পারেনি সময়ের অভাবে। তারপরেও অংশ গ্রহঙ্কারীদের উৎসাহ ও উদ্দিপনা ছিল নজর কাড়া। বিনোদনের এই সুযোগ সৃষ্টি করে দেয়ার জন্য মমতাজ বেগম প্রশংশা পেতেই পারেন। শিশুদের নাচ ও গান পরিচালনা ও অনুষ্ঠানের শৃখলা রক্ষা করেছে শিশু নিরব ও তার দল। খাবার পরিবেশনা করে আলিউল ওশফিকুলের দল। অনুষ্ঠানের খরচের জন্য গ্রামের মহিলাদের কাছ থেকে যৎসামান্য চাঁদা নেওয়া হয় আর সিংহভাগ খরচ করেন মমতাজ বেগম। গ্রামের মানুষদের সমবেত করে বাংলার লোক সংস্কৃতিকে উজ্জিবিত করেছেন, গ্রামীণ মহিলাদের সমজ সচেতন করতে পেরেছেন এতেই মমতাজ বেগমের সব আনন্দ ।

মমতাজ বেগমের সাবলিল চলাফেরা, সংযত জীবনাচারন এবং অনুপ্রেরনামুলক বক্তব্য গ্রামের গোঁড়া মানুষগুলোকে অন্ধকার থেকে আলোতে আসতে সাহায্য করছেন অবিরত। প্রচলিত সব কুসংস্কার থেকে গ্রামবাসীকে মুক্ত করার যেন অলিখিত দায়িত্ব নিয়েছেন তিনি। গ্রামবাংলার সংস্কৃতি ও ঐতিহ্যকে মহিলা ও শিশুদের মাঝে ছড়িয়ে দিতে সক্ষম হয়েছেন তিনি। দেখলাম সেখানে নেই কোন ধর্ম ভীরুতা, কুসংস্কার, গোঁড়ামী, নেই অহেতুক বোরকা ও হিজাবের আবরন। তাদের দেখলাম নেহৎই সাদাসিদে সংযমী, বলিষ্ঠ ও সদালাপী। অভাব অভিযোগ সমস্যা তো সব পরিবারেই থাকে। প্রতি সপ্তাহেই তারা সমস্যাগুলো নিয়ে আলোচনা করেন তাদের অধিকার ও উন্নয়ন নিয়ে কথা বলেন, পরামর্শ দেন। বাংলাদেশের প্রতিটি গ্রামে একজন করে মমতাজ বেগম দাঁড়াতে পারলে পুরো সমাজটাই বদলে যেত।

# একটি মর্মান্তিক মৃত্যু ও কমিউনিটি স্তব্ধ

(ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)

**আমরা শোকাহত**

মরহুমের রূহের মাগফিরাত কামনা করছি

**সুপ্রভাত সিডনি রিপোর্ট**

সিডনির এডমোনসন পার্কের সুপরিচিত ব্যবসায়ী গিয়াসউদ্দিনের একমাত্র ছেলে মাহিউদ্দিন (১৭) দুর্ঘটনায় ইন্তেকাল করে। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। গত ১৫ই ডিসেম্বর ২০২৩ শুক্রবার আনুমানিক রাত ১১:৩০ মিঃ মিৎসুবিশি ইভিও নিয়ে এম ফাইভ রেভসবিতে মারাত্মক দুর্ঘটনায় পতিত হয়ে ইন্তেকাল করে সকলের প্রিয় মাহিউদ্দিন।

প্রত্যক্ষদর্শীরা জানায়, Guard rail এর সাথে ধাক্কা খেয়ে .নিয়ন্ত্রণ হারিয়ে দুর্ঘটনায় পতিত হলে গাড়িতে,পাশের ঘাস ও গাছে আগুন ধরে যায়। নিউ সাউথ ওয়েলস রুরাল ফায়ার সার্ভিস ঘটনাস্থলে পৌঁছে আগুন নিভাতে সাহায্য করে। ঘটনাস্থলেই চালকের মৃত্যু হয়েছে বলে জানিয়েছেন প্যারামেডিকরা তবে গাড়িতে অন্য কেউ ছিল না।

পুলিশ এমফাইভ হাইওয়ের পূর্বমুখী লেনগুলি বন্ধ করে এবং ফরেনসিক তদন্তকারীরা একটি ক্রাইম সিন্ স্থাপন করে মৃত্যুর সঠিক কারন উদঘটন করার জন্যে। দুর্ঘটনার পরিস্থিতি সাহায্য করার জন্য পুলিশ প্রত্যক্ষদর্শীদের এবং যারা ড্যাশক্যাম ফুটেজে ঘটনাটি ধারণ করতে পারে তাদেরকে এগিয়ে আসার অনুরোধ করেছে এ নাম্বারে 1800 333 000।

পরিবার সূত্রে জানা যায়, মরহুম তার নতুন ড্রাইভিং লাইসেন্স পেয়ে নিজের অর্থে খরিদ করা গাড়ি নিয়ে বের হয় আনুমানিক রাত এগারোটার দিকে। মা এবং একমাত্র বড় বোনকে বলে বেরিয়ে যায়, বোন মনে করেছে হয়তোবা ব্যায়ামাগারে যাচ্ছে। বেশ কিছুক্ষন অপেক্ষা করেও মাহিউদ্দিন ঘরে ফিরে না আসায় সকলের দৃষ্টি আকর্ষণ করে। বড় বোন নিকটস্ত ব্যায়ামাগারে খোজ নিয়ে দেখে ওখানেও নেই।

মোবাইলেও পাওয়া যাচ্ছিলোনা। মোবাইল ট্রেস করে জানা যায়, এম ফাইভের কোন এক জায়গায় আছে। তখন সকলের মনে হয়েছে, হয়তোবা নিছক কোনো দুর্ঘটনায় পতিত হয়েছে। বাবা -মা বোন সবাই তাকে খুঁজতে বের হয়ে পরে। বিভিন্ন হাসপাতালে খোঁজ করতে থাকে। এম ফাইভে ঢুকতে যেয়ে পুলিশের বাধায় ঢুকতে পারেনি। পুলিশ জানায় -মারাত্মক দুর্ঘটনায় হাইওয়ের নির্দিষ্ট কিছু জায়গা বন্ধ করে দেয়া হয়েছে -ঘুরে যাও। তখনো তারা জানেনা -তাদেরই একমাত্র ছেলে এতো বড় দুর্ঘটনায় পতিত হয়েছে। এদিকে তারা এম ফাইভ বই পাস্ করে অনেক রাস্তা ঘুরে ব্যাংকসটাউন হাসপাতাল তালাশী করে, পুলিশ স্টেশনে যায়। অন্যদিকে পুলিশ তাদের বাসায় যেয়ে কাউকে না পেয়ে ফেরত যায়। এদিকে পুলিশ নিশ্চিত করে তাদের ছেলের জন্যই এম ফাইভের নির্দিষ্ট জায়গা বন্ধ করছে। অবশেষে পুলিশ তাদেরকে স্কট করে ঘটনাস্থলে নিয়ে যায়।

> **তার স্কুলের অনেক শিক্ষার্থীরা শেষ বিদায় জানাতে হাজির হয়। কমিউনিটির বিভিন্ন নেতৃবৃদ্ধ জানাজায় শরিক হন**

গত ২০ ডিসেম্বর ২০২৩ বুধবার The Australian Islamic House প্রেস্টন মসজিদ নামে খ্যাত স্থানে জোহর নামাজের পর কানায় কানায় পরিপূর্ন মসজিদে জানাজা পড়ান শেইখ হামিদ উল্লাহ। জানাজার পর মরহুম মাহিউদ্দিনের Hurlstone Agricultural High School (গ্র্যান্ডফিল্ড এ অবস্থিত) এর শিক্ষক এক সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।

তার স্কুলের অনেক শিক্ষার্থীরা শেষ বিদায় জানাতে হাজির হয়। কমিউনিটির বিভিন্ন নেতৃবৃদ্ধ জানাজায় শরিক হন। বাংলাদেশী সিনিয়র সিটিজেন অস্ট্রেলিয়ার নেতৃবৃদ্ধ যথাক্রমে মুফাজ্জাল ভূঁইয়া, ডক্টর মোঃ ইলিয়াস, হোসেন আরজু, মনজুরুল আলম বুলু, হাবিব হাসান, এম, এ, ইউসুফ শামীম, আবুল বাশার প্রমুখ। তাছাড়া ক্যাম্পবেল টাউন সিটি কাউন্সিলের জনপ্রিয় ডেপুটি কাউন্সিলর ইব্রাহিম খলিল মাসুদ সহ কমিউনিটির অনেক ধর্মপ্রাণ ব্যক্তি বর্গ উপস্থিত ছিলেন।

আল্লাহ পাক মরহুমকে জান্নাতুল ফেরদৌস দান করুন এবং শোকার্ত পরিবারের প্রতি রইল গভীর সমবেদনা।

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper । সত্যের সাথে সব সময়

# অস্ট্রেলিয়া আওয়ামীলীগের আসন্ন নির্বাচনী সফর











**সুপ্রভাত সিডনি রিপোর্ট**

৭ই জানুয়ারি ২০২৪ বাংলাদেশের আসন্ন নির্বাচনে অংশ নেয়ার জন্য অস্ট্রেলিয়া আওয়ামীলীগের বিশাল প্রস্তুতি চলছে। অস্ট্রেলিয়া আওয়ামীলীগের প্রতিষ্টাতা ডক্টর সিরাজুল হকের সাথে অস্ট্রেলিয়া থেকে প্রকাশিত একমাত্র বাংলা পত্রিকা সুপ্রভাত সিডনির প্রতিনিধির সাথে কথা বলে জানা যায়, দলীয় সিদ্ধান্ত হিসেবে প্রায় ৩০ জনের একটি দল ত্যাগী নেতা ড.সিরাজুল হকের দক্ষ দিক নির্দেশনায় ঢাকা যাচ্ছে।

উল্লেখ্য, ড. সিরাজুল হক প্রথম অস্ট্রেলিয়াতে আওয়ামীলীগের পতাকা উড্ডয়ন করেন যখন আওয়ামীলীগের সকল নেতা কর্মীরা ঘুমে ছিলেন। তাঁর সার্বিক প্রচেষ্টায় তিল তল করে গড়ে উঠে প্রশান্ত পারে আওয়ামীলীগ অস্ট্রেলিয়া। আজ অনেক নেতার ছড়াছড়ি ,তারা হয়তো জানেইনা যে,ড. সিরাজুল হকের কষ্টের পতাকার নিচে ঠাঁই নিয়ে তারাই আবার অস্ট্রেলিয়া আওয়ামীলীগকে ভেঙে ৪/৫ ভাগে বিভক্ত করেছেন।

তারই নেতৃত্বে একটি বিশাল দল এবার অস্ট্রেলিয়া আওয়ামীলীগ সিরাজ ব্যানারে নির্বাচনে কাজ করবে বাংলাদেশে। কেউ কেউ ইতিমধ্যে চলে গিয়েছেন, আবার কেউ বা খুব সহসা যাবেন। তাদের মধ্যে অন্যতম হচ্ছেন : অস্ট্রেলিয়া আওয়ামীলীগের প্রতিষ্টাতা ড .সিরাজুল হক,গাজী কামরুল হোসেন নীলু,গাউসুল আলম শাহজাদা, মোহাম্মদ আলী শিকদার,আবুল বাশার রিপন, আব্দুস শাকুর,সাঃ কামাল, শহিদুল ইসলাম, লাবু, জাহিদ হোসেন,আজাদ, লাল্টু প্রমুখ।



# সিডনিতে মাহিউদ্দিন স্মরণে দোয়া মাহফিল

**সুপ্রভাত সিডনি রিপোর্ট**

গত ২রা জানুয়ারি ২০২৪ মঙ্গলবার সিডনির ল্যাকেম্বায় বাংলাদেশী সিনিয়র সিটিজেন অব অস্ট্রেলিয়ার উদ্যেগে এক বিশেষ দুয়ার আয়োজন করা হয়। এডমোনসন পার্কের সুপরিচিত ব্যবসায়ী গিয়াসউদ্দিনের একমাত্র ছেলে মাহিউদ্দিন (১৭) দুর্ঘটনায় ইন্তেকাল করে ১৫ই ডিসেম্বর ২০২৩ শুক্রবার। তারই স্মরণে এ বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

কমিউনিটির বিভিন্ন গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। অতি সংক্ষিপ্ত দু;একজনের বক্তব্যের পর ভারাক্রান্ত মনে কথা বলেন মরহুম মাহিউদ্দিনের পিতা বিশিষ্ঠ ব্যবসায়ী গিয়াসউদ্দিন। তার আবেগজড়িত কথায় মুহূর্তে উপস্থিত সকলের চোখের কোনে পানি জ্বল জ্বল করতে থাকে।

ব্যবসায়ী গিয়াসউদ্দিন কমিউনিটিতে অতি পরিচিত এবং তিনি বাংলাদেশী সিনিয়র সিটিজেন অব অস্ট্রেলিয়ার সম্মানিত সদস্য। তাঁর একমাত্র ছেলের অকাল মৃত্যুতে কমিউনিটিতে শোকের ছায়া নেমে আসে। এ ব্যাপারে সুপ্রভাত সিডনি একটি বিশেষ প্রতিবেদন ছাপিয়েছে , লিংক : https://suprovatsydney.com.au/2023/12/17/a-tragic-death-and-the-community-stunned/

সিডনিতে আরেকটি মৃত্যুর খবর আমরা প্রচার করি, যা কমিউনিটিতে বিশেষ প্রভাব ফেলেছে। দেলোয়ার হোসেন (৫৯) নামে একজন বাংলাদেশী ভাইর "ফুড পয়োজনে মৃত্যু", লিংক: https://suprovatsydney.com.au/2023/12/01/another-bangladeshi-died-in-sydney/

সুপ্রভাত সিডনির বিশেষ প্রচেষ্টায় মরহুমের বন্ধু খুঁজে বের করা হয়। বাকি নামে এক বন্ধুর সাথে মরহুম দেলোয়ারের শেষ কথা হয়। তিনিও দো'য়াতে শরিক ছিলেন।

সবশেষে দো'য়া পরিচালনা করেন সিডনির সুপরিচিত সমাজ সেবক, বিশিষ্ঠ ইসলামী চিন্তাবিদ ও বাংলাদেশী সিনিয়র সিটিজেন অব অস্ট্রেলিয়ার সিনিয়র নেতা মুফাজ্জাল হোসেন ভুইয়া। তিনি মরহুম দেলোয়ার হোসেন এবং অসুস্থ অনেকের জন্য দোয়া করেন তার ভিতর শাহাবুদ্দিন (প্রকৌশীলীর) নাম বিশেষ ভাবে উল্লেখযোগ্য।









# র' ও ডিজিএফআইর পাতানো ফাঁদ ৭ই জানুয়ারি

*শেষ পৃষ্ঠার পর*

দেশের বিভিন্ন জায়গায় আওয়ামী লীগ ও স্বতন্ত্র প্রার্থীর কর্মী-সমর্থকদের মধ্যে সংঘর্ষ ও ইটপাটকেল নিক্ষেপের ঘটনা ঘটেছে। পাল্টাপাল্টি পোস্টার ছিঁড়ে দেওয়া হয়েছে। স্বতন্ত্র প্রার্থী ও তাঁর সমর্থকদের হুমকি-ধমকি ছাড়াও প্রচারণায় হামলার অভিযোগ উঠেছে নৌকা প্রতীকের প্রার্থীর নেতাকর্মীর বিরুদ্ধে। এ ছাড়া হামলা চালিয়ে প্রচার মাইক ও নির্বাচনী ক্যাম্প ভাঙচুরের অভিযোগ করেছেন স্বতন্ত্র প্রার্থীরা। প্রতিপক্ষের এ হামলা-হুমকিতে অস্থিতিশীল হয়ে উঠেছে নির্বাচনী পরিবেশ। এসব ঘটনায় একাধিক মামলা করা হয়েছে এবং আহত হয়েছেন উভয় পক্ষের নেতাকর্মী। ময়মনসিংহে নির্বাচনী ক্যাম্পের নিয়ন্ত্রণ নিয়ে মারধরে নিহত হয়েছে একজন।

কুমিল্লায় গোলাম সারোয়ার (দুই নম্বর ওয়ার্ড কাউন্সিলর ) শিপন গত ২২ ডিসেম্বর ২০২৩ জুমার দিন মসজিদের মাইক ব্যবহার করে ঘোষণা করেছেন যে, সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় জনপ্রতিনিধি হিসেবে তার মাধ্যমে দরিদ্র ও অসহায় জনগোষ্ঠীর মধ্যে যারা বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও টিসিবি কার্ড পেয়েছেন তাদেরকে অবশ্যই নৌকা মার্কায় ভোট দিতে হবে অন্যথায় তাদের কার্ডগুলো কেড়ে নিয়ে অন্যদের দিয়ে দেয়া হবে।

লক্ষ্মীপুর-১ আসনে স্বতন্ত্র প্রার্থী যুবলীগের সভাপতিমণ্ডলীর সদস্য হাবিবুর রহমান পবন বলেছেন, ‘এই নির্বাচন শেখ হাসিনার প্রধানমন্ত্রী হওয়ার নির্বাচন নয়, তিনি প্রধানমন্ত্রী হয়ে গেছেন। যাদের দিয়ে মন্ত্রিপরিষদ গঠন করবেন, তাও করা হয়ে গেছে। কিন্তু উনার ওপর একটা দায় আছে ২০১৮ সালের নির্বাচন নিয়ে, উন্নত বিশ্ব তাকিয়ে আছে অংশগ্রহণ ও প্রতিদ্বন্দ্বিতামূলক নির্বাচন করতে।’

রাজশাহী-১ আসনের স্বতন্ত্র প্রার্থী চিত্রনায়িকা মাহিয়া মাহিকে ফেসবুক লাইভে এসে ‘জুতাপেটা’ করার কথা বলেছেন বঙ্গবন্ধু সৈনিক লীগের রাজশাহী জেলার সাধারণ সম্পাদক পরিচয় দানকারী মাহাবুর রহমান মাহাম নামে এক যুবক।

স্বতন্ত্র প্রার্থীর পক্ষে কেউ ভোট চাইলে, তাকে বেঁধে রাখার নির্দেশ দেওয়ার অভিযোগ উঠেছে নাটোর-৪ আসনে আওয়ামী লীগের প্রার্থী সিদ্দিকুর রহমানের বিরুদ্ধে।

নৌকার ভোট নিশ্চিত না হলে, ওই ভোটারের কেন্দ্রে আসার দরকার নেই বলে বক্তব্য দিয়েছে রাজশাহী জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আবদুস সামাদ। রাজশাহী-৫ আসনে আওয়ামী লীগের প্রার্থী আবদুল ওয়াদুদের পক্ষে প্রচারে তিনি এসব কথা বলেন।

কুষ্টিয়া-৪ আসনে আওয়ামী লীগ প্রার্থী ও বর্তমান সংসদ সদস্য সেলিম আলতাফ জর্জকে তার নৌকা প্রতীকে ভোট না দিলে সব সুযোগ-সুবিধা ও ভাতা বাতিল হয়ে যাবে বলে হুমকি দিয়েছেন কুমারখালী উপজেলার চাপড়া ইউপির চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা এনামুল হক মঞ্জু। জামালপুর-৫ আসনের লক্ষীরচর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি হাতেম আলীও মন্তব্য করেছেন, আওয়ামী লীগ প্রার্থী আবুল কালাম আজাদকে ভোট না দিলে সুবিধাভোগীদের ভাতা বন্ধ করে দেওয়া হবে।

টাঙ্গাইলের মির্জাপুর উপজেলার ফতেপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আবদুর রউফ আগামী ৭ জানুয়ারির জাতীয় সংসদ নির্বাচনে বিএনপির সমর্থকদের ভোটকেন্দ্রে যেতে নিষেধ করেছেন। তিনি বলেন, ‘বিএনপির ভাইয়েরা যদি নৌকা মার্কায় ভোট দিতে ইচ্ছুক না হন তাহলে আর কেন্দ্রে যাওয়ার দরকার নেই। তার কারণ, আমরা আওয়ামী লীগের দুজন প্রার্থী। আমরাই ভোট দিয়ে যাকে মনোনীত করি তিনিই আমাদের এমপি হবেন।’

নির্বাচনী জনসভায় এক স্বতন্ত্র প্রার্থীর কর্মীর ঘাড় মটকে দেওয়ার হুমকি দিয়েছেন লালমনিরহাট-২ আসনের নৌকার প্রার্থী সমাজকল্যাণমন্ত্রী নুরুজ্জামান আহমেদ। বক্তব্যের ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়ে।

অন্যদিকে মেহেরপুর-১ আসনের স্বতন্ত্র প্রার্থী ও জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি আব্দুল মান্নান ফোন করে সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা অলোক কুমার দাশকে উচ্ছেদের হুমকি দিয়েছেন।

পঞ্চগড়-১ আসনে স্বতন্ত্র প্রার্থী ও তার সমর্থকদের ভোটের পর পা ভেঙে দেওয়ার হুমকি দিয়েছেন আওয়ামী লীগ নেতা ও ইউপি চেয়ারম্যান নুরুজ্জামান নুরু। এরকম বেফাঁস মন্তব্য ও হুমকির ঘটনা সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়েছে এবং গণমাধ্যমে প্রকাশিত হয়েছে। নির্বাচন কমিশনের অভিযোগ দায়ের করেছেন প্রার্থীরা।

একটি অসাংবিধানিক ও ভুয়া নির্বাচনকে কেন্দ্র করে অর্থের অপচয় সীমাহীন। আগামী ৭ জানুয়ারি দেশে তথাকথিত জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। সারা দেশে একযোগে এই নির্বাচন সম্পন্ন করতে নির্বাচন কমিশন প্রাথমিকভাবে প্রতি আসনে ৭ কোটি ২২ লাখ ৬১ হাজার ৫৪ টাকা খরচ নির্ধারণ করেছে। এ হিসাবে সুষ্ঠু ও নিরবচ্ছিন্নভাবে ৩০০ আসনে দ্বাদশ সংসদ নির্বাচন আয়োজনে মোট ব্যয়ের চাহিদা দিয়েছে মোট ২ হাজার ২৭৬ কোটি ২২ লাখ ৩২ হাজার ১৩৯ টাকা।

পাতানো জাতীয় নির্বাচনের পরপরই সারা দেশে উপজেলা নির্বাচন আয়োজন করতে হবে। সেক্ষেত্রে প্রতিটি উপজেলায় নির্বাচনী ব্যয় ধরা হয়েছে ৩ কোটি ১০ লাখ ৮০ হাজার ১৯০ টাকা। এ হিসাবে ৫২০টি উপজেলায় নির্বাচন সম্পন্ন করতে মোট ব্যয় হবে ১ হাজার ৬১৬ কোটি ১৬ লাখ ৯৮ হাজার ৮৬১ টাকা। বাকি অর্থ ব্যয় হবে বিভিন্ন স্তরের উপনির্বাচনের জন্য।

নির্বাচনী কাজে আপ্যায়ন ব্যয় আড়াই গুণ বাড়ানো হয়েছে। প্রথমে বাজেটে এ খাতে ব্যয় ধরা হয় ১৫২ কোটি ২৩ লাখ ৭১ হাজার টাকা। সংশোধিত বাজেটে এটি ৩৯৩ কোটি ৭২ লাখ ৬৩ হাজার টাকা করা হয়।

আওমীলীগ সবদিকে একটি সন্ত্রাসীদল এতে কোনো সন্দেহ নেই। বাংলাদেশে অবস্থিত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতদেরকে হুমকি বা হামলার মাধ্যমে তাই প্রকাশ পেয়েছে। চট্টগ্রামের বাঁশখালী উপজেলার চাম্বল ইউনিয়ন আওয়ামী লীগের আহ্বায়ক মুজিবুল হক চৌধুরী প্রকাশ্যে পিটুনির হুমকি দিয়েছেন বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাসকে। বলেছেন, ‘পিটার হাস্ বলেছে এখানে সুষ্ঠু নির্বাচন হবে। এই পিটার হাস্, আমরা খাই পাঁচ আঙ্গুলের ভাত। আর তুই খাস ফিডার। আর তোরে এমন পিটুনি দেবো...। বাঙালি কি ফাজিল তা তো জানোস না।আমাদের একটি... ছিঁড়তে পারবি না।’চাম্বল ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে আয়োজিত হরতাল-অবরোধ বিরোধী সমাবেশে চেয়ারম্যান মুজিবুল হক চৌধুরী মার্কিন রাষ্ট্রদূতকে পিটুনি দেয়ার হুমকিসহ তাকে বিভিন্নভাবে তাচ্ছিল্য করেন। এ সময় তিনি মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনকে নিয়েও কটূক্তি করেন।

বৃহস্পতিবার ১৪ ডিসেম্বর ২০২৩ রাতে উপজেলার গোকর্ণ ইউনিয়নে ২নং ওয়ার্ডে আওয়ামী লীগ কর্মী ইমরান হাসান রঞ্জুর বাড়িতে নির্বাচন উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। এতে নৌকার পক্ষে বক্তব্য দেওয়ার এক পর্যায়ে আওয়ামী লীগ কর্মী শেখ জুবায়ের হাসান ‘প্রয়োজনে ১/২টি মার্ডার করতে’ সভায় উপস্থিত এলাকাবাসীকে প্ররোচনা দেন এবং মার্ডার হলে তিনি অথবা গ্রামবাসী বুঝে নেবেন বলে জানান।

জাতীয় পার্টির চেয়ারম্যান জিএম কাদের বলেছেন, এবারের নির্বাচনে প্রায় সব কয়টি আসনেই আওয়ামী লীগ একাধিক প্রার্থী দাঁড় করিয়েছে। তারা ভিন্ন ভিন্ন প্রতীকে প্রার্থী হয়েছে। এরা জাতীয় পার্টির প্রার্থীদের বিভিন্ন ভাবে হয়রানি করছে, নেতা কর্মীদের নানান ভাবে হুমকি দিচ্ছে, হয়রানি করছে।

শনিবার ২৩ ডিসেম্বর ২০২৩ রাতে রূপগঞ্জ উপজেলার মুড়াপাড়া ইউনিয়নের ঋষিপাড়া এলাকায় নারায়ণগঞ্জ-১ আসনে আওয়ামী লীগের মনোনীত প্রার্থী পাট ও বস্ত্রমন্ত্রী গোলাম দস্তগীর গাজীর পক্ষে নির্বাচনি উঠান বৈঠকে শেখ ফরিদ ভূঁইয়া হুমকি দেন। তার ওই বক্তব্যের ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে ব্যাপক আলোচনা ও সমালোচনার সৃষ্টি হয়।

মার্কিন রাষ্ট্রদূত পিটার হাসকে হত্যার হুমকির অভিযোগে আওয়ামী লীগের আট নেতার বিরুদ্ধে আদালতে মামলার আবেদন করেছেন বিএনপির এক নেতা। বুধবার ২৯ নভেম্বর ২০২৩ চট্টগ্রাম মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. সালাউদ্দিনের আদালতে তিনি এ আবেদন করেন। অভিযুক্ত আওয়ামী লীগ নেতারা হলেন, চাম্বল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামী লীগের আহ্বায়ক মুজিবুল হক চৌধুরী, মহেশখালী উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ফরিদুল আলম, চাম্বল ইউনিয়ন পরিষদের সদস্য ইফতেখার উদ্দিন বাবু, সাজ্জাদ, এহছান, ফরহাদ, নাসির ও সাইফুল।

ফরিদপুর-৩ আসনে গত মঙ্গলবার সন্ধ্যার পর থেকে রাত পর্যন্ত একাধিক স্থানে মোটরসাইকেল মহড়া দিয়ে ভয়ভীতি দেখানো হয়েছে। বেশ কয়েকটি স্থানে স্বতন্ত্র প্রার্থী এ. কে. আজাদের ঈগল প্রতীকের পোস্টার ছিঁড়ে ফেলা হয়েছে। স্বতন্ত্র প্রার্থীর নির্বাচনী ক্যাম্পের সামনে অবৈধ অস্ত্র দিয়ে গুলি ছোড়াসহ দুটি ক্যাম্প ভাঙচুর ও একটি ক্যাম্পে তালা মেরে বন্ধ করে দেওয়ার অভিযোগ পাওয়া গেছে। এর আগে মামুদপুরে হামলা করে আহত করা হয়েছে দুই কর্মীকে। শহরের আলীপুরে ভয়ভীতি দেখিয়ে প্রচারণায় বাধা দেওয়া হয়েছে। স্বতন্ত্র প্রার্থীর কোনো মিছিল বা প্রচারণা বের হলে মোটরসাইকেলের বহর নিয়ে তাদের আশপাশে মহড়া দিচ্ছে হেলমেট পরিহিতরা। আওয়ামী লীগের প্রার্থী শামীম হকের লোকজন এসব ঘটনার সঙ্গে জড়িত বলে অভিযোগ করা হয়েছে।

বিএনপিবিহীন আসন্ন ৭ জানুয়ারির জাতীয় সংসদ নির্বাচনকে সবার কাছে গ্রহণযোগ্য করতে ক্ষমতাসীন দল আওয়ামী লীগ ভোটকেন্দ্রে ভোটার উপস্থিতি বাড়ানোর ওপর সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। এ বিষয়টিকে প্রাধান্য দিয়ে নৌকার মাঝির পাশাপাশি দলীয় স্বতন্ত্র প্রার্থীদের প্রচারণার ছক সাজানোর নির্দেশনা দেওয়া হয়েছে। বিশেষ করে যেসব আসনে বিএনপির শক্তিশালী ঘাঁটি রয়েছে ওইসব এলাকায় তাদের অপকৌশলে ভোটাররা যাতে ভোটকেন্দ্র বিমুখ না হয় সে ব্যাপারে প্রাণপণ তৎপরতা চালানোর পরামর্শ দিয়েছে আওয়ামী লীগ হাইকমান্ড।

ঢাকাসহ দেশের বিভিন্ন এলাকার ভোটারদের সঙ্গে কথা বলে জানা গেছে, ভোট বর্জনে বিএনপি ও জামায়াত লিফলেট বিলি করলেও তা সাধারণ মানুষের মধ্যে খুব একটা প্রভাব ফেলছে না। তবে আওয়ামী লীগের নৌকা ও স্বতন্ত্র প্রার্থী এবং তাদের সহযোগীরা ভোটের প্রচারণায় নেমে প্রতিপক্ষকে যে ভাষায় হুমকি-ধামকি দিচ্ছে তাতে ভোটারদের মাঝে বিরাজমান উৎসবের আমেজ ম□ান হয়ে পড়ছে। এমনকি যারা প্রচার-প্রচারণার কাজে সরাসরি সম্পৃক্ত তারাও এখন ভীত-সন্ত্রস্ত। বিশেষ করে গত শনিবার মাদারীপুরে আসনের স্বতন্ত্র প্রার্থীর এক কর্মীকে কুপিয়ে হত্যা এবং মুন্সীগঞ্জে এক কর্মীর বাড়িতে গিয়ে গুলির ঘটনার পর সেখানে অনেকেই প্রচারণার কাজ থেকে নিজেদের গুটিয়ে নিয়েছেন।

ঢাকার একটি আসনের আওয়ামী লীগের স্বতন্ত্র প্রার্থীর অভিযোগ, নৌকার মনোনয়ন পাওয়া প্রার্থীর ক্যাডাররা তার প্রচার-প্রচারণার কাজে যুক্ত কর্মীদের যেভাবে হুমকি-ধামকি দিচ্ছে তাতে শুধু প্রচারণার পরিবেশ নষ্ট হচ্ছে তা-ই নয়, ভোটারদের অনাগ্রহও বাড়ছে। এ পরিস্থিতি থাকলে স্বতন্ত্র প্রার্থীদের অনেকে প্রতিটি কেন্দ্রে পোলিং এজেন্ট রাখতে পারবে কিনা- তা নিয়েও সংশয় প্রকাশ করেন তিনি।

পটুয়াখালী-৪ আসনের স্বতন্ত্র প্রার্থী ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি মো. মাহবুবুর রহমানের ঈগল প্রতীকের সমর্থনে অনুষ্ঠিত পথসভায় নৌকার কর্মী-সমর্থকদের ‘হাত কেটে দেবো’ হুমকি প্রদানের বক্তব্য সংবলিত ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়েছে। ভিডিওতে তিনি বলেন, ‘প্রত্যেক মা-বোনদের বুঝাবেন এবার আওয়ামী লীগের মার্কা ঈগল, আর পাগলের মার্কা হচ্ছে নৌকা।’ এ সময় নৌকার সমর্থকদের হুমকি দিয়ে তিনি বলেন, ‘হাত কেটে দেবো, হাত কেটে দেবো।’

রাজধানীর আরামবাগে আওয়ামী লীগের সমাবেশে অবৈধ প্রধানমন্ত্রী বক্তব্য রাখেন। সেখানে বিএনপির হরতাল অবরোধ সহিংসতা নিয়ে তিনি বলেন, “আগুন দিয়ে যারা পোড়াবে তাদের প্রতিরোধ করতে হবে। দরকার হলে তাদের ধরে ওই আগুনের মধ্যে ফেলতে হবে। যে হাত দিয়ে আগুন দেবে সেই হাত আগুন দিয়ে পুড়িয়ে দিতে হবে। তবেই তাদের শিক্ষা হবে।” এতেই বুঝা যায়, আওয়ামীলীগ কি ধরনের সন্ত্রাসী। দলপ্রধান সবাইকে শান্ত ও ধৈর্য্য ধরার আহবান না করে বরনং সন্ত্রাসী কর্মকান্ডকে উস্কিয়ে দিয়েছেন।

আসন্ন নির্বাচনে প্রচুর হতাহত ও হত্যার নেশায় মেতেছে এ ফ্যাসিস্ট আওয়ামী মাফিয়া সরকার। কোথায় বলে, যে সাপ নিয়ে খেলা করে ,একদিন সেই সাপের দংশনেই মারা যায়। অভিজ্ঞ মহল মনে করেন, উপরোক্ত দুই গোয়েন্দা সংস্থার হাতেই হয়তোবা তার ভবলীলা সাঙ্গ হবে একদিন। আওমিলিগ উন্নয়নের নামে একটি মাফিয়া বাহিনী গড়ে তুলতে সক্ষম হয়েছে এবং সফলভাবে পরিচালনা করার সমস্ত দিক নির্দেশনা দিচ্ছেন মাফিয়া রানী হাসিনা।

বিএনপি ও জামাতের শীর্ষ স্থানীয় নেতা কর্মীদেরকে আটক করে বিনা বিচারে কারাগারে প্রেরণ করে নির্বাচন নামক এক তামাশার সঞ্চার করেছেন বর্তমান স্বৈর শাসক। বাস, ট্রেনসহ বিভিন্ন প্রতিষ্ঠানে আওয়ামীলীগের নেতা কর্মীরা আগুন লাগিয়ে বিরোধী দলের নামে চালিয়ে দিচ্ছে। মসজিদ ও মাদ্রাসাগুলোকেও ছাড় দিচ্ছে না। অনেক যানবাহনে পুলিশকে আগুন দিতে দেখা গিয়েছে এবং পুলিশের আগুনের ভিডিও ভাইরাল হওয়া সত্ত্বেও আওয়ামী অসৎ পুলিশের কোনো রিলিজ বা কৈফিয়ত নেই।

বাংলাদেশ ও প্রবাসে সচেতন নাগরিক এবং দেশপ্রেমী জনগণ আসন্ন নির্বাচনকে ঘৃণাভরে প্রত্যাখ্যান করেছে। বিশ্বের বিভিন্ন দেশে সচেতন বাংলাদেশীরা রাস্তায় রাস্তায় নির্বাচন বয়কট করার আহবান জানিয়ে সভা ও লিফলেট বিলি করছেন।

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper । সত্যের সাথে সব সময়

# কুরআনের ওপেন চ্যালেঞ্জ ১



প্রফেসর ড.মুহাম্মদ ইউসুফ আলী

কুরআন মহান আল্লাহ তায়ালার কালাম বা কথা। সমগ্র বিশ্বের মানুষের জন্য হেদায়েত, দিকনির্দেশনা। মহানবী হজরত মুহাম্মদ সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে আল্লাহপাক অসংখ্য মোজেজা দান করেছেন। এর মধ্যে কুরআন হলো জীবন্ত মোজেজা যা কিয়ামত পর্যন্ত চালু থাকবে। কুরআনের অনেক জায়গায় অবিশ্বাসীদের প্রতি চ্যালেঞ্জ দেয়া হয়েছে যা কাফির মুশরিক ও আহলে কিতাবদের হতভম্ব করে দিয়েছে। কুরআনে ঘোষিত এমন একটি চ্যালেঞ্জের নাম হলো মুবাহালা বা নিজের ওপর ধ্বংস কামনা করা। মুবাহালা হলো, সত্য ও মিথ্যার ব্যাপারে দুই পক্ষের মধ্যে বাদানুবাদ হলে এবং যুক্তিতর্কে মীমাংসা না হলে, সকলে মিলে আল্লাহর কাছে প্রার্থনা করা, যে পক্ষ এ ব্যাপারে মিথ্যাবাদী, সে যেন ধ্বংসপ্রাপ্ত হয় এবং আল্লাহর লানতের অধিকারী হয়।

আনুমানিক ৯ম হিজরীতে নাজরান থেকে খ্রিষ্টানদের একটি প্রতিনিধিদল নবী করীম সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে এসে দাবী করল যে ঈসা আলাইহিস সালাম (নাউজুবিল্লাহ) খোদার বেটা, তিন খোদার এক খোদা ইত্যাদি ইত্যাদি। তারা ঈসা (আঃ)-এর ব্যাপারে আরো বিভ্রান্তমূলক বিতর্ক শুরু করে দিল। যার পরিপ্রেক্ষিতে মহানবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে ওপেন চ্যালেঞ্জ, মুবাহালার আহ্বান জানান। অর্থাৎ জনসম্মুখে সবার সামনে প্রমানিত হবে তোমাদের কথা সত্য নাকি আমাদের কথা সত্য। প্রত্যেক দল আল্লাহর কাছে কামনা করবে যে আমাদের মধ্যে যাদের কথা মিথ্যা তাদেরকে তুমি ধ্বংস করে দাও। রসুল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার পরিবারের নিকটতম সদস্য হযরত আলী, ফাতিমা এবং হাসান ও হুসাইন (রাঃ)-কে সাথে নিয়ে মুবাহালার জন্য প্রস্তুত হয়ে আসলেন এবং খ্রিষ্টানদেরকে বললেন যে, তোমরাও তোমাদের পরিবারের লোকদের সাথে নিয়ে এসো। তারপর আমরা মিথ্যাবাদীর উপর অভিশাপ বর্ষণের দুআ করব। খ্রিষ্টানরা এতে ভয় পেয়ে গেলো, কারণ তারা জানত যে, তাদের কথা ও আক্বিদা সঠিক নয়। তারা নিজেদের মাঝে পরামর্শ করে মুবাহালা করার পথ ত্যাগ করল এবং এই প্রকাশ্য চ্যালেঞ্জ গ্রহণ করতে রাজি হলো না।

**OPEN CHALLENGE!!!**

তারা বলল যে, আপনি আমাদের কাছে যা চাইবেন, আমরা তা-ই দিব, কিন্তু মুবাহালা করব না। এভাবে ইসলামের সত্যতা প্রমাণিত হলো।এর পরে রসূল (সাঃ) তাদের উপর জিযিয়া-কর ধার্য করে দেন। আর এই কর আদায়ের জন্য তিনি আমীনে উম্মাত আবূ উবায়দা ইবনে জাররাহ (রাঃ)-কে তিনি তাদের সাথে পাঠিয়ে দেন (ইবনে কাসির)। হাদিসে এসেছে, যদি মুবাহালা করত তাহলে খ্রিস্টান প্রতিনিধির সকলেই ধ্বংস হয়ে যেতো।

এ প্রসঙ্গে মহান আল্লাহ তায়ালা পবিত্র কুরআন মাজিদে এরশাদ করেন, অতঃপর আপনার নিকট জ্ঞান আসার পর যে কেউ এ বিষয়ে আপনার সাথে বিতর্ক করে তাদেরকে বলুন, আস, আমরা আহ্বান করি আমাদের পুত্রদেরকে ও তোমাদের পুত্রদেরকে, আমাদের নারীদেরকে ও তোমাদের নারীদেরকে, আমাদের নিজেদেরকে ও তোমাদের নিজেদেরকে, তারপর আমরা মুবাহালা (বিনীত প্রার্থনা) করি, অতঃপর মিথ্যাবাদীদের উপর দেই আল্লাহর লা'নত বা অভিসম্পাত (সুরা আল ইমরান -৬১)। এ আয়াতে আল্লাহ্ তায়ালা মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে মুবাহালা করার নির্দেশ দিয়েছেন।

বুখারী শরীফের হাদীসে হুযাইফাহ (রাঃ) থেকে বর্ণিত আছে, তিনি বলেন, নাজরান এলাকার দু'জন সরদার আকিব এবং সাইয়িদ রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে তাঁর সঙ্গে মুবাহালা করতে চেয়েছিল। বর্ণনাকারী হুযাইফাহ (রাঃ) বলেন, তখন তাদের একজন তার সঙ্গীকে বলল, এরুপ করো না। কারণ আল্লাহ্‌র কসম! তিনি যদি নবী হয়ে থাকেন আর আমরা তাঁর সঙ্গে মুবাহালা করি তাহলে আমরা এবং আমাদের পরবর্তী সন্তান-সন্ততি (কেউ) রক্ষা পাবে না। তারা উভয়ে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলল, আপনি আমাদের নিকট হতে যা চাবেন আপনাকে আমরা তা-ই দেব। তবে এর জন্য আপনি আমাদের সঙ্গে একজন আমানতদার ব্যক্তিকে পাঠিয়ে দিন। আমানতদার ব্যতীত অন্য কোন ব্যক্তিকে আমাদের সঙ্গে পাঠাবেন না। তিন বললেন, আমি তোমাদের সঙ্গে এমন একজন আমানতদার পাঠাবো যে প্রকৃতই আমানতদার। এ পদে ভূষিত হওয়ার জন্য সাহাবীগণ আগ্রহান্বিত হলেন। তখন তিনি বললেন, যে আবূ উবাইদাহ ইবনুল জাররাহ্! তুমি উঠে দাঁড়াও। তিনি যখন দাঁড়ালেন, তখন বললেনঃ এ হচ্ছে উম্মতের সত্যিকার আমানতদার (বুখারী)।

কুরআনে আরো অনেক ওপেন চ্যালেঞ্জ ঘোষণা করা হয়েছে। এগুলো পরবর্তী সংখ্যায় ইনশাআল্লাহ আলোচনা করা হবে।

*(লেখক: অধ্যাপক ও মৎস্য বিজ্ঞানী, খুলনা বিশ্ববিদ্যালয়, পোস্ট ডক্টরোলার ভিজিটিং ফেলো সিডনি)*


# HELP PALESTINIE INNOCENT PEOPLE




**The innocent people of Palestine are crying for basic needs such as food, Water, Medicine & Shelter. Please help those who are suffering, we are always with oppressed kids & elderly people who are desperately looking for help. May Allah swt accept all of your contributions. Please mention 'Pln donation' when you deposit. You may deposit it to:**

**CYCDO, BSB: 062 191 ACCOUNT: 1102 7026**

# মুসলমানদের বিয়ের সুন্নত ও বৈধ উপায় সমূহ

**সুপ্রভাত সিডনি রিপোর্ট**

আমাদের মহান রব কর্তৃক মনোনীত ধর্ম ইসলাম। ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা। এর কিছু মৌলিক নীতি রয়েছে। সেই ইসলামী মৌলিক নীতি বা শিক্ষার প্রতি গভীরভাবে দৃষ্টিপাত করলে একথা দিবালোকের ন্যায় স্পষ্ট হয়ে যায় যে, ইসলাম বৈরাগ্যবাদ ও একাকিত্বের জীবন পছন্দ করেনা। যেমন হাদীস শরীফে নবীজি ইরশাদ করেন- "অর্থাৎ আল্লাহ তায়ালা আমাদেরকে বৈরাগ্যবাদের বদলে সহজ সরল সঠিক ধর্ম দান করেছেন।"

স্বচ্ছ-সুন্দর ও পঙ্কিলতাহীন জীবন-যাপনে বিয়ের গুরুত্ব অপরিসীম। বিয়ে সুস্থ সমাজ নির্মাণের অন্যতম ভিত্তি। জীবনের গুরুত্বপূর্ণ এই বিধান পালনে নবীজির সুন্নত অনুসরণ করা জরুরি। এতে বরকত ও জীবন সুখের হয়। সুন্নত আদায়ের সওয়াব হয়। অন্যথায় বর-কনে এবং সংশ্লিষ্ট সবাইকে রবকত শূন্য থেকে যেতে হয়।

বিয়ে আল্লাহ পাকের অশেষ নেয়ামত এবং রাসুল (সা.)-এর গুরুত্বপূর্ণ সুন্নত। চারিত্রিক অবক্ষয় রোধের শ্রেষ্ঠ হাতিয়ার। আদর্শ পরিবার গঠনে, মানুষের জৈবিক চাহিদা পূরণে কিংবা মানবিক শান্তি লাভের প্রধান উপকরণ। বিয়ে ইসলামী শরিয়তের অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি নিয়ম।

আধুনিকতার নামে অসাম্প্রদায়ীকরা আচার-অনুষ্ঠানে এমন জগা-খিচুরি বানিয়েছেন যে বিয়ে কেবল একটি অসুস্থ সামাজিক বিষয় হয়ে দাড়িঁয়েছে। ৮০০ সালের দিকে হিন্দু রাজা বল্লাল সেন প্রথম বিয়েতে গায়ে হলুদের প্রচলন করে। কিন্তু বর্তমানে মুসলমানেরা গায়ে হলুদ ছাড়া বিয়ে করেনা ধর্মীয় বিধি-বিধান তোয়াক্কা না করে।

আলেমদের মতে, ইসলামী বিবাহ মসজিদে ও জুমার দিন হওয়া উত্তম। এতে ঘোষণা ও জনসমাগম বেশি হয়। দেশীয় অপসংস্কৃতি কিংবা বিধর্মীদের কালচার বিয়েকে অভিশপ্ত করে। সুন্নত তরিকার বিয়ে খুবই সহজ। কোনো হাক্কানী আলেমের কাছ থেকে জেনে নিন। একখানা হাদিস মনে রাখবেন, নবী করিম (সা.) বলেছেন, সবচেয়ে বেশি বরকত সেই বিয়ে হয়, যাতে খরচের চাপ সবচেয়ে কম থাকে।

বিবাহ পড়ানোর সুন্নাহসম্মত পদ্ধতি হলো, প্রথমে কনের কাছ থেকে ইজন বা অনুমতি নিতে হবে। এসময় কমপক্ষে দুজন সাক্ষী উপস্থিত থাকতে হবে। তখন বর উচ্চ স্বরে 'কবুল' অথবা 'আমি গ্রহণ করলাম' বা সম্মতিসূচক 'আলহামদু লিল্লাহ' বলবে। এরূপ তিনবার বলা উত্তম। (বুখারি, হাদিস : ৯৫)

বিবাহের ক্ষেত্রে পাত্র-পাত্রী বা বর-কনেই মুখ্য, যারা সারা জীবন একসঙ্গে ঘর-সংসার করবে। তাই বিবাহের আগে তাদের সম্মতি থাকতে হবে। কোনো অবস্থায়ই কোনো ছেলে-মেয়ের অসম্মতিতে তাদের বিবাহ করতে বাধ্য করা উচিত নয়। আল্লাহ বলেন, 'হে ঈমানদাররা! তোমাদের জন্য বৈধ নয় যে তোমরা বলপূর্বক নারীদের উত্তরাধিকারী হবে। ' (সুরা নিসা, আয়াত : ১৯)




এরপর অভিভাবক (যদি বিবাহ পড়াতে সক্ষম হন) বা যিনি বিবাহ পড়াবেন তিনি বিবাহের খুতবা পাঠ করবেন। এরপর মেয়ের অভিভাবক বরের সামনে মেয়ের পরিচয় ও মোহরের পরিমাণ উল্লেখ করবেন। তারপর তিনি বিবাহের প্রস্তাব পেশ করবেন। অথবা অভিভাবকের অনুমতি নিয়ে যিনি বিবাহ পড়াবেন তিনি হবু বরের কাছে বিবাহের প্রস্তাব তুলে ধরবেন। এটাকে ইসলামের ভাষায় 'ইজাব' বলা হয়।
বিবাহের ক্ষেত্রে অভিভাবকের অনুমতি নিতে হবে। বিশেষ করে মেয়ের ক্ষেত্রে অভিভাবকের অনুমতি একান্তভাবে আবশ্যক। কারণ অভিভাবকের অনুমতি ছাড়া বিবাহ হয় না। নবী করিম (সা.) বলেন, 'অভিভাবক ছাড়া কোনো বিবাহ নেই। ' (তিরমিজি, হাদিস : ১১০১)
শুধু বরকেই কবুল বলাতে হবে। কনের কাছ থেকে কনের অভিভাবক শুধু অনুমতি নেবেন। বর বোবা হলে সাক্ষীদ্বয়ের উপস্থিতিতে ইশারা বা লেখার মাধ্যমেও বিবাহ সম্পন্ন হতে পারে।

এভাবে বিবাহ সম্পন্ন হয়ে যাবে। এরপর উপস্থিত সবাই পৃথকভাবে সুন্নতি দোয়া পাঠ করবে : 'বা-রাকাল্লাহু লাকা, ওয়া বা-রাকা আলাইকা, ওয়া জামাআ বায়নাকুমা ফী খায়ের। '

অর্থ : 'আল্লাহ তোমার জন্য বরকত দিন, তোমার ওপর বরকত দিন ও তোমাদের দুজনকে কল্যাণের সঙ্গে মিলিত করুন। ' (তিরমিজি, হাদিস : ১০৯১)

বিয়ের আকদ (চুক্তি) করানোর দায়িত্ব মেয়ের অভিভাবকদের পালন করতে হবে। যেহেতু আল্লাহ তাআলা বিয়ে দেয়ার জন্য অভিভাবকদের প্রতি নির্দেশ করেছেন। আল্লাহ তাআলা বলেন, 'আর তোমরা তোমাদের মধ্যে অবিবাহিত নারী-পুরুষদের বিবাহ দাও। ' (সূরা নূর, ২৪:৩২)

রাসুল (সা.) বলেন, 'যে নারী তার অভিভাবকের অনুমতি ব্যতীত বিয়ে করবে তার বিবাহ বাতিল, তার বিবাহ বাতিল, তার বিবাহ বাতিল। ' (তিরমিজি, হাদিস নং : ১০২১)
অভিভাবককে মুসলিম হতে হবে। সুতরাং কোন অমুসলিম ব্যক্তি মুসলিম নর-নারীর অভিভাবক হতে পারবে না। অনুরূপভাবে কোন মুসলিম ব্যক্তি অমুসলিম নর-নারীর অভিভাবক হতে পারবে না।
মহানবী (সাঃ) বলেছেন- "এক মহিলা আরেক মহিলাকে বিয়ে দিতে পারবে না। অথবা মহিলা নিজে নিজেকে বিয়ে দিতে পারবে না। ব্যভিচারিনী নিজে নিজেকে বিয়ে দেয়।"[ইবনে মাজাহ (১৭৮২) ও সহীহ জামে (৭২৯৮)।

৪/ বিবাহের সুন্নাত সমূহ

১. সহীহ বিবাহ অনাড়ম্বর হবে, যা অপচয়, অপব্যয়, বেপর্দা ও বিজাতীয় সংস্কৃতি, গান-বাদ্য, ভিডিও-অডিও মুক্ত হবে এবং তাতে কোন যৌতুকের শর্ত বা সামর্থ্যের অধিক মহরানার শর্ত থাকবে না। (হাদীস নং- ৩৬১২, তাবরানী আউসাত)

২. সৎ ও খোদাভীরু পাত্র-পাত্রীর খোঁজ করে বিবাহের পয়গাম পাঠান । কোন বাহানা বা সুযোগে পাত্রী দেখা সম্ভব হলে, দেখে নেয়া মুস্তাহাব। কিন্তু আনুষ্ঠানিকভাবে পাত্রী দেখানোর যে প্রথা আমাদের সমাজে প্রচলিত, তা সুন্নাতের পরিপন্থী ও বর্জনীয়। (ইমদাদুল ফাতাওয়া, ৪ : ২০০/ বুখারী হাদীস নং- ৫০৯০)

৩. শাওয়াল মাসে এবং জুমু'আর দিনে মসজিদে বিবাহ সম্পাদন করা সুন্নত। তবে যে কোন মাসের যে কোন দিন বিবাহ করা জায়েয আছে। (মুসলিম, হাদীস নং- ১৪২৩/ বাইহাকী, হাদীস নং- ১৪৬৯৯)

৪. বিবাহের কথা ব্যাপকভাবে প্রচার করে বিবাহ করা এবং বিয়ের পরে আকদ অনুষ্ঠানে উপস্থিত সবার মাঝে খেজুর বণ্টন করা। (বুখারী শরীফ, হাদীস নং- ৫১৪৭)

৫. সামর্থ্যের মধ্যে মহর ধার্য করা।(আবু দাউদ: হাদীস নং- ২১০৬)

৬. বাসর রাতে স্ত্রীর কপালের উপরের কিছু চুল হাতে নিয়ে এই দু'আ পড়াঃ

اَللّٰهُمَّ إِنِّيْ أَسْأَلُكَ مِنْ خَيْرِهَا وَخَيْرِ مَا جَبَلْتَ عَلَيْهِ . وأَعُوْذُ بِكَ مِنْ شَرِّهَا وَشَرِّ مَا جَبَلْتَ عَلَيْهِ.

আল্লাহুম্মা ইন্নি আসয়ালুকা খায়রাহা ওয়া খায়রা মা জাবালতাহা আলাইহি। ওয়া আউজু বিকা মিন শাররিহা ওয়া শাররি মা জাবালবাহা আলাইহে (আবু দাউদ, হাদীস নং- ২১৬০)

৭. স্ত্রীর সঙ্গে প্রথমেই অন্তরঙ্গতা সৃষ্টি করবে, তারপর যখনই সহবাস-এর ইচ্ছা হয়, তখন প্রথমে নিচের দু'আ পড়ে নেওয়া

بِسْمِ اللّٰهِ اَللَّهُمَّ جَنِّبْنَا الشَّيْطَانَ وَجَنِّبِ الشَّيْطانَ مَا رَزَقْتَنا.

"বিসমিল্লাহ, আলহুম্মা জান্নিবনাশ শায়তান ও জান্নিবিশ শায়তানা মা রাযাকতানা।" (মুসলিম/১৪৩৪)

মনে রাখবেন, উপরের দু'আ না পড়লে শয়তানের তাছীরে বাচ্চার উপর কু-প্রভাব পড়ে। যার ফলে সন্তান বড় হলে, তার মধ্যে ধীরে ধীরে তা প্রকাশ পেতে থাকে এবং সন্তান নাফরমান ও অবাধ্য হয়। সুতরাং পিতা-মাতাকে খুবই সতর্ক থাকতে হবে।

৮."বাসর রাতের পর দু'হাতে আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব, শুভাকাঙ্ক্ষী এবং গরীব-মিসকিনদের তাওফীক অনুযায়ী ওলীমা খাওয়ানোর আয়োজন করা। (মুসলিম, হাদীস নং- ১৪২৭)"

দুঃখের ব্যাপার হলো, বর্তমানে আমাদের সমাজে যে নিয়ম পদ্ধতিতে বিয়ের আয়োজন করা হয় তা সম্পূর্ন শরীয়ত বিরোধী ও সুন্নতের খেলাফ এবং বিধর্মীদের রীতি। এর মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি হলো,
বিনা পর্দায় প্রথম সাক্ষাত, গায়ে হলুদ, গেট ধরা, মেয়েরা বরের হাত ধোয়ানো, বিয়েতে বিপুল খরচ, অধিক মোহর নির্ধারণ ইত্যাদি।

তিরমিযী শরীফে বর্ণিত আছে। নবীজী এরশাদ করেছেন-
যখন তোমাদের নিকট এমন কেউ প্রস্তাব দেয় যার দ্বীন ও চরিত্রকে তোমরা পছন্দ করো তাহলে তোমরা তার সাথে বিয়ে দিয়ে দাও। যদি তোমরা এরূপ না করো তাহলে জমিনের মধ্যে ফিতনা এবং মহা ফাসাদ সৃষ্টি হবে।

বিভিন্ন হাদীস দ্বারা পাত্রী দেখার বৈধতা সাব্যস্ত হয়। তবে তাদেরকে দেখার একটি নির্দিষ্ট গন্ডি রয়েছে।

আর তা হলো চেহারা, উভয় হাতের তালু ও উভয় পায়ের পাতা। এছাড়া আর কোন অঙ্গ দেখতে পারবে না ।
কিন্তু বর্তমানে দেখা যায় যখন ছেলেরা মেয়ে দেখতে আসে তখন ছেলের সাথে তার বিভিন্ন আত্মীয়-স্বজন বা বন্ধু বান্ধবরা এসে থাকে । এটা সম্পূর্ণ অবৈধ । মেয়েকে শুধু ছেলেই দেখতে পারবে। তাও আবার নির্দিষ্ট কয়েকটি অঙ্গ । তবে যদি ছেলের পক্ষ থেকে কোন মহিলা দেখতে আসে তাহলে সে দেখতে পারবে।

১. প্রথম সাক্ষাৎ:
ইসলামী শরীয়ত বেগানা (গায়রে মাহরাম) মহিলার প্রতি দৃষ্টিপাত করা হারাম করেছে। তবে বিশেষ কিছু স্থানে ইসলামী শরীয়ত মহিলাদেরকে দেখার অনুমতি দিয়েছে। তার মধ্যে একটি হলো বিয়ের জন্য পাত্রী দেখা।

২. ফোনালাপ ও দেখা সাক্ষাৎ:
একটা ছেলে যখন একটা মেয়েকে দেখার পর তাদের মাঝে বিয়ে ঠিক হয়ে যায় তখন দেখা যায় তার একে অপরের সাথে ফোনে কথাবার্তা বা অন্য কোন ভাবে দেখা সাক্ষাত করে থাকে । অথচ বিয়ের আগে কথাবার্তা ও দেখা সাক্ষাৎ কোন ভাবেই জায়েয নেই।

৩. গায়ে হলুদ:
গায়ে হলুদ সাধারণত বিয়ের একদিন আগে অনুষ্ঠিত হয় । এটা হিন্দুয়ানী সংস্কৃতি, বিজাতীয় অনুকরণ ও অনৈসলামিক প্রথা। হলুদ বা কোন রং ব্যবহার করা পুরুষের জন্য সম্পূর্ন হারাম। মহিলাদের জন্য যদিও রং জায়েজ, কিন্তু বর্তমানে যেরূপ বেপর্দা ও বেহায়াপনার সাথে গান বাজনা বাজিয়ে গায়ে হলুদ অনুষ্ঠিত হয় তা সম্পূর্ণ নিষেধ ও শরীয়ত পরিপন্থী।

৪. আরো কয়েকটি নিষিদ্ধ কর্মকান্ড:
বিয়ের দিন আমরা এমন কিছু কর্মকান্ড করে থাকি যা অবৈধ হওয়ার সাথে সাথে শালীন রুচির খেলাফ। যেমন-
১. যখন বর যাত্রী আসে তখন গেইটে ফিতা ধরা এবং বরের কাছে থেকে কিছু টাকা আদায় করা।
২. বরের যখন খানা খাওয়া শেষ হয় তখন যুবক-যুবতীরা মিলে বরের হাত ধোয়ানো।
৩. ছবি তোলা, ভিডিও করা, গান বাজানো ইত্যাদি।
৪. বরের জুতা লুকানো

এ সমস্ত কাজ সবই শরীয়ত বিরোধী কাজ। অথচ এখন এগুলো হয়ে উঠেছে আমাদের কাছে অত্যন্ত আনন্দদায়ক । এ সমস্ত আয়োজন ছাড়া যেন বিয়েই হয়না। অথচ এর থেকে বেঁচে থাকা একজন মুসলমানের ঈমানী দায়িত্ব। এগুলো সব হলো বিধর্মীদের রীতি । অথচ আমরা তারই অনুসরন করি । অপরদিকে বিধর্মীরা আমাদের কতটুকু অনুসরণ করে । আমাদের উচিত বিয়ের সুন্নাত পদ্ধতি জেনে সেই অনুযায়ী বিবাহ চুক্তি সম্পাদন করা । যাতে করে আমাদের বিয়ে বরকতময় হয়।

বাসর রাত :
ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা, ইসলাম তার পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা এ রাত সম্পর্কে দিক নির্দেশনা দিয়েছে। তা নিম্নরূপ:

*প্রথমে স্বামী নববধূর মাথায় হাত রেখে আল্লাহর নাম স্মরণ করবে, এবং আল্লাহর নিকট নববধূর জন্য বরকতের দোয়া করবে।
* বর কনে দুই রাকাত নামাজ পড়ে আল্লাহর দরবারে প্রার্থনা করবে।
* স্বামী নববধূর সাথে অত্যন্ত প্রীতি মধুর কথা বলবে ।
* কিছু হাদিয়া পেশ করবে। এতে পরস্পরে মহব্বত সৃষ্টি হবে। কমপক্ষে কিছু খাদ্যবস্তু হলেও পেশ করবে।

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper | সত্যের সাথে সব সময়

## প্রবাসীদের রাজ
### মুহাম্মদ দিদারুল হক খোকন

কঠোর শ্রম, সৎ কর্ম
প্রবাসে করি কাজ,
নিজের কাজ নিজে করি
নাই তো কোন লাজ।

দেশ, পরিবার সুখে থাক
এই আমাদের চাওয়া,
ছেলে, মেয়ে শিক্ষিত হবে
এটাই আমাদের পাওয়া।

বিদেশ থেকে পাঠাই টাকা
দেশের অর্থ যোগানে,
রেমিটেন্স যোদ্ধা উপাধী আমাদের
গর্বিত সে স্লোগানে।

গর্বিত আমরা হালাল কামাই
উচ্চস্বরে বলি আজ,
নাই যে ভয় আওয়াল আখের
এটাই প্রবাসীর রাজ।

সহজ সরল প্রবাসীরা
সবাইকে বিশ্বাস করে,
সেই সুযোগে প্রতারকরা
লুটেপুটে যায় সরে!!

প্রবাসীদের একটি টাকা
যে করবে আত্মসাৎ,
পার পাবে না শেষ জীবনে
নিবে শাস্তির স্বাদ!!

## অতিথি পাখি
### সাইদুল ইসলাম সাইদ

শীতের দিনে আমাদের দেশে অতিথি পাখি আসে
সমুদ্রের পাখির মেলা আকাশেই ভাসে,
তাদের দেশে বরফ পড়ে দানাপানি অভাব
সেই সুযোগে কিছু শিকারি পাখি ধরা স্বভাব।

এমন কেন করি আমরা? করি সবাই পণ
যত্ন করে ভালোবেসেই রাখব তাদের মন,
পরিবেশটা ভালো থাকবে গড়ব মিলে সবে
ভালোবাসার হাত বাড়িয়ে থাকব মিলে ভবে।

কেউ বা যদি তাদের ধরে বিক্রি করে হাটে
প্রতিবাদের ঝড় তুলিয়ে লড়াই হবে মাঠে,
আমাদের দেশে আসেন তারা ধরব কেন আমরা
আবার যেন আসে তারা আসে জোড়া জোড়া।

আমরা যদি তাদের সাথে ভালো আচার করি
পরের বারে আসবে তারা দেশটা যাবে ভরি,
প্রশংসা যে করবে তারা তাদের দেশে গিয়ে
আমরা সবে ভীষণ ভালো বাংলাদেশ নিয়ে।

## আজও শুনি গুলির আওয়াজ
### রফিকুল ইসলাম

একাত্তুর; এই তো মাত্র সেদিনের কথা
ঘরেঘরে অগ্নিসংযোগ নৃশংস হত্যা, লুটতরাজ
বোমা আর মেশিনগানের কান ফাঁটা আওয়াজ।
ভীত সন্ত্রস্ত মানুষের দিগ্বিদিক ছুঁটাছুটি
নিজ গৃহে নেই, নিরাপদ আশ্রয়ের নিশ্চয়তা।
নয় মাস, অতঃপর স্বাধীনতা;
ভাবনাহীন দুরন্ত কৈশোর, যতদূর চোখ যায়
সব আমার পরম স্বাধীনতা—
ধুলো উড়া মাটির পথ, গাছে গাছে পাখির বাসা
বিন্যাস্ত স্মৃতির দর্পণে ভেসে ওঠে কত কথা,
রাফখাতার উপরে লেখা– ১৯৭৬ সাল
মাধ্যমিক স্কুল, সবে মাত্র আয়ুর সকাল।
এখন অফিসে বসে লিখছি ২০২৩ সাল
ভাবছি– পিছনে ফেলে এসেছি কতটা কাল।
আজও আগুন দেখি, দুর্নীতি আর লুটতরাজ
পথে হাঁটে হতাশায় দক্ষ তরুণ যুবক—
ন্যায্য দাবীর মিছিলে রক্তাক্ত শ্রমিকের লাশ।
অর্ধশতাব্দীর দিনলিপিতে নৈরাজ্য হিংস্রতা
অধিকারের দেয়ালে লোহার পেরেক ঠোকা
আজও ধর্ষিত হয় আমার কাঙ্ক্ষিত স্বাধীনতা।

## বিজয় এলে পুষ্প ফোটে
### সাঈদুর রহমান লিটন

বিজয় আসে বলেই উল্লাস করি
ইতিহাসে ফিরে যাই রোজ,
বিজয় আসে বলে স্বপ্ন গড়ি
স্মৃতিগুলো করি তাই খোঁজ।

বিজয় এলেই মনে পড়ে রক্তরাঙা ভোর
বিজয় এলে বাঁধি মনে সবাই প্রীতি ডোর,
আপন-পর, শত্রু-মিত্র সবাই এক হই
বিজয় এলেই সব ভুলে তাই পাশাপাশি রই।

বিজয় এলেই শত পুষ্প ফোটে বাগে
বিজয় এলে সব লোকেরা হঠাৎ জাগে,
গানে গানে ভরে দিয়ে জাগিয়ে দেয় দেশ
বিজয় এলে মুক্তি পেয়ে উল্লাস করি বেশ।

## বিজয় মানে
### শারমিন নাহার ঝর্ণা

বিজয় মানে-
নতুন শীতল ভোর,
বিজয় মানে
কাটলো তিমির ঘোর।

বিজয় মানে-
মুক্ত এক আকাশ,
বিজয় মানে
শান্তির স্নিগ্ধ বাতাস।

বিজয় মানে
খুশির নেই শেষ,
বিজয় মানে
স্বাধীন বাংলাদেশ।

## জাগরণে স্বদেশ
### নাসরীন খান

হাসনাহেনা হিম যুথিকা
প্লাবন নামে বন বীথিকা,
মায়া কানন স্বপ্নীল শাখা
রঙিন ভুবণ মন পাখা।

কাশফুল বাতাস কাঁপন
সবুজ শ্যামল স্বপ্ন কানন,
ঢেউ দোলায় মাতাল সাগর
থৈথৈ খেলে ভাটির হাওর।

শাপলা শালুক ঝিল বিল
হাঁস পাখালি খিলখিল,
মনের রঙধনুতে নানান রং
জাগলো মুখোশে বৈশাখী সং।

ফাগুন ডাকে আগুন জ্বেলে
রং মিতালি ডাঙায় খেলে,
নয়ন জুড়োয় প্রাণ প্রিয়াতে
মন মাতায় জোনাক রাতে।

## জীবন্মৃত
### তুহীন বিশ্বাস

দৈত্যাকৃতি বৃক্ষ দাঁড়িয়ে আছে-
মূল পঁচে গেছে অজানা সময়ে,
জন্ম নেয়া কীটের উচ্ছ্বসিত আক্রমণে-
ঠিক মাঝ বরাবর বিশাল গর্ত মাথা পর্যন্ত।
ক্ষুদ্র শেকড়ের করুণ সাহায্যে বেঁচে থাকা;
যেন একটি অদ্ভুত জীবন্মৃত।

অথচ...
গোপনে বেচা-কেনা হয় অমানিশায়;
মালিকানা হস্তান্তর হয় স্বার্থের শর্তে
শাখাপ্রশাখা পরিবর্তিত ধারায় বন্দী,
অবশিষ্ট চাহিদাগুলো রক্তাক্ত হয় মানচিত্রে।

## ছড়ার বই
### মো. দিদারুল ইসলাম

খোকা-খুকি সকাল সকাল
পড়ছে ছড়ার বই,
চুলার ধারে দাদি ভাজছে
বিন্নি ধানের খই।

বাড়ির পোষা বিড়াল ছানা
নাড়ছে বসে লেজ,
পূব আকাশে সূর্য হাসছে
নিয়ে রোদের তেজ।

খোকা-খুকির ছড়া শুনে
ডাকছে কোলা ব্যাঙ,
মধুর সুরের তাল উঠেছে
ঘ্যাঙর ঘ্যাঙর ঘ্যাঙ।

টিনের চালে ময়না-টিয়া
নিচ্ছে ছড়ার স্বাদ,
ঠোঁট নাড়িয়ে দিচ্ছে সাড়া
দুষ্টুমি আজ বাদ।

রঙিন পাতার ছড়ার বইয়ে
খুলছে শেখার দ্বার,
বাল্যশিক্ষায় ছড়ার বইয়ের
জুড়ি মেলা ভার।

## নতুন বছর নতুন খুশি
### সোমা মুৎসুদ্দী

আজ আকাশের মনটা ভালো
পুবাল হাওয়া বয়,
সুখসারিদের গল্প কথায়
মনটা উদাস হয়।

নদীর ঢেউয়ের কলকলানি
নতুন স্রোতের টানে,
ফুল পাখিদের মিলনমেলা
মধুর ছন্দ গানে।

আসবে আবার নতুন বছর
কলমিলতার দোলে,
সেই খুশিতে মনের মাঝে
খুশির দরজা খোলে।

নতুন বছর সবার জীবন
পূর্ণতা পাক আলোয়,
নতুন বছর কাব্য ছড়ায়
কাটবে সবার ভালোয়।

## সেলের প্যাড়া
### শিমুল হোসেন

বস বলে রাত-দিন সেল করো সেল
ঘটিয়ে দাও এদেশে এক মিরাক্কেল।
বস বলে সারাক্ষণ সেল করো সেল
তা না হলে চাকরিতে হবে যেন জেল।

বস বলে খুব করে সেল সেল সেল
মাথায় ফেলো না ভাই কোন মতে বেল।
বস করে ঘ্যান ঘ্যান সেল সেল সেল
ডাক্তার কেমিস্ট বলে নেই তোগো বেল।

বস বলে একভাবে সেল কই সেল?
ডাক্তার কেমিস্ট তারা টাকা ছাড়া ফেল।
বস বলে ওরে বাবা সেল দেখা সেল
মাল বেচে লস দিয়ে দেখাও রে খেল।

আমি বলি ধুর ছাই লাগে প্যাড়া প্যাড়া
এর চেয়ে পোষা ভালো একপাল ভেঁড়া।
কলিগেরা বলে হায়! চুল পেকে সারা
সমস্বরে চিৎকার প্যাড়া ওরে প্যাড়া।

## এ বিজয় গৌরবের
### জহিরুল হক বিদ্যুৎ

খাঁচার বন্দি পাখিরাই শুধু জানে
রুদ্ধ ডানার কাছে আকাশের মূল্য কত!
ক্ষুধার চেয়ে বন্দিত্বের যন্ত্রণা যখন
প্রকট হয়ে ওঠে পাখির বেদনার্ত চোখে,
ঠিক তখনই খাঁচার খাবার ফেলে
পাখি উড়তে চায় মুক্ত আকাশের ঠিকানায়।
কোটি কোটি মানুষের মুক্তির ইচ্ছা যখন
প্লাবিত হয় চোখের নদীতে
বাঁধভাঙ্গা উচ্ছ্বাসে তখনই ভেঙে যায়
দ্রোহের পদাবলিতে অন্যায়ের সীমান্তরেখা।
তাই তো ধর্ম ও শ্রেনীর বিভেদ ভুলে
দেশপ্রেমে জেগেছিল মুক্তিকামী বাঙালি।
ভুলে গিয়েছিল জীবন ও মৃত্যুর পার্থক্যটুকু
এঁকেছিল বুকের তাজা রক্তে বিজয় কেতন।
এ বিজয় দাসত্বের শিকল ভাঙার গান
এ বিজয় মাতৃভূমির জন্য এক সাগর রক্ত।



# অবাঞ্ছিত অতিথি

## নবী হোসেন নবীন

বসির বেপারীর বয়স সত্তরের কাছাকাছি। শরীরটা এখন আর ভালো যাচ্ছে না। বার্ধক্যজনিত নানা রোগ শরীরে বাসা বেঁধেছে। রোগ ব্যধি যেন আর শরীর রূপী বাসাটা ছাড়তেই চাচ্ছে না। অনেকদিন যাবৎ চেষ্টা করছে ঢাকার কোনো বড় ডাক্তার দেখানোর জন্য। কিন্তু ডাক্তারের টিকিট পেতেই তার দু'মাস পার যায়। অবশেষে ডাক্তারের টিকিট পাওয়া গেছে। আগামী মাসের পাঁচ তারিখ রাত আটটায় তার ডাক্তার দেখানোর পালা। ছেলেকে ফোন করে জানিয়ে রেখেছে আগামী পাঁচ তারিখ সে ডাক্তার দেখাতে ঢাকায় আসবে। বেশি রাত হয়ে গেলে সে থাকতেও পারে। বসির বেপারীর বড় ছেলে বাধন বেপারী বড় সরকারি কর্মকর্তা। সস্ত্রীক নিজস্ব ফ্ল্যাটে ঢাকায় থাকে।

নির্ধারিত দিন যথা সময়ে সে ঢাকায় এসেছে। রাত আটটায় তার সিরিয়াল থাকলেও ডাক্তারের সাক্ষাত পেতে তার রাত দশটা বেজে যায়। ডাক্তার অনেকগুলো টেস্ট দিয়েছে। বিভিন্ন রুমে টেস্টের নমুনা দিয়ে যখন সে ঘড়ির দিকে তাকায় তখন ঘড়ির□কাঁটায় রাত বারোটা বাজে। তাছাড়া টেস্টের রিপোর্ট পাবে আগামীকাল বিকেল দু'টোর পর। এখন কী করা যায়? বেঞ্চে বসে সে চিন্তা করে দেখল এ দুর্বল শরীর নিয়ে এখন বাড়ি যাওয়া তার জন্য অনেক কষ্টের। তাছাড়া এত রাতে ময়মনসিংহের বাস পাওয়াও অনেকটাই অনিশ্চিত। তার পর আবার আগামীকাল আসতে হবে। অনেক ভেবে চিন্তে সে সিদ্ধান্ত নিল রাতটা ছেলের বাসাতেই কাটাবে।

রাত পৌনে একটায় বাধনের বাসার কলিং বেল বেজে উঠল। বাধনের স্ত্রী অদিতি টিভিতে ইণ্ডিয়ান সিরিয়াল দেখছিল। সে অনেকটা বিরক্ত হয়ে ঘরের দরজা খুলতে গেল। দরজা খুলে সামনে শ্বশুরকে দেখে তার বিরক্তির মাত্রা আরও বেড়ে গেল। শ্বশুর তাকে যা কিছু জিজ্ঞেস করল সংক্ষেপে তার উত্তর দিয়ে শ্বশুরকে ড্রয়িং রুমটা দেখিয়ে দিয়ে এসে চুপচাপ শুয়ে পড়ল। বসির বেপারী সকালে বাড়ি থেকে খেয়ে এসেছিল। দুপুরে আর কিছু খাওয়া হয়নি। সে ওয়াস রুমে অজু করে এশার নামাজ পড়ে এক গ্লাস পানি পান করে শুয়ে পড়ল। ক্ষুধায় তার ঘুম আসছিল না। সে মোবাইল ফোনটা হাতে নিয়ে দেখল রাত প্রায় দুটো বাজে। ভাবলো, বাড়িতে ফোন দিবে। কিন্তু এত রাতে স্ত্রীর ঘুম ভাঙ্গানো ঠিক হবে না ভেবে আর ফোন দিলো না। মোবাইলটা বালিশের পাশে রেখে সে আবার ঘুমানোর চেষ্টা করলো। এমন সময় আবার কলিং বেল বেজে উঠল। অদিতি তখনও ঘুমায়নি। বিরক্ত হলেও সে এসে দরজা খোলে। ছোট ভাই অনিককে দেখে খুশিতে নেচে উঠল। তা কেমন আছিস? এত দিন পরে বোনের কথা মনে পড়লো?। মা কেমন আছে? আব্বার শরীর ভালো তো? অনিতার খবর কী? ইত্যাদি ইত্যাদি। বাধন বলল, আমার এক বন্ধুর বিদেশ গমনের ফ্লাইট ছিল রাত বারটায়। তাকে বিমানে তুলে দিতে এসেছিলাম। ফ্লাইট কিছুটা লেট করায় আসতে একটু দেরি হয়ে গেছে। তা একটা ফোন তো করতে পারতি, আমি রান্না-বান্না করে রাখতাম। ভেবেছিলাম বাড়ি চলে যাব। কিন্তু রাত বেশি হয়ে যাওয়ায় আর যাওয়া হয়নি। ভাইকে নিয়ে বেড রুমে গিয়ে বাধনকে ডেকে বলল, ওঠো, দেখ কে এসেছে। শ্বশুরের আগমনের খবর সে বাধনকে জানায়নি। এখন বিষয়টার একটা সমতা রক্ষার জন্য বলল, ও তোমাকে তো বলাই হয়নি। বাবা এসেছেন। বাধন এবার ওঠে বসে জানতে চাইল, বাবা কখন এসেছেন? তিনি কোথায়? ড্রয়িং রুমে ঘুমাচ্ছেন। বাধন বাবা খেয়েছেন কিনা তাও জানতে চাইল না। অদিতি অনিককে বলল, তুই ফ্রেস হয়ে তোর দুলা ভাইয়ের সঙ্গে কথা বল, আমি কিচেনে যাচ্ছি বলে বেরিয়ে গেল। অদিতি ফ্রিজ থেকে গরু ও মুরগীর মাংস বের করে পানিতে ভিজিয়ে অনিকের জন্য চা-বিস্কুট নিয়ে এল। দুই প্রকারের মাংস, পোলাও, মাছের ভাজি ও ডাল রান্না করা হলো। বাধনকে ছাড়া অনিক খেতে রাজি হলো না। অগত্যা তিন জনকেই এক সাথে খেতে হলো। খাওয়া দাওয়া শেষ করে তাদের শুতে শুতে রাত তিনটা বেজে গেল।

বসির বেপারী পাশের রুমে শুয়ে সবই শুনছিল। রাতে সে আর ঘুমাতে পারল না। অতীতের পুরানো স্মৃতিগুলো চোখের পাতাকে মিলিত হতে দিলো না। ছেলের লেখাপড়ার জন্য সে নিজের জীবনের যে সমস্ত আশা আকাঙ্খাকে কোরবানি দিয়েছে তার হিসেব মেলাতে গিয়ে চোখের পাতা সিক্ত হয়ে গেল। বাধন যে বছর এসএসসি পাশ করেছিল সে বছর সে খুবই অভাবে ছিল। ছেলের কলেজে ভর্তির টাকার চিন্তায় সে যখন ভেঙ্গে পড়েছিল তখন তার স্ত্রী তাকে না জানিয়েই গলার চেইন বিক্রি করে তার হাতে টাকা দিয়ে বলেছিল, এই নাও টাকা; ছেলেকে কলেকে ভর্তি করে এসো। টাকা কোথায় পেলে জিজ্ঞেস করলে স্ত্রী উত্তরে বলেছিল, চেইন বিক্রি করে দিয়েছি। বসির বেপারী বলেছিল, বউ তোমার কাছে আমি আবারও হেরে গেলাম। বউ সেদিন লজ্জা পেয়ে শাড়ির আঁচলটা সামান্য টেনে দিয়ে বলেছিল, কী যে বলো, আমাদের তো একটাই ছেলে। তার জন্য তুমি এত কিছু করলে আর আমি সামান্য একটা চেইনের মায়া ছাড়তে পারব না। ছেলে মানুষ হলে এ রকম কত চেইন কেনা যাবে। বসির বেপারী বলেছিল হয়ত যাবে কিন্তু তোমার জন্য কিনা তা বলতে পারছি না। অনেক সময় সে হেঁটেই বাজারে যাতায়াত করতো। পুরানো জামা সেলাই করে অনেকদিন পর্যন্ত পরতো। একটা সময় সে চা পান পর্যন্ত ছেড়ে দিয়েছিল। তবু ছেলের কোনো প্রয়োজন সে অপূর্ণ রাখেনি। সে ছেলের কাছে সে আজ অবাঞ্ছিত অতিথি। এ কথা সে স্ত্রীর কাছে কীভাবে বলবে তা ভাবতে ভাবতে মসজিদের মিনার হতে অজানের ধ্বনি কানে প্রবেশ করতেই তার কিছুটা সম্বিত ফিরে এলো। তিনি ওয়াশ রুমে গিয়ে অজু করে ফজরের নামাজ আদায় করলেন। এবার অতীতের স্মৃতিগুলোকে মন থেকে মুছে ফেলে একটু ঘুমের পরশ পেতে বালিশের উপর আবার মাথা রাখলেন।

এদিকে বিলম্বে শোয়ার কারণে বাধন ও অদিতির ঘুম ভাঙ্গতে অনেক দেরি হলো। অদিতি যখন ঘুম থেকে জাগল তখন সকাল আটটা বেজে গেছে। সে তাড়াতাড়ি হাত মুখ ধুয়ে শ্বশুরের জন্য চা বানিয়ে নিয়ে এসে দেখল তিনি অনেক আগেই চলে গেছেন।



# শীতের ছুটি

## শ্যামল বণিক অঞ্জন

এখন ডিসেম্বর মাস, বার্ষিক পরীক্ষা শেষ, আপাতত কয়েকটা দিন পড়াশোনা স্কুলে যাওয়ার চাপ থেকে মুক্ত রিতু। তাই বাবার কাছে বায়না ধরলো ছুটির এই কয়েকটা দিন গ্রামে দাদুর বাড়ি বেড়াতে যাবে।

বাবা ও রিতুর মন রক্ষার জন্য রাজী হলো। এই প্রথম রিতু গ্রামে যাবে, এই খুশিতে সে যেন শিহরিত। আনন্দে নাওয়া খাওয়া উধাও!

বাবা বললেন, ডিসেম্বর মাস, গ্রামে প্রচণ্ড ঠাণ্ডা পড়ে, তাই পর্যাপ্ত শীতের কাপড় সাথে নিতে হবে। গ্রামে সকালে ও রাতে ঘন কুঁয়াশা পড়ে, কুঁয়াশার চাঁদরে ঢেকে যায় পুরো গ্রাম! বাবার কথা শুনে যেন রিতু আরো উদগ্রীব হয়ে ওঠলো কখন আসবে সেই ক্ষণ! যেদিন নিজের চোখে দেখবে শীতে গ্রামের সেই অপরূপ রূপখানী! রিতু বাবাকে বললো বাবা আমি গ্রামে গিয়ে কিন্তু খেজুরের রস খাবো! বাবা মুচকি হেসে বললো আচ্ছা ঠিক আছে আম্মু, তোমার যা খেতে ইচ্ছে করে তোমার দাদীকে বলবে উনি সব এনে দেবেন।

গল্প করতে করতে অনেক রাত হলো আম্মু সবাইকে ডাকলো রাতের খাবার খাওয়ার জন্য, কই তোমরা রাত তো অনেক হলো, খেতে এসো। আব্বু বললো চলো ঝটপট, খাওয়া দাওয়া শেষ করে দাঁত ব্রাশ করে ঘুমিয়ে পড়ো শুক্রবার ভোরে আমরা রওনা দেবো।

অনেক আশা আকাঙ্খা উত্তেজনার মধ্যে কেটে গেলো কয়টা দিন। বৃহস্পতিবার রাতে ওরা গোছগাছ শুরু করলো।

আম্মু বললো টুপি মোজাসহ শীতের কাপড়গুলো মনে করে ব্যাগে ভরার জন্য। আম্মু বললো, বেশি রাত না করে রাতের খাবার খেয়ে ঝটপট ঘুমিয়ে পড়ো, খুব ভোরে উঠতে হবে, অনেকটা পথ জার্নি করতে হবে, তাই পর্যাপ্ত ঘুমটা জরুরি।

মায়ের কথামতো রিতু রাতের খাবার খেয়ে, দাঁত ব্রাশ করে ঘুমাতে গেলো।

মায়ের ডাকা ছাড়াই খুব ভোরে ঘুম থেকে ওঠে পড়লো সে। দাঁত ব্রাশ শেষ করে দ্রুত নাস্তা সেরা নিজেই ঝটপট তৈরী হয়ে গেলো।

নিজেদের গাড়িতেই ওরা রওনা হলো গ্রামের বাড়িতে। ভোরের স্নিগ্ধ সতেজ পরিবেশ, হিম হিম বাতাস, চারিদিকে বিছানো ঘন কুঁয়াশার চাদর ভেদ করে এগিয়ে চললো তাদের গাড়ি।

দীর্ঘ হাইওয়ে পাড় হয়ে ওদের গাড়ি প্রবেশ করলো গাঁয়ের পথে। উত্তেজনায় যেন ঠকঠক করে কাঁপতে লাগলো রিতুর শরীর।

দিগন্ত জুড়া ফসলের মাঠ, সারি সারি গাছ, মাঠে মাঠে রাস্তার দুপাশে গরু ছাগল দেখে রিতু পুলকিত আর হতবাক যেন! এতো খোলামেলা পরিবেশ এই প্রথম দেখলো সে।

ট্রাক্টর দিয়ে জমিতে হাল দিতে দেখে চিৎকার করে ওঠলো, আম্মু আম্মু দেখ, কাঁদান মধ্যে গাড়ি চলছে। এটা কি রকম গাড়ি আম্মু? আম্মু স্মিত হেসে বললো ওটা গাড়ি না মামণি, ওটা হলো হাল দেওয়া যন্ত্র, ওটার নাম হলো ট্রাক্টর আবার কেউ কেউ টিলারও বলে। বাবা বললো, ওটার বাংলা নাম হচ্ছে কলের লাঙল। ওটা দিয়ে উনি জমি চষছে।

রিতু আব্বুর কাছে জানতে চাইলো আব্বু দাদুর বাড়িতে কি ভূত আছে? আব্বু বললো আমরা যখন ছোট ছিলাম তোমার দাদুর বাড়ির পিছনে বিশাল একটা বাঁশঝাড় ছিলো। ওখানে তোমার দাদু দাদী মাঝে মধ্যেই দেখতো সাদা কাপড় পড়া বিশাল দৈত্যাকার এক বুড়িকে দাঁড়িয়ে থাকতে। কখনো কখনো ওখান থেকে বের হয়ে ক্ষেতের আল ধরে হেঁটে যেতে! এই কথা শুনে ভয়ে যেন চোখ ছলছল করে ওঠলো তার। আব্বু ওকে সাহস দিয়ে বললো বাদ দাও, এতে এতো ভয়ের কিচ্ছু নেই। নানান রকমের গল্পগুজব আর অনেক মজা করতে করতে কখন যে চলার পথটা শেষ হয়ে গেলো রিতু সেটা বুঝতেই পারেনি। গাড়ি এসে থামলো দাদু বাড়ির আঙিনায়।

গ্রামের রাস্তায় ঝকঝকে গাড়ি দেখে অনেকেই এসে ভীড় করলো ওদের দেখার জন্য।

বাড়ির ভেতর থেকে দাদু দাদী চাচা চাচি আর চাচাতো ভাই বোনেরাও এলো তাদের আগমনি সংবাদ পেয়ে। সকলের মুখেই খুশির আভা। গ্রামের মানুষের এমন আন্তরিকতা দেখে মুগ্ধ হয়ে গেলো সে!

ভেতরে গিয়ে সবাই গোসল সেরে দুপুরের খাবার খেতে বসলো। খেতে বসে রিতু অবাক হয়ে গেলো অনেক পদের খাবার দেখে।

শাক, শুঁটকিসহ অনেক প্রকারের ভর্তার সাথে ছোট মাছের চটচটি, শীতের টাটকা সবজি দিয়ে বড় মাছের ঝোল, মুড়িঘন্ট। রিতু অবাক হয়ে দাদীর কাছে জানতে চাইলো এতো খাবার কে রান্না করলো দাদী? দাদী হেসে বললো আমি আর তোমার চাচি মিইল্লা রানছি দাদু।

আব্বু বললো, তোমার দাদী খুব ভালো রান্না করে, খেয়ে দেখো, খুব মজা পাবে!

রিতু বললো, এতো খাবার কিভাবে খাবো আব্বু? আম্মু বললো সব পদই একটু একটু করে খাও মামনি।

রিতু দাদীকে জিগ্যেস করলো, এই মাছগুলো কি সব তোমাদের পুকুরের দাদী? দাদী বলো, হ বইন আমগোরে পুকুরে অনেক মাছ আছে কাইকা তোমারে নিয়া যামুনে।

খেতে খেতে নানান রকম গল্পে ওরা মেতে ওঠলো। এমন সময় গরম গরম দুধ আর খেজুরের নতুন গুড় নিয়ে রিতুর চাচি এসে হাজির হলো। রিতু চমকে ওঠে বললো, আবার দুধও?

চাচি বললো, অল্প একটু হলেও খেয়ে দ্যাখ আমগোরে নিজেগো গরুর একবারে খাড়ি দুধ।

খাওয়া দাওয়া শেষ হলো দুপুর গড়িয়ে বিকেল, সন্ধ্যা পেরিয়ে রাত হলো। চারিদিকে ঘুটঘুটে অন্ধকার। ঝিঁঝি পোকার ডাক। দূর থেকে ভেসে আসতে লাগলো শিয়ালের হুক্কাহুয়া ডাক। আনন্দ ভয় চরম উত্তেজনায় ঘুমিয়ে পড়লো সে।

ভোর হলো পাখির কলকাকলিতে মুখরিত গ্রাম, ঘন কুঁয়াশার চাঁদরে মোড়ানো সকাল।

মা এসে ডাকলো, ওঠো সোনা সকাল হয়ে গেছে। রিতু ঝটপট ওঠে গরম কাপড় পড়ে দাদুর সাথে গ্রাম দেখতে বের হলো।

দাদু তাকে নিয়ে গ্রামের মেঠো পথ ধরে হেঁটে ঘুরিয়ে দেখালো গ্রামের প্রায় অনেকটা অংশ। মুগ্ধ বিস্মিত হলো রিতু শীতে গ্রামের অপরুপ পরিবেশ দেখে। বাড়ি ফিরে এসে যেন সে আরো অবাক হয়ে গেলো! দাদীর হাতে তৈরী গরম গরম পিঠার সমাহার দেখে। ভাঁপা চিতুই দুধ চুষি বিবিখানাসহ হরেক রকমের পিঠা, সাথে নতুন গুড়ের পায়েশ!

রিতু বিস্মিত কণ্ঠে বলে উঠলো, এতো পিঠা?

একেক করে দাদীর কাছে নাম জানতে চাইলো, দাদী রিতুকে একেকটা করে পিঠার নাম বললো। এমন সময় দাদু টাটকা খেজুরের রস নিয়ে এসে উপস্থিত। খুশিতে আত্মহারা হয়ে গেলো সে।

এভাবেই হাসিখুশি আনন্দের মাঝেই কেটে গেলো সাতটি দিন, এবার এলো বাড়ি ফেরার পালা।

গ্রামের সতেজ প্রাণবন্ত পরিবেশে কাটিয়ে এক নতুন অভিজ্ঞতা নিয়ে রিতু বাড়ি ফিরে এলো।

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper । সত্যের সাথে সব সময়

# ডাকনাম
## রফিকুল নাজিম



চায়ের কাপে ঠোঁট দিয়েই মুচকি একটা হাসি ঝুলে গেল আমার ঠোঁটের কোণে! কী অদ্ভুত ব্যাপার! মনের ভেতর মন না থাকা বড্ড বিড়ম্বনার ব্যাপার। কখন কী ঘটে যায়- বলা মুশকিল। রমিজেরও এখন মনের ভেতর মন নেই। হয়তো গত রাতে বউয়ের সাথে তুমুল ঝগড়া করেছে। হতে পারেই। রমিজদের ঘরের ফাঁকফোকরে হা করে অপেক্ষা করে অভাব। সেই অভাবগুলো একটু সুযোগ পেলেই হামলা করে। অভাবেরা ঝগড়া বাধায়। মারামারি বাধায়। রমিজেরও হয়তো তাই হয়েছে- তা না হলে আজকে রমিজের হাতের চা এতো বিস্বাদ হবে কেন! চায়ে চিনি নেই। দুধের অনুপাতও ভয়ংকর রকমের কম। অথচ এই রমিজের চায়ের সুখ্যাতি চারিদিকে। আমাকে সপ্তাহে দুইদিন মাধবপুর আসতে হয়। সুরমা চা বাগানে বিশেষ শিক্ষা প্রোগ্রাম চলছে। পাঁচ বছরের প্রোগ্রাম। আসা যাওয়ার পথে রমিজের টং দোকানের চার কাপ চা গেলার জন্য মুখিয়ে থাকি। কী দুর্দান্ত কম্বিনেশনে চা বানায় রমিজ!
- কী মিয়া, মনটা আজ কই রাইখ্যা আইছো? আজ চা তো চা হয় নাই।
- কন কী, স্যার!

- হ। চায়ে দুধ চিনির কোনো কিছুই ঠিক হয় নাই। চায়ের পাতিও পানির তুলনায় কম মনে হইলো! আগের ফ্লেভার নাই।
- আইচ্ছা, স্যার। বহেন আপনে। আমি আরেক কাপ চা বানাইয়া দিতাছি।
কথাগুলো অন্যমনস্ক হয়েই বলছিল রমিজ। স্টেশনের চারদিকে তার চোখ ঘুরছে। স্টেশন ভর্তি লোকজন। খুব শোরগোল। কুলিদের চিৎকার চেঁচামেচি। হকারদের হাঁক-ডাক। চারদিকে কেবল শব্দ বোমা ফাটছে। আমি রমিজকে বোঝার চেষ্টা করছি। রমিজের চোখ স্টেশনে কী খুঁজছে? প্রিয় কোনো মুখ? নাকি পরিচিত কোনো চায়ের কাস্টমার? অথচ আমাকেও এই ট্রেন ধরেই ঢাকা যেতে হবে। কালনি এক্সপ্রেস ক্রসিংয়ে পড়েছে। সময় লাগবে। তাই আমার মধ্যে কোনো তাড়া নেই। মনে হচ্ছে রমিজের হাতের চা না খেয়ে আমি যেতেই পারবো না। চায়ের প্রতি আমার নেশাটা বরাবরই বেশি। কিছু কিছু ক্ষেত্রে মাত্রাতিরিক্ত। আমি রমিজের চোখের রেটিনা ধরে দেখার চেষ্টা করছি- সে কী দেখছে?

- ঐ মিয়া, তুমি কী যেন খুঁজতাছো? কও আমারে। আমিও তোমারে সহযোগিতা করি।
- না, স্যার। তেমন কিছু না। তয় কিছু একটা ঘটতেও পারে।
- কই- কী ঘটতে যাইতাছে। আমারেও দেখাও। আমিও মজা লই।
- না, মজা না। মনে হইতাছে বিপদ।
- কও কী, মিয়া!

রমিজ আমাকে আঙুল দিয়ে ইশারায় দেখালো। একটি যুবক। খুব উসকোখুসকো। লম্বা চওড়া যুবকের কাঁধে একটা ব্যাগ ঝুলানো। মাথার ক্যাপ দেখতে দারুন। ভ্যাগিক্যাপ। বিদেশীদের পরতে দেখেছি। ফ্যাড জিন্স পরা যুবকটার গায়ে চে গুয়েভারার ছবি সংবলিত টি-শার্ট। বাম হাতের আঙুলের ফাঁকে একটা সিগারেটের অপমৃত্যু হচ্ছে। অথচ যুবকটা সিগারেটে টান দিচ্ছে না। পুড়ে পুড়ে সিগারেটটা ভস্ম হয়ে যাচ্ছে নীরবে। অথচ এই যুবক একমনে তাকিয়ে আছে একটা মেয়ের দিকে। মেয়েটার হাতে আইফোন। বেশ কিছু সময় ধরে মোবাইলে কথা বলছে। দূর থেকে বোঝা যাচ্ছে মেয়েটি মোবাইলের ওপর প্রান্তের মানুষটার ওপর বিরক্ত। মাথাটা নিচু করে সেই যুবক মেয়েটার চারপাশে ঘুরঘুর করছে। তার হাঁটা চলাফেরা রহস্যজনক। রহস্যজনক না বলে সন্দেহজনক বললে ভুল হবে না। আচ্ছা- মেয়েটা কি যুবক এই ছেলের সন্দেহজনক গতিবিধি খেয়াল করেছে? হয়তো। এমনও হতে পারে- খেয়াল করলেও পাত্তা দিচ্ছে না। মেয়েরা এমনটা ঠিকঠাক ভাবে পারে। মনে যা মুখে তার ছাপ না রেখেই অভিনয় করতে পারে। কয়েকবার ছেলেটা প্ল্যাটফর্মের এমাথা থেকে ওমাথা হেঁটে যাচ্ছে। অথচ একমনে মেয়েটা মোবাইলে কথা বলেই যাচ্ছে। মনে হচ্ছে রমিজের কথাই সত্য। আপাততঃ যুবকের গতিবিধি দেখে মনে হচ্ছে- মেয়ের হাতের মোবাইলই তার টার্গেট। তাই আমি একটুকুন এগিয়ে গেলাম।

সিনেমায় এমন দৃশ্যে নায়কের আগমন ঘটে। হিরোয়িক একটা ব্যাপার-স্যাপার থাকে। তাই মেয়েটার সামনে হিরো হবার এমন সস্তা চান্স আমি হাতছাড়া করার মত বোকা নই। তাই নিরাপদ দূরত্বে দাঁড়িয়ে বুঝতে চেষ্টা করছি- কী ঘটতে যাচ্ছে। ছেলেটা এবার সামনের দিকে দাঁড়িয়ে মেয়েটাকে দেখছে। ছেলেটার তাকানোর ভেতর এক সাগর তৃষ্ণা দেখেছি। কলিকালের চোরও কত রোমান্টিক হয়! শালার আমিই কেবল বেখাপ্পা রসকষহীন মানুষ। বউয়ের কাছে একটা কাঠখোট্টা যন্ত্র বিশেষ মাত্র।

মেয়েটা কান থেকে মোবাইলটা নামিয়ে রাখতেই একজন সুদর্শন পুরুষ তার পাশে এসে দাঁড়ালো। পুরুষটার কোলে চার পাঁচ বছরের একটা ফুটফুটে মেয়ে। একদম পরীর মত। পুরুষটার কোলে বসে পুচকিটা বাবা বাবা বলে কথা বলছে। দূর থেকে বোঝা যাচ্ছে মেয়েটা কটমট করে কিছু বলছে সাথের পুরুষকে। মনে হচ্ছে পুরুষটা অসহায়ভাবে মেয়েটার কাছে আত্মসমর্পণ করেছে। আমি বেশ উপভোগ করছি ঘটনাটি। বেশ থ্রিলার টাইপ মনে হচ্ছে। এই যাত্রাপথে কত ঘটনার রাজসাক্ষী আমি। দেখে মনে হচ্ছে তারাই পৃথিবীর সুখী পরিবার।

মেয়েটা মোবাইলটি তার পার্সে রেখেছে। পরীকে কোলে তুলে নিয়েছে। সেই সুদর্শন পুরুষ ব্যাগ দু'টো নিয়ে ট্রেনের এগিয়ে যাচ্ছে। নিজেদের 'ট' বগির দিকে যাচ্ছে। আমার চোখ ছেলেটার ওপর। হঠাৎ খেয়াল করলাম ছেলেটা মেয়ের পিছু নিয়েছে। তাই আমিও ছেলেটার পেছন পেছন যাচ্ছি। ব্যাগ নিয়ে ট্রেনে ওঠে গেল মেয়েটার পার্টনার। মেয়েটা বগিতে ওঠতে যেতেই ছেলেটা দৌঁড়ে মেয়ের কাছে গেল। মাথার ক্যাপটা আরেকটু টেনে বলল, 'মিথি, ভালো থেকো।'- কথাটা বলেই ছেলেটা ঘুরে দ্রুত পায়ে স্টেশনে মানুষের ভিড়ে হারিয়ে গেল। ছেলেটাকে আমি স্টেশনের কোথাও দেখছি না। শান্ত সৌম্য সেই মেয়ের বুকে তখন মেঘেদের গুড়ুম গুড়ুম নিনাদ। চৈত্রের খরা মুহূতে বৃষ্টির অপেক্ষায় এলোপাতাড়ি ওড়ছে মেঘ।
মনে হচ্ছে- মেয়েটা হঠাৎ ডাকে ভড়কে গেছে। মনে হলো হঠাৎ হারিয়ে ফেলা মূল্যবান কিছু একটা পথে খুঁজছে। মেয়েটা ট্রেনের বগিতে না ওঠে অস্থির চোখে সেই কণ্ঠটা আবিষ্কারের চেষ্টা করছে। হঠাৎ এমন ডাকে তার চোখে বান ডেকেছে। অথৈ জলের ছলাৎ ছলাৎ ঢেউ এসে পাড় ভাঙছে। এইদিকে ট্রেনের হুইসেল বাজছে। সাথে সুদর্শন পুরুষের আচমকা ডাকে মেয়েটার সম্বিৎ ফিরে এসেছে। মেয়েটা বগিতে ওঠেছে। আমিও পেছন পেছন ওঠলাম। কী দৈব এক ঘটনা! আমার সিট পড়েছে মেয়েটার একদম সামনে। মুখোমুখি আসন। জানালার পাশে বসা মেয়েটি মুখ বাড়িয়ে স্টেশন চত্বরে কিছু একটা খুঁজছে। ট্রেন ধীরে ধীরে চলতে শুরু করেছে।

আজ নিজেকে খুব ভাগ্যবান মনে হচ্ছে। এমন লাস্যময়ী মেয়েকে আড়চোখে দেখতে দেখতে গন্তব্যে যাওয়া যাবে। সুযোগ পেলে মেয়েটার সাথে ছেলেটার সম্পর্কের রূপরেখাও আবিষ্কার করা যেতে পারে। ভাবতে ভাবতেই সুযোগটা এসে গেল। সুদর্শন পুরুষটা পরীর জন্য চিপস আনতে গেল। মেয়েটা তখনও ট্রেনের জানালায় মুখ রেখে কোথায় যেন ডুবে আছে। পাশের ছোট্ট পরীর দিকে তার কোনো মনোযোগ নেই। বড্ড এলোমেলো লাগছে মেয়েটাকে।

- হ্যালো- আপনি কি মিথি?
- এই নাম আপনি কি করে জানলেন?
- না মানে আপনাকে উদ্দেশ্য করে একটা যুবককে এই নামে ডাকতে শুনলাম! সুন্দর একটা নাম।
- তার মানে আমি ভুল শুনিনি! সেটা তমালই ছিল? কত বছর পর এই নামে সে ডাকলো!
অস্পষ্ট স্বরে মিথি এই কথাগুলো বলে যাচ্ছে। আমি শোনার চেষ্টা করছি। বাকি কথাগুলো ট্রেনের কু ঝিকঝিক শব্দের সাথে হাওয়ায় মিলিয়ে যাচ্ছে। মিথির চোখে বৃষ্টি নেমেছে। আমি সেই বৃষ্টি দেখছি। আমার খুব জানতে ইচ্ছে করছে- তমাল নামটি কি মিথির দেয়া কিনা? কিন্তু এই প্রশ্নের উত্তর দেয়ার মত অবস্থায় সে নেই। জানালায় মুখ রেখে মিথি কাঁদছে। আমার খুব জানতে ইচ্ছে করছে- তমালও কি মিথির মত এখন কাঁদছে? ট্রেনের ভেতরে তুমুলভাবে বৃষ্টি হচ্ছে। অথচ প্রকৃতিতে হবু শীতে মিষ্টি রোদের চাষবাস চলছে।

# বৃক্ষরোপণ
## কোমল দাস

গাছগাছালি প্রাণবায়ু দেয়, দেয় যে শীতল ছায়া
ফল ফুল দেয়, কাটতে সে গাছ হয় না তবু মায়া!
গাছ গাছালি ধরার বুকে বৃষ্টি আনে ডেকে
গাছই বাঁচায় আমাদেরকে বহু ঝড়ের থেকে।

গাছের ডালেই বেড়ে ওঠে অনেক অনেক পাখি
গাছের সবুজ পাতা দেখেই জুড়িয়ে যায় আঁখি,
এমন বন্ধু এই জগতে নেই যে কোথাও আর
তবে কেন সে গাছ কাটো বলো না একবার?

আজ এসো তাই শপথ করি কাটব না গাছ ফের
একটা যদি কাটতেই হয় লাগাবো যে ঢের,
গাছ কেটে আর জগৎ মাঝে আনব না কেউ জরা
গাছ গাছালি লাগিয়ে এসো গড়ি সবুজ ধরা।

# কালের নন্দিনী
## এবি ছিদ্দিক

কালের নন্দিনী-
অনন্তকাল সলজ্জ দৃষ্টিতে মেলে রাখে
নীল সরোবর আঁখি!
সহস্র বাক্যের কোমলতায় উপহার দেয়
প্যাকেজ প্যাকেজ নন্দিত অনুভূতি!

অনুরণে অনুক্ষণ বিলি করে
একান্ত সুখের ঠিকানা!
সহস্র প্রশ্নের সোপান বেয়ে
নৈঃশব্দের বুকে লিখে যায়
অক্ষরহীন চিরকুট!
বিত্তবান চিত্তে লুকিয়ে রাখে
হাজার সাম্রাজ্যের মণি-মুক্তা!

# মিষ্টি সকাল
## গোলাপ মাহমুদ সৌরভ

রাত ফুরিয়ে সকাল হলো
গাছে ডাকে পাখি,
সূর্যের আলো মিষ্টি সকাল
খোল সবে আঁখি।

টিয়া ডাকে ময়না ডাকে
গায় সকালের গান,
হাসনা জবা শিউলি ফুটে
মন মাতানো ঘ্রাণ।

লাঙ্গল কাঁধে রাখাল ছুটে
গরু মহিষ মাঠে,
কৃষাণী বধূ যায় যে হেঁটে
কলসি নিয়ে ঘাটে।

# নির্মল বাতাস
## কাজী নাজরিন

সুনীল আকাশ সবুজ ঘাস
আমার গাঁয়ের চারিপাশ,
নির্মল বাতাস ছেয়ে গেছে
মুগ্ধতার ঢালা একরাশ।

দিগন্তে জমে ফুল পাখিদের
আড্ডা গান আর মেলা,
কিচিরমিচির শব্দ করে
পাখিরা করে খেলা।

নির্মল বাতাস নির্লিপ্ত চোখে
সজীবতা ছড়ায় কতো ,
গাঁয়ের কোমল পরশ মাখা
অনুভূতি শতশত।

# ট্রেন্স থেকে ফিরে এসে

রউফ আরিফ



*পূর্ব প্রকাশের পর-*

-না দোস্ত, বাসায় গিয়েছিলাম। আবার ফিরে এলাম।
-চা খাবি?
-না।
-তাহলে বোস।
-আমার এটা টেলিফোন করা দরকার।
-কর।
আরমান ছকু চৌধুরীর বাসায় টেলিফোন করে। ওপাশে মন্ত্রীর কণ্ঠ শোনা যায়। আরমান বলে, বড়ভাই একটা বিপদে পড়েছি।
-আমি ভাবতেই পারিনি তুমি এমন একটা কাজ করতে পারো। আমি তোমাকে যথেষ্ঠ ভালোবাসতাম। জানতাম তুমি একটা সৎ ছেলে।
-বড়ভাই, আমি এসবের কিছুই জানিনা।
-থাক। আর শাকদিয়ে মাছ ঢাকার চেষ্টা করে কাজ নেই। তোমাদের মতো ছেলেদের আমার দরকার নেই। যারা দেশের সম্পদ লুট করে নিজের আখের গোছাতে চায়, তাদের দিয়ে আর যাই হোক দেশের মঙ্গল আশা করা যায় না। আমি দেশের জন্য কাজ করি, নিজের স্বার্থের জন্য নয়।
-বড়ভাই প্লিজ, আমাকে-
-তোমাকে নিয়ে আমি অনেক আশা করেছিলাম। কিন্তু, এই সামান্য লোভ যে সামলাতে পারে না; তাকে দিয়ে বড়কিছু-
-প্লিজ, আপনি একটু খোঁজ নিয়ে দেখুন, আমি ওদের সাথে ছিলাম না।
-ঠিক আছে, তুমি আমার সাথে আর যোগাযোগ করার চেষ্টা কোরোনা। যদি আমি তেমন কিছু বুঝি, আমিই তোমার সাথে যোগাযোগ করবো।
মন্ত্রী সাহেব লাইন কেটে দিলেন। আরমান রিসিভার হাতে বোকার মতো দাঁড়িয়ে রইল। গোলাম মাওলা জিজ্ঞাসা করল, কি ব্যাপার দোস্ত, কোনো সমস্যা?
আরমান কিছুটা ইতস্তত করেও শেষ পর্যন্ত সব খুলে বলল। সব শুনে মাওলা বলল, তুই তো দেখছি ভালো কিচাইনে পড়েছিস। আরমান গোলাম মাওলার হাত জড়িয়ে ধরল। দোস্ত এই ধরণের কোনো সমস্যায় আমাকে পড়তে হবে কখনো ভাবিনি। এখন কি যে করি কিচ্ছু বুঝে উঠতে পারছি না।
মাওলা আরমাকে সান্ত্বনা দিলো। ঘাবড়াসনে, বিপদ যেমন এসেছে, তেমনি আবার কেটেও যাবে। তোর যা অবস্থা তাতে তোকে কিছুদিনের জন্য ঢাকার বাইরে চলে যাওয়া উচিত। গা ঢাকা দিয়ে থাকা উচিত। তারপর অবস্থা বুঝে ফিরে আসতে হবে।
-কোথায় যাই বলতো? এদেশে আমার কোনো আত্মীয় স্বজন নেই। গেলে তো ভারতে চলে যেতে হবে। কিন্তু রোজিকে রেখে----
-তাও ঠিক। তবে একটা কাজ করতে পারিস। চিটাগাং আমার এক মামা থাকে। আমি চিঠি লিখে দিচ্ছি। তুই মামার কাছে চলে যা। মামার নানা ধরনের ব্যবসা বাণিজ্য আছে। তুই চাইলে মামা তোর একটা হিল্লে করে দিতে পারে।
অনেক ভেবেচিন্তে আরমান রাজি হয়ে গেলো। কারণ, এর চেয়ে ভালো কোনো রাস্তা তার মগজে খেলছিল না। ঠিক করল সন্ধ্যার দিকে রোজিকে টেলিফোন করে এখানে আসতে বলবে। তারপর রাতের ট্রেনে চিটাগাং চলে যাবে।

***

১২.
স্কুল ছুটির পরে রোজি তড়িঘড়ি বেরিয়ে পড়ল। বাসায় ফেরার তাড়া। একরত্তি ছেলেকে বৌদির হেফাজতে রেখে আসে প্রতিদিন। বৌদিই জয়ের দেখভাল করে। রোজি মাঝে মাঝে ভেবে পায় না পৃথিবীর মানুষের সত্যিকার স্বরূপ কেমন? একেক জনকে দেখলে একেক রকম ধারনা জন্মায়।
অঞ্জনা বৌদির কথাই ধরা যাক। সে তার আপন কেউ না। ধর্ম গোত্রের লোকও না। অথচ সে যে কাজটা তার জন্য করছে, এই কাজটা তার মায়ের করার কথা ছিল। অথচ এই শহরে থেকেও তারা কখনো তার খোঁজ খবর রাখে না। কারণ, রোজি তাদের কাছে এখন অতীত।
অথচ বৌদি যেন তার মায়েরই প্রতিভূ। ইসলামে যদি জন্মান্তরের কথা বলা হোতো তাহলে রোজি অঞ্জনার গলা জড়িয়ে ধরে অনায়াসে বলতো, আর জন্মে তুমি আমার মা ছিলে।
রোজি স্কুল গেটে দাঁড়িয়ে আপন মনে এই সব ভাবছিল আর একটা রিকসার জন্য অপেক্ষা করছিল। ওর পাশে এসে দাঁড়ালো সাব্বির। রোজি তুই এত তাড়াতাড়ি বেরিয়ে এলি কেন?
-তুমি জানো না বাসায় আমি একটা ছোট্ট বাচ্চা রেখে আসি। সারাদিন সে তার মায়ের জন্য পথের পানে চেয়ে থাকে।
সাব্বির রসিকতা করে বলে, তোর অনেক কিছুই আছে, যা আমার মানতে ইচ্ছা করে না।
রোজি মরালির মতো গ্রীবা বাঁকিয়ে এমন রহস্যময় ভ্রু-ভঙ্গি করে যা সহজে ভোলা যায় না। নিচুস্বরে বলে তাহলে কি ইচ্ছা করে?
সাব্বির গুনগুন করে গান ধরে। 'ইচ্ছা করে তোমায় নিয়ে/ দূরে কোথাও হারিয়ে যেতে।'
রোজি হাত তুলে সাব্বিরকে থামায়। থাক থাক অনেক হয়েছে। আর হারিয়ে গিয়ে কাজ নেই। তার চেয়ে তাড়াতাড়ি বীরপুরুষের মতো একটা রিকসা ধরে দাও।
একটা রিকসা এগিয়ে আসছিল সাব্বির একলাফে তাতে চড়ে বসলো। রোজি বোকার মতো দাঁড়িয়ে আছে। সাব্বির হাত বাড়িয়ে দিলো, চলে আয়।
-তোমার সাথে কোথায় যাবো। দু'জনের পথ তো আলাদা।
-আপাতত দু'জনের এক পথ। চলে আয়।
-না। আমি এখন বাসায় যাবো।
-আমি তো তোকে বাসায়ই নিয়ে যাচ্ছি।
রোজি একটু ভাবে। মিথ্যা বলছ না তো?
আমি শুধু তোর কলিগ বা বন্ধু নই, কাজিনও। আপন খালাতো ভাই। আমাকে অত অবিশ্বাস করা ঠিক না।
-সমস্যাটা তো সেখানেই। খালাতো ভাইয়েরা সবসময় খালার মেয়ের প্রতি ভালো ব্যবহার করে না।
সাব্বির হাসে। সব্বাইকে এক পাল্লায় ফেলিস না। আমার বাবা খুব গরিব। তাই তোর বাবার বাড়িতে আমরা কখনো খুব একটা সমাদর পাই না। ফলে, সম্পর্কের সুতো লম্বা হতে হতে এতদূরে পৌঁছে গেছে যে, কেউ কারো খোঁজ রাখে না। এখানে শিক্ষকতা করতে না এলে হয়তো আমাদের কোনোদিন পরিচয়ই হোতো না।
-এসব কথা বলে তুমি আমাকে কি বোঝাতে চাচ্ছো?
-বোঝাতে চাচ্ছি যে, খালাতো ভাইয়েরা তাদের খালাতো বোনদের সাথে খুনসুটি করতে করতে আরও অনেক কিছু করে ফেলে ঠিকই, তবে তোর ভয় পাওয়ার কিছু নেই। কারণ আমি তেমন নই। তোর সাথে আমার সম্পর্ক ততটা গাঢ় নয়।
-তার মানে তোমার মনেও কু-মতলব উঁকি মারে?
-কু'কথা বলিস না ভগ্নি। যদি তোর স্বামী সন্তান না থাকতো, তাহলে হয়তো প্রপোজ করতে পারতাম। কিন্তু সেপথ তো তুই আগে থেকেই বন্ধ করে রেখেছিস।
-তুমি বড্ড সিরিয়াস হয়ে যাচ্ছো মনে হচ্ছে?
-এত অবিশ্বাস, অবহেলা করলে সিরিয়াস হবো না। আত্মসম্মান তো আর বিসর্জন দিতে পারি না।
রোজি কথা ঘোরায়। হঠাৎ আমার বাসায় যাওয়ার সখ হলো কেন বলো তো?
-তোমার বাসায় তো যাচ্ছি না।
-তাহলে কোথায় যাচ্ছো?
-নিউমার্কেটে।
-নিউমার্কেট! রোজির চোখ ছোট হয়ে আসে।
-ভয় পাসনে, গ্রাম থেকে আমার বড় ভাবী এসেছে। তার জন্য একটা শাড়ি কিনতে হবে। এ ব্যাপারে আমি একদম আনাড়ি। তাই তোর সহযোগিতা আমার একান্ত প্রয়োজন। এযাত্রা আমাকে বাঁচিয়ে দে। বড় ভাবী অন্তত না বলতে পারে, তার দেবরটি একবারে অচল।
রোজি এতক্ষণে হাসে। তাইতো বলি আমার কাজিনটা হঠাৎ আজ এত উদার হলো কিভাবে। কথায় কথায় রিকসা নিউমার্কেটে পৌঁছে যায়। ওরা ঘুরে ঘুরে বড়ভাবীর জন্য শাড়ি কেনে। টুকটাক আরও অনেক কিছু কেনে। একসময় সাব্বির জিজ্ঞাসা করে, রোজি তোকে আমি একটা সেন্ট প্রেজেন্ট করলে তুই নিবি তো?
-না।
-কেন?
-যে দেবে তার আন্তরিকতা নেই। তাই।
-কি করে বুঝলি আমার আন্তরিকতা নেই?
-আন্তরিক বিশ্বাসই যদি থাকবে তাহলে জিজ্ঞাসা করলে কেন। 'আমি নেব কি না।'
সাব্বির কিছুক্ষণ রোজির মুখের পানে অপলক চেয়ে থেকে বুঝতে চেষ্টা করে, রোজি তার সাথে হেয়ালি করছে, না কি মন থেকে বলছে। রোজির মুখ দেখে কিছু বোঝা যয় না। রোজির সারা মুখে রহস্যময় হাসির লুকোচুরি। নারী ছলনাময়ী, কথাটা কখন কোন অবস্থায় পারফেক্ট সাব্বির তা জানে না। তবে, এই মুহূর্তে রোজির চোখেমুখে যে আলোকরশ্মি বিচ্ছুরিত হচ্ছে তা নিশ্চয় ছলনা নয়। চলবে....



সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper । সত্যের সাথে সব সময়

# বর্ষার স্রোত
## অনিক চন্দ্র বিশ্বশর্মা

তোমাকে দেখার আগে প্রকৃতি আমার সঙ্গ দেয় নি
মনে হয় তার খুব অভিমান ছিল, ছিল অনুরাগ!
নির্জন রাখিত সেথা তাকায় নি আঁখি তুলে হেথা,
তখন আমারো ভীষণ হিংসে হতো, তার বাহার দেখে-
তার তো কিছুর অভাব ছিল না, রংধনু নিতো মেখে।
কিন্তু আমি রস, গুণ, ছন্দ ছাড়া এঁকে যেতাম,
আর তোমার বন্দনা লিখে যেতাম।
ভরপুর হয়নি মনে, শুধু ছিঁড়ে ভাসিয়ে দিতাম জলে।
গ্রীষ্ম গেল, গেল বর্ষা,
শরৎ, হেমন্ত আর শীতও গেল চলে!
নতুন কুঁড়ি ধরলো আর ফুটলো ফুল,
তবু তোমার আসা হয়নি, সকল প্রার্থনা ছিল ভুল।

তোমার স্রোতে তুমি এলে
কিবা আমার বেলা পোহালে
সে কি! এসেছো কি নিতে আমায়? নাকি
বসন্ত এনেছে তোমায়?
তব যাহোক তুমি এসেছো
হয়তো আমার হৃদয় জয় করতে।

এবার ডাকে প্রকৃতি আমায়, দিতে তার সর্বস্ব
তোমায় দেখিয়ে বলি, "আমি সর্বস্ব আবার তুমি হলে নিঃস্ব"
বদন করে ভার, উঁচু করে সমুদ্রের পাড়;
অনবরত ডাকে গ্রীষ্মের নিশিরে, জুড়াতে গাঁ পাঠাবে ভোরের শিশিরে।
শরৎ আর হেমন্তকেও দেয় পাঠিয়ে,
ফের তোমার পানে ধায় সকলি দিলাম ঘুচিয়ে।

কালো মেঘ জমে গেল, বর্ষাকে পাঠিয়ে দিল-
থৈথৈ বারি বর্ষণের পানি নৌওয়ে তোমারে নিল টানি
ভেসে গেলে তুমি, তোমার ইচ্ছের স্রোত
এই বুঝি সে নিলো তার প্রতিশোধ!

# স্মৃতিসৌধে ফুলেল শ্রদ্ধা
## হাসু কবির

খোকা বাবু বেজায় খুশি
বিজয় দিবস আজ,
সেই আনন্দে শরীর জুড়ে
নানা রঙিন সাজ।

ঘুরতে যাবে স্মৃতিসৌধে
হাসিখুশি মন,
বাবা, মা ও সাথে নিবে
ছোট, বড় বোন।

রক্তে কেনা পতাকাটি
হাতে দেখি তার,
বিজয়ের গান মধুর কণ্ঠে
শুনি বারংবার।

স্মৃতিসৌধে ফুলেল শ্রদ্ধা
নিজেই দিবে সে,
এই কথাটি মাকে বলে
বলতে বাবা কে।

# পবিত্র আত্মার খোঁজে
## বেলাল মাসুদ হায়দার

চিল শকুনের মহোৎসব চলছে-
হিংস্র হায়েনার আঘাতে
ক্ষত বিক্ষত দেশমাতৃকা।

মাগো, দেশ মাতৃকা- লাশকাটা ঘরে তোমার
পোস্ট মার্টেম চলছে। ছুরি কাঁচি চালিয়ে
পবিত্র আত্মা খুঁজতে ব্যস্ত তথাকথিত
ভাগ্য বিধাতারা।

দেশবাসী লাশকাটা ঘর ঘিরে
পবিত্র আত্মার সুবাস পেতে
উৎসুক নয়নে চেয়ে আছে
তাদের মিথ্যে আশ্বাস পেয়ে।

দেশবাসী চেয়েছিলো একটা সোনায় মোড়া
পবিত্র ভালবাসার দেশ; যেখানে হাতে হাত রেখে
একে অপরকে সাথে নিয়ে বাস করতে।
বুকে পাথর চাঁপা দিয়ে বুক বেঁধে
এখনো দেশবাসী বেঁচে আছে আশা নিয়ে।

# হেমন্ত
## জসীম উদ্দীন মুহম্মদ

ও পাড়ার মানুষেরা অনেকদিন বৃষ্টি দেখেনি
আসমান থেকে মাঝে মাঝে কৈ মাছ পড়ে
ওরা সবাই দল বেঁধে সেইসব কৈ মাছ ধরে..!

কিছু পাখি ঝাঁক বেঁধে হাঁটতে হাঁটতে ওড়ে
কিছু বৃক্ষ অবাক চোখে আঙুল তুলে ঘুরে
অতঃপর আলো আসে সখিনার আঁধার ঘরে!

তবুও বেচারি সখিনা চেঁচায় না...
ভুলে গেছে কোথায় নৌকা আর কোথায় পা
তবুও হেমন্ত বলে আমি সখিনারে ভালোবাসি
অভাগী সখিনা যেন কিছুই বুঝে না
না বুঝেই গলা ঝেড়ে দেয় কাশি
মনে মনে ঢোঁক গিলে আর মুখে বলে, আসি..
হেমন্ত, এবারের মতো আমি আসি...!!

# গাঁয়ে নবান্নের সাজ
## গোলাপ মাহমুদ সৌরভ

খোকন সোনা বায়না ধরে
মায়ের কাছে গিয়ে,
আমন ধানের পিঠা খাবো
খেজুরের রস দিয়ে।

ঢেঁকিতে ধান ভানো দিদি
পায়ে দিয়ে যে ভর,
কার্তিক এলো নবান্ন নিয়ে
উৎসব মুখর ঘর।

ইষ্টিকুটুম এলোরে বাড়ি
গাঁয়ে নবান্নের সাজ,
হরেক পিঠার ধুম পড়েছে
কিযে আনন্দ আজ।

খেজুর রসের পিঠা খেতে
সাধ যে লাগে ভাই,
চুলার ধারে পিঠার গন্ধে
আকুল করে তাই।

# স্বাধীনতা তুমি
## লুৎফুর রহমান চৌধুরী

স্বাধীনতা তুমি পথিক শিশুর
থমকে যাওয়া হাসি,
স্বাধীনতা তুমি আনন্দের মাঝে
বেদনায় ভরা বাঁশী।

স্বাধীনতা তুমি সুখ সাগরে
দুর্নীতি চরম অবিমৃশ্য,
স্বাধীনতা তুমি ভর দুপুরেই
ডাকাতির করুণ দৃশ্য।

স্বাধীনতা তুমি মুখোশ পরা
প্রকাশ্য চোরা কারবার,
স্বাধীনতা তুমি চিবিয়ে খাও
নাগরিকের অধিকার।

স্বাধীনতা তুমি ঝলসে দেওয়া
সবুজ ঘাসের বুক,
স্বাধীনতা তুমি কেড়ে নেওয়া
বাংলার সকল সুখ।

স্বাধীনতা তুমি আমার বোনের
কেড়ে নেওয়া ওড়না,
স্বাধীনতা তুমি মায়ের শরীরের
আজ রক্ত বেচাকেনা।

স্বাধীনতা তুমি রক্তাক্ত প্রান্তরে
আজ শংকিত পতাকা,
আজো তোমাকে ছুঁতে পারিনি
কাগজেই শুধু লেখা।

# শীতের সকাল
## হানিফ রাজা

পাখির ডাকে শীতের সকাল
হিমের পরশ আসে,
শিশির ভেজা দূর্বাঘাসে
সূর্যি মামা হাসে।

কচিকাঁচা বুড়া-বুড়ি
থর থরিয়ে কাঁপে,
গাঁয়ের মানুষ শীতের সময়
উষ্ণ কাঁথায় চাপে।

মিষ্টি রোদে বসে উঠোন
লাগে ভারী মজা,
খেজুরের রস দেয় নামিয়ে
পাশের বাড়ির ফজা।

খড়কুটোতে আগুন দিয়ে
মায়ে বানায় পিঠা,
খেজুর রসে পিঠেপুলি
খেতে দারুণ মিঠা।

সকাল বেলা সবুজ মাঠে
পাখির মেলা বসে,
মন আনন্দে সবাই মিলে
গল্প করে রসে।

# শহীদ জননী
## জিৎ মণ্ডল

মাগো তোমার নয়ন কেন
করছে টলোমল,
আঁচল দিয়ে মুছে ফেলো
তোমার চোখের জল।

তোমার চোখে অশ্রু নয় মা
রাখো অগ্নি জ্বেলে,
বুকের মানিক যুদ্ধে পাঠাও
স্নেহের বাঁধন খুলে।

যুদ্ধে গেলে তোমার ছেলের
শহীদ হওয়ার ভয়?
বীরের বেশে তোমার ছেলেই
যুদ্ধ করবে জয়।

কখনো যদি তোমার ছেলের
জীবন চলে যায়,
মরেও সে অমর রবে
এই সোনার বাংলায়।

# মুক্তি চাই
## আসাদুজ্জামান খান মুকুল

উৎপীড়কের করুণ ধ্বনি
ভাসছে আজকে চতুর্পাশ,
কোথায় গিয়ে স্বস্তি মিলবে
পাচ্ছে না কেউ বাঁচার আশ!

খুন-ধর্ষণ আর রাহাজানি
বেড়ে চলছে নিত্যদিন,
মহাজনের সুদের ভারে
বিবশবুকে দুখের বীণ!

উচ্চশিক্ষায় শিক্ষিতেরা
পায়নি গিয়ে কোথাও কাজ,
বিপদগামী হচ্ছে তারা
জাতির মাথায় পড়ছে বাজ!

দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি
গরীব-দুখীর নেই যে সুখ,
চাষীর পণ্যের পায়নি মূল্য
কষ্টে ঝাঁঝরা-তাদের বুক!

ভেজালপণ্যে বাজার সয়লাব
খাঁটি পণ্য কোথাও নাই,
সব জোচ্চোরার কবল থেকে
আমরা যে আজ মুক্তি চাই!

সুপ্রভাত সিডনি
The Leading Australian Bangladesh Monthly Community Newspaper | সত্যের সাথে সব সময়
Sydney, January-2024
Year-16


# যে হিসাব মেলেনি গহীনে

আহমদ রাজু



আজকের ঘটনাটা একেবারে অপ্রত্যাশিত, যা কোনভাবেই মেনে নিতে পারেনা আনোয়ার। তাইতো ছোট ভাই, বড় ভাবী, এমনকী ভাইপো- ভাইজিদেরও তার ঘরে পাঠিয়েছে একাধিকবার। কেউ কূল কিনারা করতে পারেনি। তবে কী হাওয়া হয়ে গেল বিস্কুটের প্যাকেটটা! চিন্তার ভাঁজ পড়ে কপালে। যদিও তার কপাল একদম চকচকে কিংবা আগে থেকে কোন ভাঁজ ছিল না একথা বলা মোটেও উচিৎ হবে না। তারও সমস্যা আছে। উত্তোরণের পথ বহু বছর ধরে খুঁজে চললেও সমাধান মেলেনি আজো। এখন অবশ্য সেরকম চেষ্টা না করলেও একদম যে করেনা এমনটি নয়। এইতো সেদিনও খোঁজ পেয়ে বড় আশা নিয়ে বাগেরহাটের এক ফকিরের কাছে গিয়েছিল। তার কাছ থেকে তাবিজ এনে গোপনে ঘরের চার কোনায় মাগরিবের আজানের সাথে সাথে এক নিঃশ^াসে পুতে দিয়েছিল। তারপর উৎফুল্ল মন নিয়ে বাজারে যেয়ে পরিচিত দু'চারজনকে চা পর্যন্ত খাইয়েছিল। অথচ রাতে বাড়ির উঠানে পৌঁছাতেই তার কানে ভেসে আসে কোরআন তেলওয়াতের সেই একই সুর! মনটা তার তখনি ভেঙে খান খান হয়ে যায় চৈত্রের মান্দারের বিলের মতো। এবারেও ব্যর্থ তার চেষ্টা। কাছে থাকা ডুপ্লিকেট চাবি দিয়ে ক্লবসিবল গেইট খুলে পাশের ঘরে ঘুমিয়ে থাকা মেয়েকে জাগিয়ে তোলে। দু'জনে রাতের খাবার খেয়ে সেঘরেই ঘুমিয়ে পড়ে অন্যদিনের মতো।

বহু বছর ধরে এমন নিয়ম চলে আসছে। আনোয়ার এখন আর সঠিক দিন তারিখ মনে করতে পারে না। তবে শামসুন্নাহারের বয়স দেড় কী দুই বছর হবে। শ্রাবণের এক বিকেলে শ^শুর বাড়ি রাধানগর থেকে হেঁটে বাড়ি ফিরছিল তারা। আনোয়ারের কোলে ছিল শামসুন্নাহার। বুড়োর বটতলা আসতেই হঠাৎ চারিদিক থেকে কেমন যেন অন্ধকার ধেয়ে আসে। তারপর ঝুমাঝুম বৃষ্টি। তারা বটতলায় আশ্রয় নেয়। বৃষ্টি শেষে বাড়ির দিকে পা বাড়াতেই আনোয়ার অন্য এক হেলেনাকে আবিষ্কার করে। সে এক দৃষ্টিতে উপরে বট গাছের দিকে তাকিয়ে থাকে, কখনও হাসে- কখনও কাঁদে। আনোয়ার বুঝতে পারে সর্বনাশের চূড়ান্ত হতে আর বাকী নেই। এই গাছের দোষ সম্পর্কে অনেকেই জানিয়েছিল। সে-ই কানে তোলেনি। বরাবরই তার এসবে বিশ্বাস ছিল না। সেদিন আর অবিশ্বাস করার সুযোগ তার কাছে না থাকায় তড়িঘড়ি হাত ধরে টেনে হিঁচড়ে হেলেনাকে বাড়ি নিয়ে আসে। বাড়ির বারান্দায় পা রাখতেই সে অজ্ঞান হয়ে পড়ে যায় মাটিতে। বাড়ির লোকজন ধরাধরি করে ঘরে নিয়ে খাটের ওপর শুইয়ে দিতেই সেকি জ্বর। সাত দিন পর জ্বর থেকে সেরে উঠে এক রাতে জায়নামাজ পেতে সেই যে কোরআন তেলওয়াত করা শুরু করলো, যা আজো চলছে।

হেলেনা একটি এনজিওর ক্যাশিয়ার হিসাবে তার দায়িত্ব যথাযথভাবে পালন করলেও ইচ্ছে থাকা সত্ত্বেও স্বামী-সন্তানের প্রতি তার দায়িত্ব সঠিকভাবে পালন করতে পারে না। এ কারণে নীরবে চোখের জল ফেলেছে বহুদিন যা আনোয়ারের অজানা নয়। দিনের বেলা সবকিছু স্বাভাবিক। দেখে মনে হয়, এই বুঝি সে ঠিক হয়ে গেছে। অফিস শেষে আনোয়ার নিজেই মটরসাইকেলে করে তাকে বাড়ি দিয়ে আসে। দু'এক দিন এর ব্যতয় ঘটলেও অধিকাংশ দিনের রুটিন একই। হেলেনার অফিস থেকে পাঁচ মিনিটের হাঁটা রাস্তা পার হয়ে আনোয়ারের কাউন্টার। বাজারের এমাথা- ওমাথা। ঢাকামুখী যাত্রীদের কাছে বাসের টিকিট বিক্রি করে। আগে অবশ্য শুধু একটি পরিবহনের টিকিট বিক্রি করতো। দিন দিন মানুষের চাহিদা মাত্রাতিরিক্ত ছড়িয়ে পড়ায় সব পরিবহন সুপারভাইজারের সাথে সম্পর্ক তৈরি করে। এখন কেউ টিকিট নিতে আসলে তার আর ফেরৎ যাবার সুযোগ নেই। এ কারণে আয়-রোজগার আগের চেয়ে অনেক বেশি। আনোয়ারের সামাজিক অবস্থার পরিবর্তন হয়নি আজও। যেদিন দিনে পঞ্চাশ টাকা আয় হতো সেদিন যেমন এ্যাশ কালারের গোলগলা টি শার্ট আর অপারেশন থ্রিলার মুভির শেষ দৃশ্যের নায়কের মতো প্যান্ট পরে সপ্তাহ পার করে দিত, এখন দিনে হাজার টাকা আয় হলেও সেই একই অবস্থা। গায়ের পোশাকে নখ দিয়ে আঁচড় কেটে কিছু লিখলে দিব্যি লেখা যায়। গ্রীষ্ম-বর্ষা যাই হোক না কেন, প্যান্ট গুছিয়ে হাঁটু অবধি উঠিয়ে রাখা তার বিশিষ্ট স্বভাব। ছোট ভাই মনোয়ার মাদ্রাসার শিক্ষক। ক্লাস শেষে অধিকাংশ সময় কাটায় কাউন্টারে। তার পোষাক-পরিচ্ছদ পরিপাটি, তবে গ্রীষ্মের অধিকাংশ দিন যাত্রীদের ভেতরে খালি গায়ে কাউন্টারে বসে থাকায় মাজা অবধি লোমসহ চামড়া খুলে ফেলা পোল্ট্রি মুরগীর মত দেখায়। দুই ভাইয়ের দুই রকম অভ্যাস নিয়ে অনেকে হাসিঠাট্টা করলেও তাতে খুব বেশি সম্মানে লাগেনা তাদের।

রাতের অন্ধকার নামতেই নিজের ওপর আর নিয়ন্ত্রণ থাকে না হেলেনার। ওজু করে জায়নামাজ পেতে কোরআন তেলওয়াত শুরু করে- শেষ হয় ফজরের আজানের কিছু আগে। স্বামী-সন্তান রাতে খেল কী খেলো না, কে কোথায় ঘুমালো কী ঘুমালো না, নিজে ঘুমাতে পারলো কী না; এসব ব্যাপারে তার কোন মাথাব্যথা নেই। আনোয়ার কিংবা শামসুন্নাহার কিছু বলতে গেলেই এক অপরিচিত কণ্ঠ হেলেনাকে জ্বালাতন না করার জন্যে হুংকার ছাড়ে। যা শুনে ভয়ে বাবা-মেয়ে অন্য ঘরে চলে যায়। ইদানীং এমন হয়েছে যে, ঐ ঘরে রাতে যাওয়া সবার জন্যে নিষেধ। গেলে নাকি বড় ধরণের ক্ষতি হয়ে যাবে। যে ক্ষতি পোষানোর জন্যে কোন সুযোগ থাকবে না।

ফজরের নামাজ পড়ার পর সব আবার আগের মতো। হেলেনা যেন এক আদর্শ স্ত্রী। সে সকালের নাস্তা তৈরি করে স্বামী-সন্তানকে খাইয়ে নিজে খায়। দুপুরের খাবার টেবিলে সাজিয়ে রেখে- নিজের খাবার নিয়ে অফিসে যায়। বছরের পর বছর ঠিকমত ঘুম না হওয়ায় তার চোখের নিচে কালি স্থায়ী বসবাসের বন্দোবস্ত করেছে। শরীর ভেঙে যশোর শহরের ওপর দিয়ে বয়ে যাওয়া বুড়ি ভৈরব নদীর মতো অবস্থা। অফিসে আগের মতো মন না বসলেও নিজেকে ব্যস্ত রাখতে সে চাকুরীটাকে আঁকড়ে রেখেছে। আনোয়ার অবশ্য অনেকবার বলেছে, চাকুরী ছেড়ে দিতে, সে-ই রাজী হয়নি। হয়তো আনোয়ার মন থেকে বলেনি; তবুও বলেছে তো! হাজার হলেও মাস শেষে অনেকগুলো টাকা সংসারে আসে- যা একেবারে কম নয়।

সামনে এসএসসি পরীক্ষা বলে গত চার মাস যাবৎ শামসুন্নাহার মামা বাড়ি থেকে স্কুলে আসা যাওয়া করে। বড় মামা কলেজের লেকচারার। প্রাইভেট শিক্ষক হিসাবে তার নামডাক খুব। মামা তার কাছে পরীক্ষার এই ক'টা দিন পড়তে বললে শামসুন্নাহার আর না বলেনি।

গতকাল সকালে মেয়ে যখন মোবাইলে এক প্যাকেট ম্যাজিকা বিস্কুট কেনার কথা বলে তখন আনোয়ার অবাক হয়ে যায়। যে মেয়েকে জোর করে খাওয়াতে যেয়েও কষ্ট হয়; সে কিনা বলছে বিস্কুটের কথা! সে রাতে বিস্কুট কিনে বাড়ি নিয়ে টেবিলের ওপর রাখে যেন পরদিন সকালে কাউন্টারে যাবার আগে রাধানগর দিয়ে আসা যায়। ক'দিন হলো হেলেনাও সেখানে রয়েছে। আনোয়ার একা বাড়িতে। ছোট ভাইয়ের বাড়ি তিন বেলা খাওয়ার পর্ব চলে বলে আর আলাদা করে রান্নাবান্না নিয়ে চিন্তা করে না সে।

আজ সকালে ঘুম থেকে উঠে রাধানগর যাবার সময় দেখে বিস্কুটের প্যাকেটটা নেই। কোথাও নেই তো নেই। টেবিলের ওপর রেখেছিল যা শতভাগ নিশ্চিত। সকলে মিলে ঘরের সমস্ত জিনিসপত্র উলটপালট করে না পেয়ে শেষ পর্যন্ত বাজারে যেয়ে আর এক প্যাকেট বিস্কুট কিনে মটর সাইকেলের হ্যান্ডেলে পলিথিনটা ঝুলাতেই মোবাইল বেঁজে ওঠে। সে প্যান্টের পকেট থেকে মোবাইল বের করে দেখে শামসুন্নাহারের ফোন। রিসিভ করতেই ওপাশ থেকে ভেসে আসে, 'ধন্যবাদ তোমাকে আব্বু।'

'কেন! হঠাৎ ধন্যবাদের কী হলো?' উদ্বেগজনক প্রশ্ন আনোয়ারের।

'কেন বুঝলে না? সুন্দর বিস্কুট দিয়ে যাবার জন্যে।'

আনোয়ার তো হতবাক। কী বলে মেয়েটা! বলল, 'আমি বিস্কুট দিয়ে এসেছি?'

'নয়তো কী। বড় মামী বলল, ভোরে এসে তুমি তার হাতে দিয়ে গেছো।'

'আমি দিয়ে গেছি!'

'মামীতো তাই বলল। তোমার নাকি ভীষণ কাজ? আমাদের সাথে দেখা না করেই চলে গেলে!'

আনোয়ার কী বলবে বুঝতে পারে না। সে তো যায়নি। নাকি গিয়েছিল? এক মহা মৌন দ্বিধাদ্বন্দ্বে তার মাথার ভেতরটা চক্কর দিয়ে ওঠে। হঠাৎ হাতের মোবাইলটা মাটিতে পড়ে যেয়ে খুলে কয়েক টুকরো হয়ে যায়। এমনিতেই মোবাইলটা যেন পিরামিড যুগের সাক্ষর বহণ করে চলেছে। তার ওপর মাঝ বরাবর মানি গার্ডারের কয়েকটি প্যাচ দিয়ে রাখা! টুকরোগুলো তুলতে যেয়ে মাটির স্পর্শে অনুভব করে এক অন্যরকম অনুভূতি। যেখানে কিছু আছে অথচ কিছুই নেই।

## অলীক যাপন

হাফিজুর রহমান

যে সকল কারণে পাগলের মতো ছুটাছুটি
যা পাওয়ার প্রবল আকাঙ্ক্ষা থাকে সবসময়
সুখের ভেবে নেয়া লোভনীয় যে কোন কিছুই
যদি অশান্তির বড়ো- কারণেই হয়ে থাকে,
তবে সেই অলীক স্বপ্নের পিছনে ছুটে কী লাভ;
স্বভাবের শরীরে কলঙ্কের কাদা মালিশ করতে?

বাস্তবতাকে প্রতিনিয়ত খুন করা খুনী মানুষেরা
মোহের সাথে বন্ধুত্ব রেখে- বাড়াচ্ছে অপরাধ।
অর্থ-সম্পদ বৃদ্ধির বিষয়টি কখনও সুখের নয়,
সততার সাথে সঠিক পথে ব্যয় করাটাই সুখের;
এ রকমের না হলে সম্পদশালীগণকে কখনই
অসুখে- অসুস্থ হয়ে শয্যাশায়ী হতে-হতো না।

## সমাজের ভণ্ড

আনজানা ডালিয়া

সমাজের স্তরে স্তরে ভালোর সাথে মিশে আছে কিছু নীচ ভণ্ড
নীচতার শেষ সীমায় পৌঁছে করে নানান কান্ড,
এসব কীটপতঙ্গের জন্য ঘৃণা কানায় কানায়
জানি হিংস্র পশুর কাতারেই তাদের মানায়।
তবু তারা মানুষের চেহারায় ঘুরে বেড়ায়
মেকি সাজে নাটকের মঞ্চে সাধু সেজে দাঁড়ায়,
মানুষের পাশে সুন্দর বুলিতে, রঙীন চশমায় লাগায় চোখে ঘোর
তাদের কাছে বিবেকনীতি, সততার বাণী অবান্তর।


## স্বপ্নের বাংলা আমার

এইচ এম হাসান মাহমুদ

অশান্ত বুকের ভেতর বেজে যায় ডামাডোল
বুকের ঢিপঢিপটুকু পুষে রেখেছি সেই সোনার বাংলা,
দেখবো যা আমার বঙ্গবন্ধুর স্বপ্নবোনা।

বাংলা মায়ের মুখের প্রসন্নতা ফিরিয়ে আনতে
না পারার যন্ত্রণা কি দুঃসহ!
আসে সকাল কিন্তু নেই সেই কিরণ
আসে সন্ধ্যে নেই সেই বাতি।

আমি ঘাসের কাছে নত হয়েছি
সূর্যের নীচে দাঁড়িয়েছি!
আমের বোলের বাতাসে ভরেছি ফুসফুস।
মনের গভীরে অঙ্কুর ভালোবাসার বীজ সংক্রামিত
হোক প্রতিটা অন্তরে অন্তরে।


HOW CAN I HELP?
السلطان
AL-SULTAN
BUTCHERY
Halal
حلال
HOW CAN I HELP?
HOW CAN I HELP?
130 Haldon Street, Lakemba NSW 2195
Ph: (02) 9750 4290
Fresh meat daily (Lamb, Beef, Goat)
Fresh chicken Daily
Fish & seafood
Frozen vegetables
Free delivery
Competitive prices
We don't have any other branches
Suprovat Sydney
Copy Right Protected
Haitham Morabi
Manager
0402 016 210
Mahmoud
0416 874 859
Supplier of Finest Quality Meat

# সুপ্রভাত সিডনি

The Leading Australian Bangladesh Monthly Community Newspaper
সত্যের সাথে সব সময়
Suprovat Sydney

Suprovat Sydney, January-2024, Volume-16, No-01 ISSN 2202-4573 www.suprovatsydney.com.au


# র' ও ডিজিএফআইর পাতানো ফাঁদ ৭ই জানুয়ারি

এম, এ ইউসুফ শামীম (সুপ্রভাত সিডনি)




ভারতীয় গোয়েন্দা সংস্থা (র) এবং বাংলাদেশ সেনাবাহিনীর গোয়েন্দা সংস্থা ডিজিএফআই এর সম্মিলিত গোপন সিদ্ধান্ত আওয়ামীলীগ সরকার বাস্তবায়ন করতে যাচ্ছে আগামী ৭ই জানুয়ারি ২০২৪। বাংলাদেশের সংবিধানকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে আবারো একতরফা পাতানো নির্বাচনে নেমেছে বর্তমান ফ্যাসিস্ট আওয়ামী সরকার। বিগত দিনে আমাদের দেশে ২০১৪ এবং ২০১৮ সালে রাতের আঁধারে নির্বাচন করে সমগ্র দুনিয়ায় হাসির পাত্র হয়েছে এ স্বৈরাচারী আওয়ামী সরকার। ভারতীয় সরকার নিকটস্থ দেশগুলো শোষণ করার নীল নকশার একটি অংশ হিসেবে ভারতের গোয়েন্দা ও বাংলাদেশ সরকারের সেনাবাহিনীর বিপথগামী গোয়েন্দারা মিলে দেশ ধ্বংসের এক মহা উৎসবে নেমেছে।

আওয়ামীলীগের মনোনীত প্রার্থীরা আবারো সন্ত্রাসী কায়দায় ভোট কেন্দ্র দখল এবং আওয়ামী অসৎ পুলিশদেরকে দিয়ে ব্যালট পেপারে সিল মারার এক গোপন তথ্য ফাঁস হয়েছে। ৭ই জানুয়ারীর পাতানো নির্বাচনে কে কতো ভোট পাবে, কোন এলাকায় কত ভোটের ব্যবধান দেখানো হবে, সব ছক করে দেয়া হয়েছে। ভোটকেন্দ্রে একজন ভোটার না গেলেও ভোট সুন্দর ও সুষ্ঠু দেখানোর সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। বিদেশী প্রভাবশালী মিডিয়াগুলোর সামনে কোথায় কোথায় নাটক দেখানো হবে, তার জন্য স্পেশাল টিম ও বাজেট করা হয়েছে। অর্থাৎ কোন কোন কেন্দ্রে বিদেশী ভোটারদেরকে ঢুকতে দেয়া হবে এবং ওই সমস্ত কেন্দ্রে নাটক কারা মঞ্চস্থ করবে, সব মাস্টার প্ল্যান তৈয়ার করেছে উপরে উল্লেখিত দুই গোয়েন্দা সংস্থা।

অস্ট্রেলিয়ায় অবস্থিত বাংলাদেশ রাষ্ট্রদূত আওমীলীগের ভুয়া এ পাতানো খেলায় অংশ নেয়ার জন্য অস্ট্রেলিয়ার বিভিন্ন জায়গায় আওয়ামী লীগ , ছাত্রলীগদের সাথে সাক্ষাৎ করেন। সাবেক আওয়ামীলীগ নেতা বর্তমান বাংলাদেশ রাষ্ট্রদূত সমস্ত ডেকোরামকে পায়ে ঠেলে সিডনির ল্যাকেম্বায় প্রকাশ্যে বসে কোন একটি রেস্তোরাঁয় এ সভা করেন। আগামী ৭ই জানুয়ারি ২০২৪ এর পাতানো অবৈধ নির্বাচনকে সহযোগিতা করার জন্য তিনি উৎসাহিত করেন বলে জানা গেছে।

আওয়ামীলীগের মনোনীত সন্ত্রাসী প্রাথীরা হুমকি দিচ্ছেন তাদের নির্বাচনী এলাকায়। ভয়ভীতি প্রদর্শন করছেন দেশের বিভিন্ন জায়গায় যা নাকি তাদের উলঙ্গ ও সন্ত্রাসী রূপের বহিঃপ্রকাশ। কয়েকটি উদাহরণ দিলেই পরিষ্কার হবে। যেমন, লালমনিরহাটে বীর মুক্তিযোদ্ধা গোলাম মর্তুজা হানিফের ঘাড় মটকে ফেলার হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে সমাজকল্যাণ মন্ত্রী নুরুজ্জামান আহমেদের বিরুদ্ধে।

নৌকার বিপক্ষে যারা নির্বাচনে অংশগ্রহণ করছে তাদের ৭ তারিখের পর পা ভেঙে দেওয়ার হুমকি দিলেন পঞ্চগড়-১ আসনের আওয়ামী লীগের দলীয় প্রার্থী ও জেলা আওয়ামী লীগের সহসভাপতি নাঈমুজ্জামান ভূঁইয়া মুক্তার অনুসারী ও সমর্থক ইউনিয়ন পরিষদ (ইউপি) চেয়ারম্যান নুরুজ্জামান নুরু।

*২২-এর পৃষ্ঠায় দেখুন*